শৈলের পইঠায় দাঁড়ায়ে আজি হায় প্রাণ উধাও ধায় প্রিয়ার পাশ, মূর্ছার মন্তর ভরিছে চরাচর, ছায় নিখিল কার আকুল খাস। ভরপুর অশুর বেদনা-ভারাতুর মৌন কোন হুর বাজায় মন, বক্ষের পঞ্জর কাঁপিছে কলেবর, চক্ষে তুঃথের নীলাঞ্জন। রাত্রির উংসব জাগালে দিবসেই, নাই তো তন্দ্রায় ভূবন ছায়, রাত্রির গুণ সব দিনেরে দিলে দান, তাই তো বিচ্ছেদ দিগুণ, হায়; ইন্দ্রের দক্ষিণ বাহু সে তুমি দেব! পূজা! লও মোর পূজার ফুল, পুক্ষর বংশের চূড়া যে তুমি মেঘ! বন্ধু! দৈবের ঘুচাও ভূল!

নিষ্ঠুর যক্ষেশ, নাহিক ক্নপা-লেশ, রাজ্যে আর তাঁর বিচার নেই, আজ্ঞার লঙ্ঘন করিল একে, আর শান্তি ভুঞ্জান ছুজনকেই! হায় মোর কান্তার না ছিল অপরাধ, মিথ্যা সয় সেই কতই ক্লেশ, ছুর্ভুর বিচ্ছেদ অবলা বুকে বয়, পাংশু কুন্তুল, মলিন বেশ।

বরুর মৃথ চাও, দথা হে দেথা যাও, তুঃখ ত্ত্তর তরাও ভাই, কল্যাণ-সংবাদ কহিয়ো কানে তার, হায়, বিলম্বের সময় নাই; বুস্তের বন্ধন আশাতে বাঁচে মন, হায় গো, বল তার কতই আর ? বিচ্ছেদ-গ্রীম্মের তাপেতে সে শুকায়, যাও হে দাও তায় সলিল-ধার।

নির্মল হোক পথ,—শুভ ও নিরাপদ, দূর-স্থর্হ্যম নিকট হোক, হ্রদ, নদ, নিঝর, নগরী মনোহর, সৌধ স্থন্দর জুড়াক চোথ; চঞ্চল-পঞ্জন-নয়না নারীগণ বর্ধা-মঙ্গল করুক গান, বর্ধার সৌরভ, বলাকা-কলরব, নিত্য উৎসব ভরুক প্রাণ!

পুশের তৃষ্ণার করহে অবসান, হোক বিনিঃশেষ যূথীর ক্লেশ, বর্ষায়, হায়, মেঘ! প্রবাসে নাই স্থ্য,—হায় গো নাই, নাই স্থথের লেশ যাও ভাই একবার মূছাতে আঁখি তার, প্রাণ বাঁচাও, মেঘ! সদয় হও, "বিত্বং-বিচ্ছেদ জীবনে না ঘটুক", বন্ধু! বন্ধুর আশিস লও।

হুকুমার রায়চৌধুরী

(2664-1250)

২৪. শব্দকল্পক্রয়

ठीय ठाय क्रम खाम, खत्न नारा थंढेका,--ফুল ফোটে ? ভাই বল! আমি ভাবি পটকা! শাঁই শাঁই বন বন, ভয়ে কান বন্ধ-ওই বুঝি ছুটে যায় দে-ফুলের গন্ধ ? হুড়মুড় ধুপধাপ—ও কি শুনি ভাই রে ! দেখছ না হিম পড়ে—যেও নাকো বাইরে। চুপ চুপ ঐ শোন, ঝুপ ঝাপ ঝপা—স। চাঁদ বুঝি ডুবে গেল ?—গব গব গবা —স। খাাশ খাাঁশ ঘাাঁচ খাাঁচ, রাত কাটে ঐ রে। তুড় দাড় চুরমার—ঘুম ভাঙে কই রে। ঘর্ষর ভন্ ভন্ ঘোরে কত চিন্তা। কত মন নাচে শোন—ধেই ধেই ধিনতা ঠুং ঠাং ঢংঢং, কত ব্যথা বাজে রে কট্ ফট্ বুক ফাটে তাই মাঝে মাঝে রে ! হৈ হৈ মার মার, 'বাপ বাপ' চীৎকার— মালকোঁচা মারে বুঝি ? স'রে পড় এইবার !

২৫. রামগরুড়ের ছানা

রামগরুড়ের ছানা

হাদতে তাদের মানা

হাসির কথা শুনলে বলে,

"হাসব না না, না না !"

সদাই মরে ত্রাসে—

ঐ বুঝি কেউ হাসে!

এক চোখে তাই মিটমিটিয়ে তাকায় আশে পাশে। ঘুষ নাহি তার চোখে

আপনি ব'কে ব'কে

আপনারে কয় "হাসিস যদি মারব কিন্তু তোকে।"

যায় না বনের কাছে,

কিংবা গাছে গাছে,

দখিন হাওয়ার স্বড়স্কড়িতে হাসিয়ে ফেলে পাছে !

সোয়ান্তি নেই মনে--

মেঘের কোণে কোণে

হাসির বাষ্প উঠছে কেঁপে কান পেতে তাই শোনে!

ঝোপের ধারে ধারে

রাতের অন্ধকারে

জোনাক জলে আলোর তালে হাসির ঠারে ঠারে।

হাসতে হাসতে যারা

হচ্ছে কেবল সারা

রামগরুড়ের লাগছে ব্যথা বুঝছে না কি তারা ?

রামগরুডের বাসা

ধমক দিয়ে ঠাসা

হাসির হাওয়া বন্ধ সেথায় নিষেধ সেথায় হাসা।

২৬. হলোর গান

বিদঘুটে বাত্তিবে ঘুটঘুটে ফাঁকা,
গাছপালা মিশমিশে মথমলে ঢাকা,
জট বাঁধা ঝুল-কালো বটগাছ তলে,
ধক ধক জোনাকির চকমকি জলে,
চুপচাপ চারদিকে ঝোপঝাড়গুলো—
আয় ভাই গান গাই আয় ভাই হলো

গীত গাই কানে কানে চীংকার ক'রে, কোন গানে মন ভেজে শোন বলি ভোরে— পুবদিকে মাঝ রাতে ছোপ দিয়ে রাঙা রাতকানা চাঁদ ওঠে আধথানা ভাঙা। চট ক'রে মনে পড়ে মটকার কাছে মালপোয়া আধর্থানা কাল থেকে আছে। তুড়তুড় ছুটে যাই দুর থেকে দেখি প্রাণপণে ঠোঁট চাটে কানকাটা নেকী! গালফোলা মুখে তার মালপোয়া ঠাসা ধুক ক'রে নিভে গেল বুক ভরা আশা। মন বলে আর কেন সংসারে থাকি বিলকুল সব দেখি ভেন্ধির ফাঁকি। সব যেন বিচ্ছিরি সব যেন খালি, शिन्नित मूथ (यन हिमनित कानि। মন ভাঙা হুখ মোর কণ্ঠেতে পুরে গান গাই আয় ভাই প্রাণফাটা স্বরে।

২৭.

শুনেছ কি ব'লে গেল সীতানাথ বন্দ্যো ? আকাশের গায়ে নাকি টক-টক গন্ধ ? টক-টক থাকে নাকো হ'লে পরে বৃষ্টি— তথন দেখেছি চেটে একেবারে মিষ্টি।

২৮. আবোলভাবোল

মেঘ-মূলুকে ঝাপসা রাতে, রামধহকের আবছায়াতে, তাল বেতালে খেয়াল স্থরে তান ধরেছি কণ্ঠ পুরে। হেথায় নিষেধ নাইরে দাদা नाष्ट्रेद वीधन नाष्ट्रेद वाधा। হেথায় রঙিন আকাশ তলে স্বপন দোলা হাওয়ায় দোলে, স্থরের নেশায় ঝরনা ছোটে, আকাশকুস্থম আপনি ফোটে, রঙিয়ে আকাশ রঙিয়ে মন চমক জাগে কণে কণ। আজকে দাদা যাবার আগে বলব যা মোর চিত্তে লাগে— নাইবা তাহার অর্থ হোক নাইবা বুঝুক বেবাক লোক। আপনাকে আজ আপন হ'তে ভাশিয়ে দিলাম খেয়াল স্রোতে ছুটলে কথা থামায় কে ? আজকে ঠেকায় আমায় কে ? আজকে আমার মনের মাঝে গাঁই ধপাধপ তবলা বাজে— রাম-থটাথট খ্যাচাং খ্যাচ কথায় কাটে কথার পাঁচ। আলোয় ঢাকা অন্ধকার ঘণ্টা বাজে গন্ধে তার।

হৃক্মার রায়চৌধুরী

গোপন প্রাণে স্বপন দৃত,
মঞ্চে নাচেন পঞ্চ ভৃত।
হ্যাংলা হাতি চ্যাং দোলা,
শৃত্যে তাদের ঠ্যাং তোলা।
মক্ষিরানী পক্ষীরাজ—
দিস্তি ছেলে লক্ষী আজ।
আদিম কালের চাঁদিম হিম
তোড়ার বাঁধা ঘোড়ার ডিম।
ঘনিয়ে এলো খুমের ঘোর
গানের পালা সান্ধ মোর।

গতীন্দ্ৰনাথ সেনগুপ্ত

(3065-1268)

২৯. তুখবাদী

তারই 'পরে তব কোপ গো বন্ধু, তারই পরে তব কোপ, বেজন কিছুতে গিলিতে চায় না এই প্রকৃতির টোপ। স্থনীল আকাশ, শ্বিশ্ব বাতাস, বিমল নদীর জল, গাছে গাছে ফুল, ফুলে ফুলে অলি, স্থন্দর ধরাতল! ছবি ও ছন্দে তোমারি দালালি করিছে স্বভাব কবি, সমস্থন্দর দেখে তারা গিরি সিন্ধু সাহারা গোবি। তেলে সিন্দূরে এ সৌন্দর্যে 'ভবি' ভূলিবার নয়; স্থা-ভূদ্যুভি ছাপারে বন্ধু উঠে তৃঃথেরি জয়।

অতল হঃখ-সিকু,

হান্ধা স্থপের তরক তাহে নাচিয়া ভাঙিছে ইন্দু।
তাই দেখে যারা হয় মাতোয়ারা তীরে ব'দে গাহে গান
হায় গো বন্ধু তোমার সভায় তাহাদেরি বহু মান।
দিগস্কপারে তরক্ষ-আড়ে যারা হাব্ডুব্ খায়,
তাদের বেদনা ঢাকে কি বন্ধু, তরক্ষ-স্থমায় ?

বজে যে-জনা মরে,

নবঘন-শ্রাম-শোভার তারিফ সে-বংশে কেবা করে ? ঝড়ে ধার কুঁড়ে উড়ে—

মলয়-ভক্ত হয় যদি, বল কী বলিব সেই মৃঢ়ে।
ফাল্পনে হেরি নব কিশলয় যারা আনন্দে ভাসে,
শীতে শীতে ঝরা জীর্ণ-পাতার কাহিনী না মনে আসে,
ফল দেখে যার নাহি কাঁদে প্রাণ ঝরা ফুলদল লাগি,
তারা সভাকবি, আমরা বন্ধু, ত্ববাদী বৈরাগী!

এই বিশ্বের ব্যবসার লাভ বন্ধু তুমি তো জানো, একা ব'সে যবে রাতের খাতায় হৃংথের জের টানো। জমাথরচের কৈফ্যৎ কেটে বাকি যে ফাজিল কত, বাহিরে বিজ্ঞাপনে যাই বল,—অন্তরে ব্রেছি তো!

সহসা জালাবে কোন সন্ধ্যায় প্রলয়ের লাল বাতি !
স্থে মোড়া তুখে ভরা কত বড় রচিয়াছ কৌশল,
এ ব্রহ্মাণ্ড ঝুলে প্রকাণ্ড রঙিন মাকাল ফল।
সৌন্দর্যের পূজারী হইয়া জীবন কাটায় যারা,
সভারে শাঁস কালো ব'লে থাসা রাঙা থোসা চোষে ভারা।

বজায় থাকিতে খ্যাতি.—

বাহিরের এই প্রকৃতির কাছে মান্ত্র শিথিবে কিবা ?
মায়াবিনী নরে বিপথষাত্রী করিছে রাত্রি দিবা।
চটক বা চথা কি জানে প্রেমের ? বকে কি শিথাবে ধর্ম ?
সহজ-স্বাধীন হিংশ্র শ্বাপদ ব্ঝাবে জীবন-মর্ম !
অরণ্য তক্ত জপিছে অন্ধ ঠেলাঠেলি অবিরাম,
কুস্থম অলির অবাধ প্রণয়, উভয়ত কি আরাম !
বক্ত লুকায়ে রাঙা মেঘ হাদে পশ্চিমে আনমনা—
রাঙা সন্ধ্যার বারান্দা ধ'রে রঙিন বারান্ধনা !
থাতে-থাদকে বাতে-বাদকে প্রকৃতির এশ্বর্ম,
বড়-শুতু ছলে বড় রিপু থেলে কাম হ'তে মাংস্ব্

যতী ক্ৰাপ সেন্ভ গু

ছলে বলে কলে তুর্বলে হেথা প্রবল অত্যাচার; এ ষদি বন্ধু হয় তব ছায়া, কায়া ত চমৎকার!

শ্বনহ মাহ্ব ভাই!
সবার উপরে মাহ্ব শ্রেষ্ঠ, শ্রন্থী আছে বা নাই।
বিদিও তোমারে ঘেরিয়া রয়েছে মৃত্যুর মহারাত্তি,
স্পষ্টির মাঝে তুমিই স্পষ্টিছাড়া ত্থ-পথ-যাত্ত্রী।
তোমাদেরি মাঝে আসে মাঝে মাঝে রাজার হলাল ছেলে,
পরের হুংথে কেঁলে কেঁলে যায় শত স্থ্য পায়ে ঠেলে।
কবি-আরাধ্য প্রকৃতির মাঝে কোথা আছে এর জুড়ি?
অবিচারে মেঘ ঢালে জল, তাও সমৃদ্র হ'তে চুরি!
স্পষ্টির স্থথে মহাথুসি যারা, তারা নর নহে, জড়;
যারা চিরদিন কেঁদে কাটাইল তারাই শ্রেষ্ঠতর।
মিথ্যা প্রকৃতি, মিছে আনন্দ, মিথ্যা রঙিন স্থ্য;
সত্য সত্য সহস্র গুণ সত্য জীবের স্থ্য!
সত্য হথের আগুনে, বন্ধু, পরান যথন জলে,
তোমার হাতের স্থ্য-ত্থ-দান ফিরায়ে দিলেও চলে।

৩০. দেশোদ্ধার

বার বার তিনবার,—
এবার ব্ঝেছি চাষা ছাড়া কভু হবে না দেশোদ্ধার !
শোন রে শ্রমিক শোন ভাই চাষা,
আমাদের বুকে যত ভালবাসা
ঢালিব বিলাব ভোদের হুয়ারে অকাতরে অনিবার।

তোদের তৃঃথে হায়— পাষাণ হ'লেও চক্ষের জলে বক্ষ ভাসিয়া যায়। ক'রো নাকো ভাই হীন আশঙ্কা, এবার নয়নে ঘষিনি লঙ্কা ; সত্য সত্য ত্রিসত্য করি হৃদয় তোদেরই চায়।

তরে চির পরাধীন !
তোরা না জানিস, মোরা জানি তোর কী কঁষ্টে কাটে দিন।
নানা পুঁথি প'ড়ে পেয়েছি প্রমাণ
তোরাই দেশের তেরো জানা প্রাণ :
বংসরে হায় বিশ টাকা জায়, তবু তোরা ভাষাহীন!

তোরাই যে ভাই দেশ ;—
তোদের দৈক্ত-জক্ত মায়ের কন্ধাল জ্বলেষ।
মহার্ঘ হ'লে বেগুন পালং
যদিও ভিতরে চ'টে ছই টং,
তবু তোর সেবা দেশেরই যে সেবা মনে-মনে বৃঝি বেশ।

পরে নাবালক চাষা !

আমরা তোদের ভাঙাব নিদ্রা, মৃক মৃথে দিব ভাষা ।

শ্রমিক চাষার ত্বংথে ফর্দ

রচিতে ছুটিব লিলুয়া থড়্দ ।

গড়িয়া আইন ভাঙি বে-আইন জাগাইব নব আশা !

তরে ওঠ ওঠ জেগে ;—
তরণ অরুণ আলোকে জানা ও অজানা ব্যথায় লেগে !
সবলে স্কন্ধে তুলে নিয়ে হল,
পাঁচনে খেদায় বলদের দল ;
প্রভাতের মাঠে কলকোলাহলে দল বেঁধে চল বেগে।

জুড়ে দে লাঙল ক'ষে ; ফালের আগায় ষত উঁচু নিচু সমভূম কর চ'ষে। মাথা উঁচু ক'রে আছে ঢ্যালাগুলো, মইয়ের চাপনে ক'রে দে রে ধুলো ; কাঁটার বংশ কর রে ধ্বংস জোয়ে জোয়ে বিদে ঘ'ষে।

ফদল হবেই হবে !
আকাশ হইতে না নামে বৃষ্টি, পাতাল ফুঁড়িবি তবে।
আপনার হাতে বুনেছিদ যাকে,
টেনে তুলে বলে ক্র'য়ে দিবি পাঁকে;
বাজিবে মাদল ঝরিবে বাদল বর্ধার উৎসবে।

সেই ত্র্যোগ-উৎসব যবে ঘনাইবে চারিধার,
মেঘে বাড়ে জলে বজ্রে বাদলে রচিয়া অন্ধকার ;—

স'রে পড়ি যদি ক্ষমা কোরো, দাদা,

থাটি চাষা ছাড়া কে মাথিবে কাদা ?
মনে কোরো ভাই মোরা চাষা নই ;—চাষার ব্যারিদ্যার !

মোহিতলাল মজুমদার

(>>6-4446)

৩১. পাস্থ

[দার্শনিক সন্ন্যাসী Schopenhauer-এর উদ্দেশে]
(অংশ)

>2

বে-স্বপ্ন হরণ তুমি করিবারে চাও, স্বপ্নহর !
তারি মায়া-মুগ্ধ আমি, দেহে মোর আকণ্ঠ পিপাদা !
মৃত্যুর মোহন-মন্ত্রে জীবনের প্রতিটি প্রহর
জপিছে আমার কানে সকরুণ মিনতির ভাষা !

নিক্ষল কামনা মোরে করিয়াছে কল্প-নিশাচর!
চক্ষু বৃদ্ধি অদৃষ্টের সাথে আমি থেলিতেছি পাশা—
হেরে ষাই বার-বার, প্রাণে মোর জাগে তবু হুরস্ত হুরাশা!

70

স্করী সে-প্রকৃতিরে জানি আমি—মিথ্যা-সনাতনী!
সত্যেরে চাহি না তব্, স্কুলরের করি আরাধনা—
কটাক্ষ-ঈক্ষণ তার—হদয়ের বিশল্যকরণী!
স্বপনের মণিহারে হেরি তার সীমন্ত-রচনা!
নিপুণা নটিনী নাচে, অক্ষে-অক্ষে অপূর্ব লাবণি!
স্বর্ণপাত্রে স্থধারস, না সে বিষ ?—কে করে শোচনা!
পান করি স্থনিভঁয়ে, মৃচকিয়া হাসে যবে ললিত-লোচনা!

18

জানিতে চাহি না আমি কামনার শেষ কোথা আছে,
ব্যথায় বিবশ, তবু হোম করি জালি কামানল !—
এ দেহ ইন্ধন তায়—দেই স্থণ !—নেত্রে মোর নাচে
উলঙ্গিনী ছিন্নমস্তা !—পাত্রে ঢালি লোহিত গরল !
মৃত্যু ভৃত্যরূপে আসি ভয়ে-ভয়ে পরসাদ যাচে !
মৃত্তের মধু লুটি—ছিন্ন করি হৃদ্পদ্ম-দল !
যামিনীর ডাকিনীরা তাই হেরি এক সাথে হাসে থল-খল !

20

চিনি বটে যৌবনের পুরোহিত প্রেম-দেবতারে,— নারীরূপা প্রকৃতিরে ভালোবেদে বক্ষে লই টানি, অনস্ত রহস্তময়ী স্বপ্ন-স্থা চির-অচেনারে মনে হয় চিনি যেন—এ বিশ্বের সেই ঠাকুরানী! নেত্র তার মৃত্যু-নীল !—অধরের হাদির বিধারে বিশ্বরণী রশ্মিরাগ ! কটিতলে জন্ম-রাজধানী। উরসের অগ্নিগিরি স্ষ্টির উত্তাপ-উৎস !—জানি, তাহা জানি।

১৬

এ ভব-ভবনে আমি অতিথি যে তাহারি উৎসবে !—
জন্ম-মৃত্যু — তুই দারে দাঁড়াইয়া সে করে বন্দনা !
অশ্রুজলে স্নানোদক ঢালি দেয় স্নেহের সৌরভে,
মৃক্ত করি কেশপাশ, পাদপীঠ করে সে মার্জনা !
নিগুড়িয়া মর্ম-মধু ওঠে ধরে অতুল গৌরবে !
পরশে চন্দন-রদ ! মালাখানি ত্ব'ভুজে রচনা !
আমারে তুষিবে বলি প্রিয়া মোর ধূলি বৈরে দেয় আলিপনা !

39

তবু দে মোহিনী ! আহা, তাই বটে !—হে জ্ঞানী বৈরাগী, এ-জ্ঞান কোথায় পেলে ?—মর্মে-মর্মে তুমি মহাকবি ! কদ্ধপ্রাণে কুপিতা সে প্রকৃতির অভিশাপভাগী— কল্পনার নিশিযোগে আধারিলে মনের অটবী ! অভভেদী চিত্ত-চূড়া মৃত্তিকার পরশ তেয়াগি' উঠিয়াছে মেঘলোকে !—সেথা নাই নিশান্তের রবি !— বিহ্যাৎ-গর্জন-গানে নিত্য সেথা নৃত্য করে ভাবনা-ভৈরবী !

: 6

কহ মোরে, জাতিশ্বর ! কবে তুমি করেছিলে পান ধরণীর মৃৎপাত্রে রমণীর হৃদয়ের রস ? পূর্বজন্ম-বিভীষিকা ?—তারি ভার প্রেতের দমান বক্ষে চাপি শ্বতি-বিষে করিল কি বাদনা বিবশ ? ব্যথার চাতৃরী শুধু ?—মাধুরীতে ভরে নাই প্রাণ ?
মধু-রাতে মাধবীটি তুলে নিতে হ'ল না সাহস !
ওঠে হাসি, নেত্রে জল—বুঝিলে না অপরূপ জালার হরষ !

29

জীবনের ত্ঃখ-স্থপ বার-বার ভুঞ্চিতে বাসনা—
অমৃত করে না লুব্ধ, মরণেরে বাসি আমি ভালো!
যাতনার হাহারবে গাই গান,—তৃষার্ত রসনা
বলে, 'বরু! উগ্র ওই সোমরস ঢালো, আর ঢালো!'
তাই আমি রমণীর ছায়া-ব্ধপ করি উপাসনা—
এই চোথে আর বার না নিবিতে গোধ্লির আলো,
আমারি নৃতন দেহে, ওগো স্থি, জীবনের দীপ্থানি জালো!

আর যদি নাই ফিরি -- এ গুয়ারে না দিই চরণ ?

অশ্রু আর হাসি মোর রেথে যাবো তোমার ভবনে,
এই শোক এই স্থুখ নব-দেহে করিয়া বরণ,
মন সে অমর হবে বেদনার নৃতন বপনে !
প্রোধর-স্থা দানে ক্ষ্ধা তার করি নিবারণ,
জীয়াইয়া তুলি তারে পিপাসার জীবস্থ যৌবনে,
আবার জালায়ে দিও বিষম বাসনা-বহ্নি বৈশাখী চুম্বনে!

2 5

অস্তহীন পন্থচারী, দেহরথে করি আনাগোনা !— জীবন-জাহ্নবী বহে নিরবধি শ্মশানের কূলে, নিত্যকাল কুলু-কুলু কলধ্বনি যায় তার শোনা, কভু রৌদ্র, কভু জ্যোৎস্না, কভু ঢাকা তিমির-তুকুলে !

त्भाहि छ ना न य सूत्र ना त

জলে দীপ, দোলে ছায়া, উর্মিগুলি নাহি ষায় গোনা, ভেসে যাই তটতলে—এই দেখি, এই যাই ভূলে! স্তব্ধরাতে তারার পানে চেয়ে আঁথি মোর ঘুমে আসে চুলে!

22

কোথা হ'তে আদি, কিবা কোথা যাই—কী কাজ স্মরণে ?
চলিয়াছি—এই স্থ্য!—সঙ্গে চলে ওই গ্রহতারা!
তয়, পাছে থেমে যাই গতিহীন অবশ চরণে,
দিকচক্র-অন্তরালে হয়ে যাই উদয়ান্ত-হারা!—
আমারে হারাই যদি!—যদি মরি স্কচির-মরণে!
ব্যথা আর নাহি পাই—শেষ হয় নয়নের ধারা!
বলো, বলো, হে সয়্ল্যানী! এ চেতনা চিরতরে হবে না তো হারা?

50

এ পিপাসা স্থমধুর—বলো তুমি, বলো, স্বপ্নহর !—
ঘুচিবে না ?—মরণের শেষ নাই, বলো আরবার।
তুমি ঋষি মন্ত্রদ্রা !—বলিয়াছ, এ দেহ অমর !—
ফ্ষিম্লে আছে কাম, সেই কাম হর্জয় হ্বার !
ঘুপবন্ধ পশু আমি ?—ভরিতেছি মৃত্যুর থর্পর
তপ্ত শোণিতের ধারে ?—না, না, সে যে মধু-র উৎসার !
ঘুই হাতে শৃত্য করি পূর্ণ সেই মধুচক্র প্রতি পূর্ণিমার !

₹8

তোমারে বেসেছি ভালো—কেন জানি, ছে বীর মনীষী, ব্যথায় বিমুথ তুমি, তবু তারে করেছ উদার! করুণার সন্ধ্যাতারা!—মন্ত্রে তব স্থশীতল নিশি তাপশেষে মিটাইয়া দেয় বাদ গরল-স্থধার! স্বপ্ন আরো গাঢ় হয়, সত্য সাথে মিথ্যা ষাঃ মিশি, মনে হয়, সীমাহীন পরিধি যে ক্স্তু এ ক্ষ্ধার !— পরম আশাসে প্রাণ পূর্ণ হয়, ধন্ত মানি এ মর্ম-বিদার !

20

কবির প্রলাপ শুনি হাসিতেছ ?—তাপদ কঠোর !—
স্বপ্রহর ! স্বপ্ন কি গো টুটিয়াছে ? ধুলির ধরায়
কামনা হয়েছে ধূলি ? আর কভু নয়নের লোর
বহিবে না !—এড়ায়েছ চিরতরে জন্ম ও জরায় ?
ওগো আল্ল-অভিমানী ! এত বড় বেদনার ডোর
বৃনিয়াছে যেই জন, মৃক্তি তার হবে কি অরায় ?
হংখের পূজারী যেই, প্রাণের মমতা তার সহদা ফুরায় ?

25

নিঃসন্ধ হিমান্তি-চূড়ে জ্বলিয়াছে হর-কোপানল,
মদন হয়েছে ভস্ম, রতি কাঁদে গুমরি গুমরি !
উমা সে গিয়াছে ফিরে, অশ্রু-চোথ মান ছল-ছল—
ফুলগুলি ফেলে গেছে ঈশানের আসন-উপরি ;
আথিতে আঁকিয়া গেছে অধরোষ্ঠ—পক বিশ্বফল !
শ্রুশানে পলায় যোগী তারি ভয়ে ধ্যান পরিহরি—
বধুর চুকুলে তবু বাঘছাল বাঁধা প'ল—আহা, মরি মরি !

৩২. ফিলনোৎকণ্ঠা

বধ্রে আমার দেখিনি এখনো, শুনেছি তার—
অপরপ রূপ, চোখের চাহনি চমৎকার!
কাজলের রেখা আঁকা আঁথিপাতে,
'কাজল-লতা'টি ধ'রে আছে হাতে,

করমূলে বাঁধা লাল স্তা সেই—অলংকার! শুনেছি সে রূপ চমংকার!

পরেছে বসন—বুঝি লাল চেলি, ডালিম-ফুলী ?
ফ্রু-ত্রু হিয়া—মণিহার তায় উঠিছে ত্লি'।

এয়োরা যথন শব্ধ বাজায়

বধ্ চমকিয়া ইতি-উতি চায়,

আকুল করবী, রুথ্-ভূথু চুল পড়িছে খুলি'—

হিয়া ত্রু-ত্রু উঠিছে তুলি'।

কতো দিবানিশি কাটাস্থ স্বপনে—দেই দে মৃথ
দেখিনি কখনো, তবু সে আমার ভরেছে বৃক!
প্রাণের বিজনে ঝরিয়াছে ফুল—
দকালে শেফালি, বিকালে বকুল,
ফুটিয়াছে নীপ—বরধা-আদারে ভরদা-স্থথ,
দে-মৃথ আমার ভরেছে বৃক।

এতদিনে বৃঝি বিরহ-যামিনী হয়েছে ভোর—
বাঁশি বাজে ওই—এবার নয়নে লেগেছে ঘোর !
হাতে হাতে সেই বাঁথি' মালাখানি
আর কতখনে পরশিব পাণি ?
এসেছে কি আজি সে-স্থ-লগন জীবনে মোর—
স্বপন-রজনী হয়েছে ভোর ?

পাতি' ফুল-শেজ বসিব ছজনে কথা না বলি',
চিবুক ধরিয়া তুলিব আনন-কুস্থম-কলি।
সে-রূপ নেহারি' আঁথি অনিমেয—
প্রদীপ জালায়ে হবে রাতি শেষ!
ভুলে যাব গান, ফুলের মধুও ভুলিবে অলি—
ভুধু চেয়ে র'বো কথা না বলি'।

বধ্বে আমার দেখিনি এখনো, শুনেছি তার—
অপরপ রপ—চোখের চাহনি চমংকার!
আর কত দেরি গোধ্লি-লগন ?
নিবিয়া আদিবে সারাটি গগন,
শুধু সেই চেলি উত্তলি তুলিবে অন্ধকার—
সেই আঁথি-তারা চমংকার।

স্থারকুমার রায়চোধুরী ৩৩. **একটি নিমে**ষ

(평. ১৮२१)

আজি এ-নিমেষথানি উতরিল এসে চুপে চুপে,
কি নিবিড় পূর্ণতার রূপে
নিভূত এ হৃদিতটে এসে।
নুকে নিয়ে এল ভালোবেসে
অসীমের যত পণ্য। অনাদির যত আয়োজন,
একটি নিমেষ-বুজে ফুটি উঠি ফুলের মতন
রহিয়াছে স্থির,
অস্তহারা তপোনিষ্ঠা বারে বারে টুটিছে স্পষ্টর,
নিতল এ নভোতলে শরতের মেঘ-আলিপন,
নত করবীর শাণা, রৌজ-দীগু গৃহের প্রাক্তণ,
নিদ্রাত্ব সারমেয়, উড়ে-য়াওয়া চিলের ছায়াটি,
পাতা-খোলা বইপানা, কাপড় কোঁচানো পরিপাটি,

কিছু নহে মিছে—
স্বেহভরা কার ঘূটি নয়নে জাগিছে
সবে এরা।
পথে পথিকের চলাফেরা,
ও-বাড়িতে ছেলেদের স্থর ক'রে ধারাপাত শেখা,
এরও লাগি অনাদির যুগে-যুগে কত স্বপ্ন দেখা,
অধীর প্রতীক্ষা কত কল্প-কল্প ধ'রে!

তরুতলে পাতার মর্মরে,
গাড়ির চাকার শব্দে, কামারের হাতুড়ির ঘায়
নারীর কলহে আর শিশুর কালার
ধ্বনিতেছে যেই মৃরছনা,
তারে ছেড়ে কোনোমতে চলিত না,
এ-বিশ্বের সংগীত-সাধন,
বার্য হয়ে যেত তার যুগান্তের যত আগ্নোজন।

পরিপূর্ণ একটি নিমেনে নিজেরে হেরিলু পরিপূর্ণতার রাজরাজ-বেশে আমি আছি—চূড়ান্ত এ অধিকারে গনি, আমি বিশ্ব-দেবতার নয়নের মণি।

নজরুল ইসলাম

(5. 3629)

৩৪. প্রলয়োল্লাস

তোরা সব জয়ধ্বনি কর !
তোরা সব জয়ধ্বনি কর !!
ঐ নৃতনের কেতন ওড়ে কাল-বোশেখীর ঝড়।
তোরা সব জয়ধ্বনি কর !
তোরা সব জয়ধ্বনি কর !!
আসছে এবার অনাগত প্রলয়-নেশার নৃত্য-পাগল,
সিন্ধু-পারের সিংহ-দারে ধমক হেনে ভাঙল আগল !
মৃত্যু-গহন অন্ধ-কৃপে
মহাকালের চণ্ড-রূপে—
ধূম্-ক্রপে

বজ্র-শিথার মণাল জেলে আসছে ভয়ংকর—

ওরে ঐ হাসছে ভয়ংকর !

তোরা সব জয়ধ্বনি কর !

তোরা সব জয়ধ্বনি কর !

ঝামর তাহার কেশর দোলার ঝাপটা মেরে গগন ছলায়,
সর্বনাশী জালাম্থী ধৃমকেতু তার চামর ঢুলায়।
বিশ্বপিতার বক্ষ-কোলে
রক্ত তাহার রূপাণ ঝোলে
দোহল দোলে!
অট্রোলের হটগোলে শুন্ধ চরাচর

তোরা সব জয়ধ্বনি কর ! তোরা সব জয়ধ্বনি কর !!

দাদশ রবির বহ্নি-জালা ভয়াল তাহার নয়ন-কটায়,
দিগস্তরের কাঁদন লুটায় পিক্ষল তার ত্রস্ত জটায়!
বিন্দু তাহার নয়ন-জলে
সপ্ত মহাসিন্ধু দোলে
কপোল-তলে!
বিশ্ব-মায়ের আসন তারি বিপুল বাহুর পর—
হাঁকে ঐ "জয় প্রলয়ংকর!"
তোরা সব জয়ধ্বনি কর!

তোরা সব জয়ধ্বনি কর !!

মাভৈঃ মাভিঃ ! জগং জুড়ে প্রলয় এবার ঘনিয়ে আদে ! জরায় মরা মুমূর্যুদের প্রাণ-লুকানো ঐ বিনাশে ! এবার মহা-নিশার শেষে
আসবে উষা অরুণ হেসে
করুণ বেশে!
দিগম্বরের জটায় লুটায় শিশু চাঁদের কর,
আলো তার ভরবে এবার ঘর।
তোৱা সব জয়ধননি কর!!

ঐ দে মহাকাল-সারথি রক্ত-তড়িৎ-চাবুক হানে, ধ্বনিয়ে ওঠে হে়েষার কাঁদন বজ্ঞগানে ঝড়-তৃফানে! ক্ষুরের দাপট তারায় লেগে উন্ধা ছুটায় নীল থিলানে!

> গগন-তলের নীল থিলানে। অন্ধ কারার বন্ধ কৃপে দেবতা বাঁধা যজ্ঞ-যূপে পাঝাণ-স্কুপে!

এই তো রে তাঁর আদার সময় ঐ রথ-ঘর্যর—
শোনা যায় ঐ রথ ঘর্যর !
তোরা সব জয়ধ্বনি কর !
তোরা সব জয়ধ্বনি কর !!

ধ্বংস দেখে তথ্য ক্সুক কেন তোর ?—প্রলয় নৃতন স্বজন-বেদন
আসছে নবীন—জীবন-হারা অ-স্থন্দরে করতে ছেদন!
তাই সে এমন কেশে বেশে
প্রলয় ব'য়েও আসছে হেসে—
মধুর হেসে!
ভেঙে আবার গড়তে জানে সে চির-স্থন্দর!
তোরা সব জয়ধ্বনি কর!

তোরা সব জয়ধ্বনি কর !!

ক্র ভাঙা-গড়া খেলা যে তার কিসের তরে ডর ?
তোরা সব জয়ধানি কর !—
বধ্রা প্রদীপ তুলে ধর !
কাল ভয়ংকরের বেশে এবার ঐ আসে হৃদ্দর !
তোরা সব জয়ধানি কর !
তোরা সব জয়ধানি কর !

৩৫. প্রবর্তকের ঘুর-চাকায়

বার মহাকাল মৃছ্য বার প্রবর্তকের ঘুর-চাকার। বার অতীত কৃষ্ণ-কার বার অতীত রক্ত-পায়— বার মহাকাল মূর্চা বার প্রবর্তকের ঘুর-চাকার

যায় প্রবীণ
চৈতী-বায়
আয় নবীন
শক্তি আয় !
বায় অতীত,
বায় পতিত,
'আয় অতিথ,
আয়রে আয়—'
বৈশাখী ঝড় স্থর হাঁকায়—
প্রবর্তকের ঘূর-চাকায়,

ঐ রে দিক-

চক্রে কার

বক্র পথ

ঘুর-চাকার।

ছুটছে রথ

চক্ৰ ঘায়

দিখিদিক

মূছা যায়!

কোটি রবি শশী ঘুর পাকায়

প্রবর্তকের খুর-চাকায়,

প্রবর্তকের ঘুর-চাকায় !

বোরে গ্রহ তারা পথ-বিভোল,— "কাল"-কোলে "আজ্জ" থায় রে দোল !

আদ্ব প্রভাত

আনছে কা'য়,

দূর পাহাড়-

চূড় তাকায়।

জয়-কেতন

উড়ছে কার

কিংশুকের

ফুল-শাখায়।

ঘুরছে রথ,

রথ-চাকায়

রক্ত-লাল

পথ আঁকার।

জয়-তোরণ

রচছে কার

ঐ উষার লাল আভায়, প্রবর্তকের ঘুর-চাকায়, প্রবর্তকের ঘুর-চাকায়!

গর্জে ঘোর

ঝড় তুফান,

আর কঠোর

বর্তমান ।

আয় তরুণ,

আয় অরুণ,

আয় দারুণ

দৈন্যতায়!

ভয় কি আয় ।

ঐ মা অভয়-হাত দেখায়

রামধন্তর

লাল শাখার!

প্রবর্তকের ঘুর-চাকায়,

বর্ষ-সতী-স্কন্ধে ঐ
নাচছে কাল
থৈ তা থৈ!
কই সে কই
চক্রধর,
ঐ মায়ায়
খণ্ড কর
শব-মায়ায়

ছিন্ন কর

ঐ মায়ায়—
প্রবর্তকের ঘুর-চাকায়
প্রবর্তকের ঘুর-চাকায় !

৩৬. কাণ্ডারী হুঁশিয়ার

۵

হুর্গম গিরি, কাস্তার, মরু, হুন্তর পারাবার লক্ষিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁ শিয়ার ! হুলিতেছে তরী ফুলিতেছে জল, ভূলিতেছে মাঝি পথ ছিঁ ড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ কে আছ জোয়ান, হও আগুয়ান, হাঁকিছে ভবিম্যৎ। এ তুফান ভারি, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী গ

2

তিমির রাত্রি, মাতৃমন্ত্রী সান্ত্রীরা সাবধান!

যুগ যুগাস্ত সঞ্চিত ব্যথা ঘোষিয়াছে অভিযান।

ফেনাইয়া উঠে বঞ্চিত বুকে পুঞ্জিত অভিযান,

ইহাদের পথে নিতে হবে সাথে, দিতে হবে অধিকার

9

অসহায় জাতি মরিছে ডুবিয়া জানে না সম্ভরণ, কাণ্ডারী! আজি দেখিব তোমার মাতৃ-মুক্তি-পণ! "হিন্দু না ওরা মুসলিম?" ওই ক্তিফ্রাসে কোন জন? কাণ্ডারী! বল, ডুবিছে মান্থ্য, সম্ভান মোর মা'র।

8

গিরি-সংকট, ভীরু ধাত্রীরা, গুরু গরজায় বাজ, পশ্চাৎ-পথ-ধাত্রীর মনে সন্দেহ জাগে আজ। কাগুারী! তুমি ভ্লিবে কি পথ? ত্যজিবে কি পথ-মাঝ? করে হানাহানি, তবু চলো টানি নিয়াছ যে মহাভার!

কাণ্ডারী! তব সম্মুথে ঐ পলাশীর প্রান্তর, বাঙালীর খুনে লাল হ'ল ষেথা ক্লাইভের গঞ্জর! ঐ গঞ্চায় ডুবিয়াছে হায় ভারতের দিবাকর। উদিবে সে রবি আমাদেরি খুনে রাঙিয়া পুনর্বার

কাঁসির মঞ্চে গেয়ে গেল ধারা জীব'নের জয়-গান আসি' অলক্ষ্যে দাঁড়ায়েছে তারা, দিবে কোন বলিদান ? আজি পরীক্ষা, জাতির অথবা জাতের করিবে তাণ! ছুলিতেছে তরী, ফুলিতেছে জল, কাগুারী হুঁশিয়ার!

99.

ত্রস্ত বায়ু পূরবইয়াঁ বহে অধীর আনন্দে।
তরক্ষে তলে আজি নাইয়াঁ রণ-তুরক্ষ-ছন্দে॥
অশান্ত অম্বর-মাঝে মৃদক্ষ গুরুগুরু বাজে,
আতক্ষে থর্থর অঙ্গ মন অনন্তে বন্দে॥
ভুজকী দামিনীর দাহে দিগন্ত শিহরিয়া চাহে,
বিষয় ভয়-ভীতা যামিনী থোঁজে দে তারা চন্দে

মালঞ্চে এ কী ফুল থেলা, আনন্দে ফোটে যুথী বেলা, কুরন্ধী নাচে শিখী সঙ্গে মাতি' কদম্বগদ্ধে ॥ একান্তে তরুণী তমালী অপান্ধে মাথে আজি কালি, বনান্তে বাধা প'ল দেয়া কেয়া-বেণীর বংন্ধ ॥ দিনান্তে বিদি কবি একা পড়িদ কি জলধারা-লেখা, হিয়ায় কি কাঁদে কুত্ত-কেকা আজি অশান্ত দুদ্ধে ॥

Or.

মোর ঘুম্ঘোরে এলে মনোহর
নমো নমঃ, নমো নমঃ।
শ্রাবণ-মেঘে নাচে নটবর
কামকাম, রমকাম, কামকাম॥

শিষ্করে বসি চুপি চুপি চুমিলে নয়ন,
মোর বিকশিল আবেশে তমু
নীপসম, নিরুপম, মনোরম

মোর ফুলবনে ছিল যত ফুল
ভরি ডালি দিয় ঢালি, দেবতা মোর !
হায় নিলে না সে ফুল, ছি ছি বেভুল,
নিলে তুলি থোঁপা খুলি কুস্থম-ডোর।

স্বপনে কী যে কয়েছি তাই গিয়াছ চলি, জাগিয়া কেঁদে ডাকি দেবতায়— প্রিয়তম, প্রিয়তম, প্রিয়তম ॥

জীবনানন্দ দাশ

6366-2646

৩৯. পাখিরা

ঘুমে চোখ চায় না জড়াতে—
বসস্থের রাতে
বিছানায় শুয়ে আছি;
—এখন দে কত রাত!
ঐ দিকে শোনা যায় সমুদ্রের স্বর,
স্কাইলাইট মাথার উপর,
আকাশে পাখিরা কথা কয় পরস্পর।
তার পর চ'লে যায় কোথায় আকাশে?
তাদের ডানার ছাণ চারিদিকে ভাগে।

শরীরে এসেছে স্বাদ বদস্তের রাতে,
চোথ আর চায় না ঘুমাতে;
জানালার থেকে অই নক্ষত্রের আলো নেমে আগে,
সাগরের জলের বাতাসে
আমার হৃদয় স্কৃত্ব হয়;
সবাই ঘুমায়ে আছে দব দিকে,—
সমুদ্রের এই ধারে কাহাদের নোঙরের হয়েছে দময় ধু

সাগবের ঐ পারে—আরো দ্ব পারে
কোনো এক মেরুর পাহাড়ে
এই সব পাথি ছিলো;
রিজার্ডের তাড়া থেয়ে দলে দলে সম্দ্রের 'পর
নেমেছিল তারা তারপর,
মান্ন্য যেমন তার মৃত্যুর অজ্ঞানে নেমে পড়ে!
বাদামি—সোনালি—শাদা—ফুটফুট ডানার ভিতরে
রবারের বলের মতন ছোট বুকে
তাদের জীবন ছিলো—

থেমন রয়েছে মৃত্যু লক্ষ-লক্ষ মাইল ধ'রে সমুদ্রের মুখে তেমন অতল সত্য হ'য়ে!

কোথাও জীবন আছে,—জীবনের স্বাদ বহিয়াছে,
কোথাও নদীর জল ব'য়ে গেছে—দাগরের ভিতা ফেনা নয়।
পেলার বলের মতে। তাদের হৃদয়
প
এই জানিয়াছে;
কোথাও রয়েছে প'ড়ে শীত পিছে, আশ্বাদের কাছে
তারা আদিয়াছে।

তারপর চ'লে যায় কোন এক থেতে
তাহার প্রিয়ের সাথে আকাশের পথে যেতে-যেতে
সে কি কথা কয়

তাদের প্রথম ডিম জন্মিবার এসেছে সময় !

অনেক লবণ ঘেঁটে সমুদ্রের পাওয়া গেছে এ-মাটির দ্রাণ ভালোবাসা আর ভালোবাসার সস্তান, আর সেই নীড়, এই স্বাদ—গভীর—গভীর!

আজ এই বসস্তের রাতে
ঘুমে চোথ চায় না জড়াতে;
ঐ দিকে শোনা যায় সমুক্রের স্বর
স্বাইলাইট মাথার উপর,
আকাশে পাথিরা কথা কয় পরস্পর।

৪০. অবসরের গান

(অংশ)

শুরেছে ভোরের রোদ ধানের উপরে মাথা পেতে
অলস গেঁয়োর মতো এইখানে কার্তিকের থেতে;
মাঠের ঘাসের গন্ধ বুকে তার—চোথে তার শিশিরের ড্রাণ,
তাহার আস্বাদ পেয়ে অবসাদে পেকে ওঠে ধান,
দেহের স্বাদের কথা কয়;

বিকালের আলো এসে (হয়তো বা) নষ্ট ক'রে দেবে তার সাধের সময়। চারিদিকে এখন সকাল—

রোদের নরম রং শিশুর গালের মতো লাল ; মাঠের ঘাসের 'পরে শৈশবের দ্রাণ— পাড়াগাঁর পথে ক্ষান্ত উৎসবের এসেছে আহ্বান।

চারিদিকে স্থয়ে প'ড়ে ফলেছে ফসল,
তাদের স্তনের থেকে ফোঁটা-ফোঁটা পড়িতেছে শিশিরের জল;
প্রচুর শস্তের গন্ধ থেকে-থেকে আসিতেছে ভেসে
পোঁচা আর ইছরের দ্রাণে ভরা আমাদের ভাঁড়ারের দেশে!
শরীর এলায়ে আসে এইখানে ফলস্ত ধানের মতো ক'রে,
বেই রোদ একবার এসে শুধু চ'লে যায় তাহার ঠোটের চুমো ধ'রে
আহলাদের অবসাদে ভ'রে আসে আমার শরীর,
চারিদিকে ছায়া—রোদ—খুদ—কুঁড়ো—কার্তিকের ভিড়;
চোখের সকল ক্ষ্পা মিটে যায় এইখানে, এখানে হতেছে স্নিশ্ধ কান,
পাড়াগাঁর গায় আজ লেগে আছে ব্রপশালি-ধানভানা রূপসীর শরীরের দ্রাণ

আমি সেই স্থন্দরীরে দেখে লই—হুয়ে আছে নদীর এ-পারে বিয়োবার দেরি নাই—রূপ ঝ'রে পড়ে তার— শীত এসে নষ্ট ক'রে দিয়ে যাবে তারে; আজো তবু ফুরায়নি বৎসরের নতুন বয়স, মাঠে-মাঠে ঝ'রে পড়ে কাঁচা রোদ—ভাঁড়ারের রস। মাছির গানের মতো অনেক অলস শব্দ হয় সকালবেলার রোন্দে; কুঁড়েমির আঞ্চিকে সময়।

গাছের ছায়ার তলে মদ ল'য়ে কোন্ ভাঁড় বেঁধেছিলো ছড়া ! তার সব কবিতার শেষ পাতা হবে আজ পড়া;

ভূলে গিয়ে রাজ্য—জয়—সাম্রাজ্যের কথা অনেক মাটির তলে যেই মদ ঢাকা ছিলো তুলে নেবো তার শীভলতা ; ডেকে নেবো আইবুড়ো পাড়াগাঁর মেয়েদের সব ; মাঠের নিন্তেজ রোদে নাচ হবে— শুরু হবে হেমস্তের নরম উৎসব।

হাতে হাত ধ'রে-ধ'রে গোল হ'য়ে ঘুরে-ঘুরে-ঘুরে
কান্তিকের মিঠে রোদে আমাদের মৃথ যাবে পুড়ে;
ফলস্ত ধানের গন্ধে—রঙে তার—স্বাদে তার ভ'রে যাবে আমাদের সকলের দেহ;
রাগ কেহ করিবে না—আমাদের দেখে হিংসা করিবে না কেহ।
আমাদের অবসর বেশি নয়—ভালোবাসা আহ্লাদের অলস সময়
আমাদের সকলের আগে শেষ হয়;
দ্রের নদীর মতো স্থর তুলে অহা এক দ্রাণ—অবসাদ—
আমাদের ডেকে লয়, তুলে লয় আমাদের ক্লান্ত মাথা, অবসন্ধ হাত।

তথন শস্তের গন্ধ ফুরায়ে গিয়েছে থেতে—রোদ গেছে প'ড়ে,
এসেছে বিকালবেলা তার শাস্ত শাদা পথ ধ'রে;
তথন গিয়েছে থেমে এই কুঁড়ে গেঁয়োদের মাঠের রগড়;
হেমস্ত বিয়ায়ে গেছে শেষ ঝরা মেয়ে তার শাদা মরা শেফালির বিছানার 'পর;
মদের ফোঁটার শেষ হ'য়ে গেছে এ-মাঠের মাটির ভিতর;
তথন সব্জ ঘাস হ'য়ে গেছে শাদা সব, হ'য়ে গেছে আকাশ ধবল,
চ'লে গেছে পাড়াগাঁর আইবুড়ো মেয়েদের দল!

8১. খাস

কচি লেবুপাতার মতো নরম সব্যু আলোয়
পৃথিবী ভ'রে গিয়েছে এই ভোরের বেলা;
কাঁচা বাতাবির মতো সব্স্থ ঘাস—তেমি স্মন্ত্রাণ—
হরিণেরা দাঁত দিয়ে ছিঁড়ে নিচ্ছে।
আমারো ইচ্ছা করে এই ঘাসের দ্রাণ হরিৎ মদের মতো
গেলাসে-গেলাসে পান করি,
এই ঘাসের শরীর ছানি—চোথে চোথ ঘষি,
ঘাসের পাধনায় আমার পালক,
ঘাসের ভিতরে ঘাস হ'য়ে জন্মাই কোনো এক নিবিড় ঘাস-মাতার
শরীরের স্থাদ অন্ধকার থেকে নেমে।

৪২. নগ্ন নিৰ্জন হাত

আবার আকাশে অন্ধকার ঘন হ'য়ে উঠছে : আলোর রহস্তময়ী সহোদরার মতো এই অন্ধকার।

ষে আমাকে চিরদিন ভালোবেসেছে, অথচ ধার মৃথ আমি কোনোদিন দেখিনি, সেই নারীর মতো ফাল্কন আকাশে অন্ধকার নিবিড় হ'য়ে উঠছে।

মনে হয় কোনো বিলুপ্ত নগরীর কথা দেই নগরীর এক ধৃসর প্রাসাদের রূপ জাগে হলয়ে।

ভারত-সমুদ্রের তীরে কিংবা ভূমধ্যসাগরের কিনারে অথবা টায়ার সিন্ধর পারে আজ নেই, কোনো এক নগরী ছিলো একদিন, কোনো এক প্রাসাদ ছিলো; মূল্যবান আসবাবে ভরা এক প্রাসাদ: পারস্থ গালিচা, কাশ্মিরী শাল, বেরিন তরঙ্গের নিটোল মূক্তা প্রবাল, আমার বিলুপ্ত হৃদয়, আমার মৃত চোখ, আমার বিলীন স্বপ্ন আকাক্ষা, আর তুমি নারী— এই সব ছিলো সেই জগতে একদিন।

অনেক কমলা রঙের রোদ ছিল, অনেক কাকাতুয়া পায়রা ছিল, নেহগনির ছায়াঘন পল্লব ছিল অনেক;

অনেক কমলা রঙের রোদ ছিল, অনেক কমলা রঙের রোদ ; আর তুমি ছিলে ; তোমার মুখের রূপ কতো শত শতাকী আমি দেখি না, খুঁজি না .

ফাস্কনের অন্ধকার নিয়ে আন্তে সে সম্ক্রপারের কাহিনী,
অপরপ থিলান ও গহুজের বেদনাময় রেখা,
লৃপ্ত নাসপাতির গন্ধ,
অজস্র হরিণ ও সিংহের ছালের ধৃসর পাওলিপি,
রামধ্যু রঙের কাচের জানালা,
মযুরের পেথমের মতো রঙিন পর্দায় পর্দায়
কক্ষ ও কক্ষান্তর থেকে আরো দূর কক্ষ ও কক্ষান্তরের
ক্ষণিক আভাস,—
আয়ুহীন স্তর্কতা ও বিশ্বয়!

98

পদায়, গালিচায় রক্তাভ রৌদ্রের বিচ্ছুরিত ধেদ, রক্তিম গেলাসে তরমূজ মদ! তোমার নর নিজন হাত:

তোমার নগ্ন নিজন হাত।

৪৩. হায়, চিল

হায়, চিল, সোনালি ডানার চিল, এই ভিজে মেদের ছপুরে
তুমি আর কেঁলো নাকো উড়ে-উড়ে ধানসিড়ি নদীটির পাশে!
তোমার কায়ার স্থরে বেতের ফলের মতো তার মান চোণ মনে আসে
পৃথিবীর রাঙা রাজকভাদের মতো সে যে চ'লে গেছে রূপ নিয়ে দ্রে;
আবার তাহারে কেন ডেকে আনো ? কে হায় হদয় খুঁড়ে বেদনা
জাগাতে ভালোবাসে!

হায় চিল, সোনালি ডানার চিল, এই ভিঞ্জে মেঘের তুপুরে তুমি আর উড়ে-উড়ে কেঁদো নাকো ধানসিড়ি নদীটির পাশে।

88. বনলভা সেন

হাজার বছর ব'রে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে,
দিংহল সমূদ থেকে নিশীথের অন্ধকারে মালয় পাগরে
অনেক ঘুরেছি আমি : বিশ্বিসার অশোকের ধূসর জগতে
দেখানে ছিলাম আমি ; আরো দূর অন্ধকারে বিদর্ভ নগরে;
আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে ত্-দণ্ড-শান্তি দিয়েছিল নাটোরের বনলতা দেন।

চূল তার কবেকার অসকার বিদিশার নিশা,
মুখ তার শ্রাবন্তীর কারুকার্য; অতি দূর সমুদ্রের 'পর
হাল ভেঙে যে-নাবিক হারায়েছে দিশা

की वनानम नाम

সবুজ ঘাসের দেশ যথন সে চোথে দেখে দাক্ষচিনি-দ্বীপের ভিতর, তেমনি দেখেছি তারে অন্ধকারে; বলেছে সে, 'এতদিন কোথায় ছিলেন ণু' পাথির নীড়ের মতো চোথ তুলে নাটোরের বনলতা সেন।

সমস্ত দিনের শেষে শিশিরের শব্দের মতন
সন্ধ্যা আসে; ডানার রোন্দের গন্ধ মৃছে ফেলে চিল;
পৃথিবীর সব রং নিভে গেলে পাণ্ডলিপি করে আয়োজন
তথন গল্পের তরে জোনাকির রঙে বিলমিল;
সব পাথি ঘরে আসে—সব নদী—ফুরায় এ-জীবনের সব লেনদেন;
থাকে শুধু অন্ধকার, মুখোম্থি বসিবার বনলতা সেন।

৪৫. সমারুত

'বরং নিজেই তুমি লেখ নাকে। একটি কবিতা—' বলিলাম মান হেদে; ছায়াপিও দিলো না উত্তর; বুঝিলাম সে তো কবি নয়—দে যে আরু ভণিতা: পাঙুলিপি, ভান্তা, টীকা, কালি আর কলমের 'পর ব'দে আছে সিংহাসনে—কবি নয়—অজর, অক্ষর অধ্যাপক;—দাত নেই—চোথে তার অক্ষম পিঁচুটি; বেতন হাজার টাকা মাদে—আর হাজার দেড়েক পাওয়া যায় মৃত সব কবিদের মাংস কৃমি খুটি; যদিও সে-সব কবি ক্ষ্ধা প্রেম আগুনের সেক চেয়েছিলো—হাঙরের চেউয়ে থেয়েছিল লুটোপুটি।

৪৬. বিড়াল

সারাদিন একটা বিড়ালের সঙ্গে ঘুরে-ফিরে কেবলই আমার দেখা হয়:
গাছের ছায়ায়, রোদের ভিতরে, বাদামি পাতার ভিড়ে;
কোথাও কয়েক টুকরো মাছের কাঁটার সফলতার পর
তারপর শাদা মাটির কমালের ভিতর
নিজের হৃদয়কে নিয়ে মৌমাছির মতো নিমগ্ন হয়ে আছে দেখি;
কিন্তু তবুও তারপর রুফ্চূড়ার গায়ে নথ আঁচড়াচ্ছে,
সারাদিন সুর্যের পিছনে চলেছে সে।
একবার তাকে দেখা যায়,
একবার হারিয়ে যায় কোথায়।
হেমন্তের সন্ধ্যায় জাফরান-রঙের সুর্যের নরম শরীরে
শাদা থাবা বুলিয়ে বুলিয়ে থেলা করতে দেখলাম তাকে;
তারপর অন্ধকারকে ছোটো ছোটো বলের মতো থাবা দিয়ে লুফে আনল সে,
সমস্ত পৃথিবীর ভিতর ছড়িয়ে দিল।

৪৭. আকাশলীনা

স্বরগুনা, ঐথানে ষেয়ো নাকো তুমি, বোলো নাকো কথা অই যুবকের সাথে; ফিরে এসো স্বরগুনা; নক্ষত্রের কুপালি আগুন ভরা রাতে;

ফিরে এসো এই মাঠে, ঢেউয়ে; ফিরে এসো হৃদয়ে আমার; দূর থেকে দূরে—আরো দূরে যুবকের সাথে তুমি ধেয়ো নাকো আর।

কী কথা তাহার সাথে ? তার সাথে ! আকাশের আড়ালে আকাশে

खीवनानम माम

মৃত্তিকার মতো তুমি আঙ্গ: তার প্রেম ঘাস হ'য়ে আসে

স্থবঞ্চনা, তোমার স্থদয় আজ ঘাস : বাতাদের ওপারে বাতাস— আকাশের ওপারে আকাশ।

ib. আট বছর আগের একদিন

শোনা গেল লাসকাটা ঘরে
নিয়ে গেছে তারে;
কাল রাতে—ফাল্পনের রাতের আঁধারে
যথন গিয়েছে ডুবে পঞ্চমীর চাঁদ
মরিবার হলো তার সাধ।

বধ্ শুয়ে ছিল পাশে—শিশুটিও ছিল ;
প্রেম ছিল, আশা ছিল—জ্যোৎস্পায়,—ভবু সে দেখিল
কোন ভূত ? ঘুম কেন ভেঙে গেল তার ?
অথবা হয়নি ঘুম বছকাল—লাসকাটা ঘরে শুয়ে ঘুমায় এবার

এই ঘুম চেয়েছিল বৃঝি!
রক্তফেনামাথা মৃথে মড়কের ইত্রের মতো ঘাড় গুঁজি
আঁধার ঘুঁজির বুকে ঘুমায় এবার:
কোনোদিন জাগিবে না আর।

'কোনোদিন জাগিবে না আর জাগিবার গাঢ় বেদনার অবিরাম—অবিরাম ভার সহিবে না আর—' এই কথা বলেছিল তারে

চাঁদ ডুবে চ'লে গেলে—অদ্ভূত আঁধারে

যেন তার জানালার ধারে

উটের গ্রীবার মতো কোনো এক নিস্তন্ধতা এসে।

তবুও তো পেঁচা জাগে ; গলিত স্থবির ব্যাং আরো তুই মৃহূর্তের ভিক্ষা মাগে আরেকটি প্রভাতের ইসারায়—অহুমেয় উষ্ণ অহুরাগে।

টের পাই যুথচারী আঁধারের গাঢ় নিরুদ্ধেশ চারিদিকে মশারির ক্ষমাহীন বিরুদ্ধতা; মশা তার অন্ধকার সজ্যারামে জেগে থেকে জীবনের স্রোত ভালোবাদে

রক্ত ক্লেদ বদা থেকে রৌদ্রে ফের উড়ে যায় মাছি ; সোমালি রোদের ঢেউয়ে উড়স্ত কীটের থেলা কত দেথিয়াছি।

ঘনিষ্ঠ আকাশ ষেন— ষেন কোন বিকীর্ণ জীবন
অধিকার ক'বে আছে ইহাদের মন;

ছরম্ব শিশুর হাতে কড়িঙের ঘন শিহরণ

মরণের সাথে লড়িয়াছে;

চাঁদ ডুবে গেলে পর প্রধান আঁধারে তুমি অশ্বথের কাছে

এক গাছা দড়ি হাতে গিয়েছিলে তবু একা-একা;

যে-জীবন ফড়িঙের, দোয়েলের— মান্ত্যের সাথে তার হয় নাকো দেখা
এই জেনে।

অশ্বথের শাখা

করেনি কি প্রতিবাদ ? জোনাকির ভিড় এসে সোনালি

ফুলের স্নিম্ন ঝাঁকে

করেনি কি মাখামাখি ?

থুরপুরে অন্ধ পেঁচা এসে

की तनानम माम

বলেনি কি: 'বৃড়ি চাঁদ গেছে বৃঝি বেনোজলে ভেসে
চমৎকার!—
ধরা যাক ত্-একটা ইত্র এবার!'
জানায়নি পেঁচা এসে এ তুমূল গাঢ় সমাচার ?

জীবনের এই স্বাদ—স্থপক যবের দ্রাণ হেমস্তের বিকেলের—
তোমার অসহ্য বোধ হ'ল ;—
মর্গে কি হৃদয় জুড়োল
মর্গে—গুমোটে
থাঁয়তা ইত্রের মতো রক্তমাথা ঠোটে।

শোনো

তবু এ মৃতের গল্প; কোনো
নারীর প্রণয়ে ব্যর্থ হয় নাই;
বিবাহিত জীবনের সাধ
কোথাও রাখেনি কোনো গাদ,
সময়ের উদ্বর্ভনে উঠে এসে বধৃ
মধু—আর মননের মধু
দিয়েছে জানিতে;
হাড়হাভাতের প্লানি বেদনার শীতে
এ-জীবন কোনোদিন কেঁপে ওঠে নাই;
তাই
লাসকাটা ঘরে
চিৎ হ'য়ে শুয়ে আছে টেবিলের পারে।

জানি—তবু জানি
নারীর হৃদয়—প্রেম—শিশু—গৃহ—নয় সবখানি ;
অর্থ নয়, কীর্তি নয়, সচ্ছলতা নয়—
আরো এক বিপন্ন বিশ্বয়

আমাদের অন্তর্গত রক্তের ভিতরে থেলা করে; আমাদের ক্লান্ত করে ক্লান্ত-ক্লান্ত করে; লাসকাটা ঘরে সেই ক্লান্তি নাই; তাই লাসকাটা ঘরে চিং হ'য়ে শুয়ে আছে টেবিলের 'পরে।

উব্ রোজ রাতে আমি চেয়ে দেখি, আহা,
থ্রথ্রে অন্ধ পোঁচা অশ্বথের ডালে বসে এসে,
চোগ পাণ্টায়ে কয় : 'বুড়ি চাঁদ গেছে বুঝি বেনো জলে ভেদে ?
চমৎকার!
ধরা যাক ত্ব-একটা ইত্ব এবার—'

হে প্রগাঢ় পিতামহী, আজো চমৎকার ?
আমিও তোমার মতো বুড়ো হব—বুড়ি চাঁদটারে আমি
ক'রে দেব কালীদহে বেনোজলে পার ;
আমরা ত্ব-জনে মিলে শৃক্ত ক'রে চ'লে যাব জীবনের
প্রচুর ভাঁড়ার।

৪৯. যেই সব শেয়ালেরা

ষেই সব শেয়ালেরা জন্ম জন্ম শিকারের তরে
দিনের বিশ্রুত আলো নিভে গেলে পাহাড়ের বনের ভিতরে
নীরবে প্রবেশ করে,—বার হয়,—চেয়ে দেখে বরফের রাশি
জ্যোৎস্থায় প'ড়ে আছে ;—উঠিতে পারিত যদি সহসা প্রকাশি
সেই সব হুদ্ধন্ধ মানবের মতো আত্মায় :

তাহ'লে তাদের মনে যেই এক বিদীর্ণ বিশ্বয় জন্ম নিত ;—সহসা তোমাকে দেখে জীবনের পারে আমারও নিরভিসন্ধি কেঁপে ওঠে স্নায়ুর আঁধারে।

০. রাত্তি

্াইড্র্যান্ট খুলে দিয়ে কুষ্ঠরোগী চেটে নেয় জল ;
অথবা নে হাইড্র্যান্ট হয়তো বা গিয়েছিল কেঁলে।
এথন তুপুর রাত নগরীতে দল বেঁধে নামে।
একটি মোটরকার গাড়লের মত গেল কেশে

অস্থির পেট্রল ঝেড়ে ;—সতত সতর্ক থেকে তব্ কেউ যেন ভয়াবহভাবে প'ড়ে গেছে জলে। তিনটি রিকশ ছুটে মিশে গেল শেষ গ্যাস ল্যাম্পে মায়াবীর মত জাত্বলে।

আমিও ফিয়ার লেন ছেড়ে দিয়ে—হঠকারিতার মাইল মাইল পথ হেঁটে—দেয়ালের পাশে দাঁড়ালাম বেণ্টিক স্ত্রীটে গিয়ে—টেরিটি বাজারে; চীনেবাদামের মত বিশুক বাতাদে।

মদির আলোর তাপ চুমো থায় গালে।
কেরোসিন কাঠ, গালা, গুণচট, চামড়ার দ্রাণ
ডাইনামোর গুঞ্জনের সাথে মিশে গিয়ে
ধহুকের ছিলা রাথে টান।

টান রাথে মৃত ও জাগ্রং পৃথিবীকে। টান রাথে জীবনের ধমুকের ছিলা। শ্লোক আওড়ায়ে গেছে মৈত্রেয়ী কবে; রাজ্য জয় ক'রে গেছে অমর আত্তিলা। নিতাস্ত নিজের স্থরে তবুও তো উপরের জানালার থেকে গায় গায় আধাে জেগে ইছদী রমণী; পিতৃলোক হেসে ভাবে, কাকে বলে গান— আর কাকে সোনা, তেল, কাগজের খনি।

ফিরিপি যুবক কটি চ'লে যায় ছিমছাম। থামে ঠেস দিয়ে এক লোল নিগ্রো হাসে; হাতের গ্রায়ার পাইপ পরিষ্কার ক'রে বুড়ো এক গরিলার মতন বিশ্বাসে।

নগরীর মহং রাত্রিকে তার মনে হয়
লিবিয়ার জগলের মতো।
তবুও জন্তগুলো আনুপূর্ব,—অতিবৈতনিক,
বল্পত কাপড় পরে লজ্জাবশত।

৫১. স্থদৰ্শনা

একদিন মান হেসে আমি
তোমার মতন এক মহিলার কাছে
যুগের সঞ্চিত পণ্যে লীন হতে গিয়ে
অগ্নিপরিধির মাঝে সহসা দাঁড়িয়ে
শুনেছি কিন্নরকণ্ঠ দেবদারু গাছে,
দেখেছি অমৃতস্থ আছে।

সব চেয়ে আকাশ নক্ষত্র ঘাস চন্দ্রমন্লিকার রাত্রি ভালো; তবুও সময় স্থির নয়; আরেক গভীরতর শেষ রূপ চেয়ে দেখেছে সে তোমার বলয়। এই পৃথিবীর ভালো পরিচিত রোদের মতন তোমার শরীর; তুমি দান করো নি তো; সময় তোমাকে সব দান ক'রে মৃতদার ব'লে স্থদর্শনা, তুমি আজ মৃত।

12.

অভ্ত আঁধার এক এনেছে এ পৃথিবীতে আজ,

যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোথে দেখে তারা;

যাদের হৃদয়ে কোনো প্রেম নেই—প্রীতি নেই—করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের স্থপরামর্শ ছাড়া।

যাদের গভীর আস্থা আছে আজো মান্থ্যের প্রতি

এখনো যাদের কাছে স্বাভাবিক ব'লে মনে হয়

মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের থাত আজ তাদের হৃদয়।

09.

ঘড়ির তৃইটি ছোটো কালো হাত ধীরে আমাদের তৃজনকে নিতে চায় যেই শব্দহীন মাটি ঘাসে সাহস সংকল্প প্রোম আমাদের কোনোদিন সেদিকে যাবে না তবুও পায়ের চিহ্ন সেদিকেই চ'লে যায় কী গভীর সহজ অভ্যাসে।

স্থান্দ্ৰনাথ দত্ত

(母. 22.

68. बाब

চাই, চাই, আজো চাই তোমারে কেবলি।
আজো বলি,
জনশৃত্যতার কানে রুদ্ধ কণ্ঠে বলি আজো বলি—
অভাবে তোমার
অসহ অধুনা মোর, ভবিত্যং বন্ধ অন্ধকার,
কাম্য শুধু স্থবির মরণ।
নিরাশ অসীমে আজো নিরপেক্ষ তব আকর্ষণ
লক্ষ্যহীন কক্ষে মোরে বন্দী ক'রে রেখেছে, প্রেয়সী;
গতি-অবসর চোথে উঠিছে বিকশি
অতীতের প্রতিভাস জ্যোতিদ্বের নিঃসার নির্মোকে।
আমার জাগর স্বপ্নলোকে
একমাত্র সত্তা তুমি, সত্য শুধু তোমারি শ্বরণ॥

তবু মোর মন
চাহে নাই মোহের আশ্রয়।
জানি, তুমি মরীচিকা; তোমাদনে প্রাণবিনিময়
কোনোদিন হবে না আমার।
আমার পাতালমুখী বস্থধার ভার,
জানি, কেহ পারিবে না ভাগ ক'রে নিতে;
আমারে নিঃশেষে পিষে, মিশে ধাবে নিশ্চিফ নান্ডিতে
একদিন স্বরচিত এ-পৃথিবী মম॥

জানি, ব্যর্থ, ব্যর্থ সেই সন্ধ্যা নিরুপম যবে মোর আননে নেহারি অগাধ নয়নে তব ফলদা স্বাতীর পুণ্য বারি উঠেছিলো সহসা উচ্ছলি। জানি সেই বনপথে, চিরাভ্যন্ত প্রেমনিবেদনে
আপনারে ছলি,
পশিনি তোমার মর্মে, নিজের গহনে
জমিয়েছিলাম শুধু মিথ্যার জঞ্চাল।
জানি, কত তরুণীর গাল
অমনি অধৈর্যভরে শত বার দিয়েছি রাঙায়ে;
অরুপূর্ব পথিকার পায়ে
বজ্রাহত অশোকেরে অলজ্জায় করেছি বিনত
ক্ষণিক পুষ্পের লোভে। ক্রমাগত
তাদের পদাস্ক মুছে গেছে রোদ্রে ধারাপাতে, ঝড়ে;
যুগাস্তরে
তোমার স্মৃতিও, জানি, সেই মতো হারাবে ধূলায়॥

তব্ চায়, প্রাণ মোর তোমারেই চায়।
তব্ আন্ধ প্রেতপূর্ণ ঘরে
অদম্য উদ্বেগ মোর অব্যক্তেরে অমর্যাদা করে;
অনস্ত ক্ষতির সংজ্ঞা জপে তব পরাক্রান্ত নাম—
নাম—শুধু নাম—শুধু নাম॥

৫. শাশভী

প্রাপ্ত বরষা, অবেলার অবসরে
প্রাপ্তনে মেলে দিরেছে শ্রামল কায়া;
স্বর্ণ স্থযোগে লুকাচুরি-থেলা করে
গগনে গগনে পলাতক আলো-ছায়া।
আগত শরং অগোচর প্রতিবেশে;
হানে মৃদক্ষ বাতাসে প্রতিধ্বনি:
মৃক প্রতীক্ষা সমাপ্ত অবশেষে
মাঠে, ঘাটে, বাটে আরক্ক আগমনী।

কুহেলিকল্য দীর্ঘ দিনের সীমা
এখনই হারাবে কৌমুদীজাগরে ষে;
বিরহবিজন ধৈর্যের ধৃদরিমা
রঞ্জিত হবে দলিত শেকালিশেজে।
মিলনোংসবে সেও তো পড়েনি বাকি,
নবান্নে তার আসন রয়েছে পাতা:
পশ্চাতে চায় আমারই উদাদ আঁথি;
একবেণী হিয়া ছাড়ে না মলিন কাঁথা॥

একদা এমনই বাদলশেষের রাতে—
মনে হয় যেন শত জনমের আগে—
সে এসে সহসা হাত রেখেছিলো হাতে,
চেয়েছিলো মুখে সহজিয়া অন্তরাগে;
সে-দিনও এমনই ফদলবিলাসী হাওয়া
মেতেছিলো তার চিকুরের পাকা ধানে;
অনাদি যুগের যত চাওয়া, যত পাওয়া
খুঁজেছিলো তার আনত দিঠির মানে।

একটি কথার দ্বিধাথরথর চুড়ে ভর করেছিলো সাতটি অমরাবতী; একটি নিমেষ দাঁড়াল সরণী জুড়ে, থামিল কালের চিরচঞ্চল গতি; একটি পণের অমিত প্রগলভতা মর্ত্যে আনিল ধ্রুবতারকারে ধ'রে; একটি শ্বতির মান্থ্যী তুর্বলতা প্রলয়ের পথ দিল অবারিত ক'রে॥

সন্ধিলগ্ন ফিরেছে সগৌরবে;
অধরা আবার ডাকে স্থগসংকেতে;
মদমুকুলিত তারই দেহসৌরতে
অনামা কুস্থম অঞ্জানায় ওঠে মেতে।

ভরা নদী তার আবেগের প্রতিনিধি,
অবাধ সাগরে উধাও অগাধ থেকে;
অমল আকাশে মুকুরিত তার হাদি;
দিব্য শিশিরে তারই স্বেদ অভিষেকে।
স্বপ্পালু নিশা নীল তার আঁথিসম;
সে-রোমরাজির কোমলতা ঘাসে-ঘাসে;
পুনরাবৃত্ত রসনার প্রিয়তম;
আজ সে কেবল আর কারে ভালোবাসে।
স্বিতিপিপীলিকা তাই পুঞ্জিত করে
অমার রন্ধে, মৃত মাধুরীর কণা;
সে ভূলে ভূলুক, কোটি মন্বন্তরে
আমি ভূলিব না, আমি কভু ভূলিব না।

৫৬. উটপাখি

আমার কথা কি শুনতে পাও না তুমি ?
কেন মুথ গুঁজে আছো তবে মিছে ছলে ?
কোথায় লুকোবে ? ধু ধু করে মক্তৃমি ;
ক্ষয়ে ক্ষয়ে ছায়া ম'রে গেছে পদতলে।
আজ দিগস্তে মরীচিকাপ্ত যে নেই ;
নির্বাক, নীল, নির্মম মহাকাশ।
নিষাদের মন মায়ামুগে ম'জে নেই ;
তুমি বিনা তার সমূহ সর্বনাশ।
কোথায় পালাবে ? ছুটবে বা আর কত ?
উদাসীন বালি ঢাকবে না পদরেখা।
প্রাক্পুরাণিক বাল্যবন্ধু যত
বিগত সবাই, তুমি অসহায় একা॥

ফাটা ডিমে আর তা দিয়ে কী ফল পাবে?
মনস্তাপেও লাগবে না ওতে জোড়া।
অথিল ক্ষ্ধায় শেষে কি নিজেকে থাবে?
কেবল শৃত্যে চলবে না আগাগোড়া।
তার চেয়ে আজ আমার যুক্তি মানো,
শিকতাসাগরে সাধের তরণী হও;
মক্ষমীপের থবর তুমিই জানো,
তুমি তো কথনো বিপদপ্রাক্ত নও।
নব সংসার পাতি গে আবার চলো
যে-কোনো নিভৃত কণ্টকার্ত বনে।
মিলবে সেথানে অস্তত নোনা জলও,
থসবে থেজুর মাটির আকর্ষণে॥

কল্পলভার বেড়ার আড়ালে সেথা
গ'ড়ে তুলব না লোহার চিড়িয়াখানা;
ডেকে আনব না হাজার হাজার ক্রেতা
ছাঁটতে তোমার অনাবশুক ডানা।
ভূমিতে ছড়ালে অকারী পালকগুলি
শ্রমণশোভন বীজন বানাব তাতে;
উধাও তারার উড়ীন পদধূলি
পুড়ো পুড়ো খুঁজবো না অমারাতে।
তোমার নিবিদে বাজাবো না ঝুমঝুমি,
নির্বোধ লোভে যাবে না ভাবনা মিশে;
সে-পাড়াজুড়ানো বুলবুলি নও তুমি
বর্গীর ধান থায় যে উনতিরিশে॥

আমি জানি এই ধ্বংসের দায়ভাগে আমরা তৃজনে সমান অংশীদার; অপরে পাওনা আদায় করেছে আগে, আমাদের পরে দেনা শোধবার ভার। তাই অসহ লাগে ও-আত্মরতি।
অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে ?
আমাকে এড়িয়ে বাড়া শুর্মীনজেরই ক্ষতি।
আতিবিলাস সাজে না তুর্বিপাকে।
অতএব এসো আমরা সন্ধি ক'রে
প্রত্যুপকারে বিরোধী স্থার্থ সাধি:
তুমি নিয়ে চলো আমাকে লোকোত্তরে,
তোমাকে, বন্ধু, আমি লোকায়তে বাঁধি॥

৫৭. নরক

অন্ধকারে নাহি মিলে দিশা॥

দীর্ঘায়িত নিশা
বয়ফীত বারাঙ্গনা-পারা
তুর্গম তীর্থের পথে হয়ে সঙ্গীহারা
ত্মায়ে পড়েছে যেন আতিথেয় অজানার পাশে
ত্ম্বর অভ্যাদে।
কেশকীটে ভরা তার মাথা
লুটায় আমার কাঁধে, পরনের শতচ্ছিদ্র কাঁথা
বিষায় জীবনবায়ু সংকীর্ণ কুটিরে,
তাহার বিক্ষিপ্ত বাহু ধরিয়াছে মোর কণ্ঠ ঘিরে,
কণে ক্ষণে
অজ্ঞাত তুঃস্বপ্ন তার সম্ভন্ত কম্পনে
সঞ্চারিত হয় মোর জাতিশ্বর অবচেতনায়॥

অতব্রিত চক্ষ্ কিছু দেখিতে না পায় ; শুধু মোর সংকৃচিত কায়া অহতব করে যেন নামহীন কাহাদের ছায়া

শিয়রে সংহত হয়ে উঠে;

কোন্ যাহ্ঘর হতে দলে দলে পাশে এসে জুটে
অবলুপ্ত পশুদের ভূত
কুংগিত, অদ্ভূত।
অমূর্ত আকাজ্জা হানি, নিরাকার লজ্জা অসম্ভোষ,
অসিদ্ধ হুরাশা দস্ত, নিক্ষল আক্রোশ
কানাকানি করে অস্তরালে।
রন্ধূহীন বিশ্বতির প্রতন পাতালে
অতিক্রাস্ত বিলাসের, অস্থাবর প্রমোদের শব
অমুর্বর সাম্প্রতেরে করিবারে চায় পরাভব
জোগায়ে জীয়নরস অপুস্পক বীজে॥

অয়ি মনসিজে,
কোথা তুমি কোথা আজ এই স্থুল শরীরী নিশীথে ?
তোমার অতল, কালো, অতন্ত আঁথিতে
তারকার হিম দীপ্তি ভ'রে
তাকাও আমার মৃথে। অনাগ্রীয় অসিত অম্বরে
এলাও অস্পৃষ্ঠ কেশ সক্ষা, নিরুপম,
স্থপ্রস্থন্ড বরাভয়ে আত্মতাগী বেরেনিকে-সম।
হেমস্থ হাওয়ার নিমন্ত্রণে
অনন্দ আত্মারে মোর ডাক দাও নীহারশয়নে
হস্তর নান্তির পরপারে;
দাঁড়ায়ে যে-নির্বাণের নির্লিপ্ত কিনারে
নিরুদ্বেগ নচিকেতা দেখেছিলো অধামুথে চাহি
সম্ভোগরাত্রির শেষে ফেনিল সাগরে অবগাহি
ক্ষিতকাঞ্চনকান্তি নগ্ন বস্ক্ষরা
ভারই প্রলোভনতরে সাজায়িছে যৌবনপসরা

রূপে, রসে, বর্ণে, গন্ধে, কামাতুর রামার সমান, হে বৈদেহী, করো মোরে সেখানে আহ্বান ॥

পশুশ্রম, নাহি মিলে সাড়া;
শৃশুতার কারা
অগোচর অবরোধে থিরে মোর আর্ত মিনতিরে;
যতই পলাতে চাই অভেন্স তিমিরে
মাথা ঠুকে রক্তপঙ্গে পড়ি,
অগ্রজের মৃতদেহ যায় গড়াগড়ি
ক্রিমিভোগ্য তুর্গন্ধে যেথানে,
চরে যেথা ক্ষয়ন্তুপে ভোজ্যের সন্ধানে
ক্রেদপুষ্ট সরীস্থপ, স্বেদস্রাবী বক্র বিষধর,
পদ্ধিল মন্তৃক আর মৃষিক তন্ধর,
বক্তনথ পেচক, বাহুড়॥

বমনবিধুর
আমার অনাত্ম্য দেহ প'ড়ে আছে মুন্মর নরকে।
মৌন নিরালোকে
ভুঞ্জে তারে খুশিমতো গৃর্ধু নিশাচর।
হস্তর, হস্তর, জানি, শান্তি মোর হংসহ, হস্তর।
মনে হয় তাই
আত্মরক্ষা হাস্থকর, স্থসংকল্প মৌথিক বড়াই,
জীবনের সার কথা পিশাচের উপজীব্য হওয়া,
নির্বিকারে, নির্বিবাদে সওয়া
শবের সংসর্গ আর শিবার সদ্ভাব।
মানসীর দিব্য আবির্ভাব,
সে শুর্ধু সম্ভব স্বপ্লে, জাগরণে আমরা একাকী;
তাহার বিধ্যাত রাখি,
সে নহে মঙ্গলস্ত্র, কেবল কুটিল নাগপাশ;

অনেয় জগতে
নিজস্ব নরক মোর বাঁধ ভেঙে ছড়ায়েছে আজ;
মান্থবের মর্মে মর্মে করিছে বিরাজ
সংক্রমিত মড়কের কীট;
শুকায়েছে কালস্রোত, কর্দমে মিলে না পাদপীঠ।
অতএব পরিত্রাণ নাই।
যন্ত্রণাই
জীবনে একান্ত সত্য, তারই নিরুদ্দেশে
আমাদের প্রাণযাত্রা দাক্ষ হয় প্রত্যেক নিমেষে॥

ব্যাপ্ত মোর চতুর্দিকে অনুষ্ঠ অমার পটভূমি; সবই সেথা বিভীষিকা, এমনকি বিভীষিকা তুমি॥

৫৮. প্রার্থনা

হে বিধাতা,
অতিক্রান্ত শতাব্দীর পৈতৃক বিধাতা,
দাও মােরে ফিরে দাও অগ্রজের অটল বিশ্বাদ।
যেন পূর্বপুরুষের মতাে
আমিও নিশ্চিন্তে ভাবি ক্রীত, পদানত,
তুমি মাের আজ্ঞাবাহী দাদ।
তাদের সমান
মণ্ডুকের কূপে মােরে চিরতরে রাথাে, ভগবান।
কর্মঠবৃত্তির অহংকারে
ঢাকাে ক্রণভঙ্গুরতা। তাদের দৃষ্টান্ত-অভুসারে
আমিও ধরাকে যেন সরা জ্ঞান করি।

মর্যাদার ছিদ্রিত গাগরি জোড়ে যেন বারংবার ডুবে আক্মপ্রসাদের স্রোতে। রৌদ্র জ্যোতি হ'তে আবার ফিরাও মোরে তমসার প্রত্ন দায়ভাগে। ঘুণধরা হাড়ে যেন লাগে উঞ্চপুষ্ট জ্যেষ্ঠদের তৈলসিক্ত মেদ; মরে যেন উদ্বন্ধনে অপজাত হৃদয়ের খেদ॥

পিতৃপিতামহদের প্রায়
তোমার নামের গুণে তীর্ণ হ'য়ে দশম দশায়
মৃঢ়, মৃক গড়লেরে দিই যেন বলি
রক্তপিপাদিত বৃপে।
বাচাল বিদ্রপে
হংকারিলে হুর্বৃত্তের উদ্ধত দস্টোলি,
গুরুজনদের মতো করি যেন দাষ্টাঙ্গ প্রণাম
শক্তির উচ্চল পায়ে; আর্তির সংক্রাম
কেটে গেলে কালক্রমে জনাকীর্ণ রাজপথ থেকে,
ফীত বৃকে অপ্রতিষ্ঠ পৌরুষেরে ঝেড়ে,
হাদিম্থে হাত নেড়ে
পলাতক সধর্মীরে ডেকে,
প্রমাণিতে পারি যেন দবই তব ইচ্ছা, ইচ্ছাময়॥

এলে পরে লাভের সময়,
সদসংনির্বিচারে, সকলই তোমার দান ব'লে,
নিংস্বের স্বেদাক্ত কড়ি হাতায়ে কৌশলে
আমিও জমাই যেন যক্ষ্যংরক্ষিত কোষাগারে।
শ্রুতিধর মান্ধাতার উক্তির উদ্ধারে
লুকায়ে ইক্রিয়াসক্তি; অবিমৃশ্য জন্মের জঞ্চালে

বিষায়ে সংকীর্গ সৌধ; জলে, স্থলে, নভে
বিরোধের বীজ বুনে; নিরস্তর নিদ্ধাম প্রসবে
ভগ্নস্থাস্থা গভিণীর ক্লিল্ল অন্তকালে,
তোমার প্রতিভূ সেজে, উন্নরক স্বর্গের আশ্বাসে
সাধনীর সদ্গতি যেন করি।
উধর্ব খাদ উৎসবের উদ্বায়ী উচ্ছাসে
তোমারে পাশরি,
দাকণ তুর্দিনে যেন পূজা মেনে বিশ্বয়ে শুধাই,
শ্বরণে কি নাই,
দ্যাময়, আপ্রিতেরে শ্বরণে কি নাই ১"

ভগবান, ভগবান, অতীতের অলীক, আত্মীয় ভগবান, অভিব্যাপ্ত আবির্ভাবে আজ আমার স্বতম্র শৃত্যে করো তুমি আবার বিরাজ। শকুনির ক্ধানিবারণে শস্ত্রপাম কুরুকেত্রে মায়াবাদ ভ'নে, স্চ্যগ্রমেদিনীলোভী যুযুংস্করে ক্ষমিতে শেখাও অপরের অপঘাত। তুলে নাও, আমার রথাশরজ্ব, হে সারখি, তুলে নাও হাতে। স্বার্থের সংঘাতে বিতর্ক, বিচার হানো। মর্মে মর্মে, মজ্জায় মজ্জায় জাগাও অন্তায়, শাঠ্য। হিংস্ৰ অলজ্জায় পুণ্যশ্লোক সগোত্রের তুল্য মূল্য দাও, দাও মোরে। অপ্রকট সতভার জোরে আমার অন্তিম যাত্রা, অতিক্রমি স্থমেরুর বাধা, হয় যেন নন্দনে সমাধা, যেখানে প্রতীক্ষারত স্থরস্থন্দরীরা স্কৃতির পুরস্কারে পাত্রে ঢেলে অমৃত মদিরা,

নীবিবন্ধ খুলে, শুয়ে আছে স্বপ্নাবিষ্ট কল্পতক্ষমূলে॥

কিন্তু যেথা সপিল নিষেধ
স্বপুচ্ছের উপজীব্যে সাধে আত্মবেদ
প্রমিতির বিষর্ক্ষে, অমিতির অচিন্ত্য অভাবে;
অন্তরঙ্গ জনতার নিবিড় সদ্ভাবে
হয়নি বাসোপযোগী অভাবধি যে-নিন্তাপ মক;
পশুপতি বাজায়ে ডমক
মোর গোষ্ঠীপতিদের নাচায়নি যার ত্রিসীমায়;
নিরালম্ব নিরালোকে যেথা
দেব-দ্বিজ-প্রবঞ্চিত ত্রিশক্ক্ ঝিমায়,
মৌনের মন্ত্রণা শোনে মৃত্যুবিপ্রলক্ষ্ নচিকেতা;
সেথানে আমার তরে বিছায়ো না অনন্ত শ্যান,
হে ঈশান,
লুপ্তবংশ কুলীনের কল্পিত ঈশান ॥

७०. जयाखि

বরষাবিষপ্প বেলা কাটালাম উন্মন আবেশে।
জনশৃত্য হৃদয়ের কবাট উদ্ঘাটি,
স্মরণের চলাচল করিলাম সহজ, সরল।
দৃষ্টিহারা নেত্রপাতে দেখিলাম সন্নত আকাশে
এইমতো আর এক দিবসের ছবি।
অবিশ্রাস্ত বৃষ্টির বিলাপে
ভনিলাম সে-কঠের স্নেহসন্তাবন।
অর্গলিত বাতায়নে ঝটিকার নিরর্থ আকোশে
বিচ্ছেদবিধ্বস্ত হিয়া বাথানিলো ক্ষ্ম অক্ষমতা
নির্বিকার, নিরুক্তর, কক্ষ বিধাতারে॥

এলো সন্ধ্যা রিক্তবরিষণ:
দিনান্তের মৃমৃষ্ বৈতিকা
প্রাক্নিবাপণ দীপ্তি প্রজ্ঞালিত করিল সহসা
প্রাণের অস্তিম শক্তিব্যয়ে;
তার পর অস্তবে বাহিরে
অন্ধকার বিস্তারিল শব্পাবরণী॥

মনে হলো আশা নাই
মনে হলো ভাষা নাই পিঞ্জরিত ব্যর্থতা বলার।
মনে হলো
সংকুচিত হয়ে আদে মরণের চক্রব্যুহ যেন।
মনে হলো রন্ধ্রচারী মৃষিকের মতো
শটিত জ্ঞালকণা কুড়ায়েছি এত কাল ধ'রে
কুপণের ভাগুরে ভাগুরে;
এইবার কুরায়েছে পালা,
ঘাতক যন্ত্রের কারা অবক্রম্ন হলো অবশেষে;
এইবার উত্তোলিত সম্মার্জনীমূলে
পিষ্ট হবে অচিরাং অকিঞ্চন উঞ্গুরুত্তি নম॥

৬০. সংবর্জ

এখন ও বৃষ্টির দিনে মনে পড়ে তাকে প্রাদেশিক শ্রামলিমা যেই পাংশু সাধারণ্যে ঢাকে, অমনই সে আসে, রেথারিক্ত ভাবচ্ছবি, অবচ্ছিন্ন স্মৃতির উদ্ভাসে ' লাক্ষণিক,—নেত্রসার, কপোলপ্রধান প্রাক্প্রচ্ছদ নটা যেন। সঙ্গে সঙ্গে ঘোচে ব্যবধান দৃশ্য ও দ্রষ্টার মধ্যে: ভুলে যাই উত্তরচল্লিশ আমি; উদ্গ্রীব হয়েও যদি চাই,

তবু গলকম্বলের থর মুকুরের অধিকাংশ জোড়ে; নতোদর লুকায় পায়ের ডগা অধোমুখে কচিং তাকালে; স্থানবিনিময় করে চাঁদিতে কপালে, চুলের প্রলেপ ওড়ে নামমাত্র বাতাদে যখন। বীমাই জীবন বুঝি বটে, কিন্তু ঠিক মাদে মাদে কিন্তির যোগান দিতে গিয়ে বাজারখরচে পড়ে টান। অথচ ডাক্তারে বলে তন্ত্রকয় এ-বয়দে নিতান্ত নিশ্চয়: পুষ্টিকর পথ্য বিনা অতএব গত্যস্তর নেই ; এবং যেকালে আজও রয়েছি বেঁচেই, তথন কী ক'রে মরি, মৌরদের উচ্ছেদ না হোক, অন্তত চৌধুরীদের ভদ্রাসনক্রোক अहरक ना (मर्थ : তাতে যদি তুলালেরা নম্তা বা কাওজান শেখে॥

বৃষ্টির বিবিক্ত দিনে ভূলি দে-সকলই;
এ-বাড়ির অন্থমিত গলি
মনে হয় অগ্নণীর পদপ্রার্থী পথ,
যার প্রান্তে মৃদ্রিত জগং
ফ্রতির প্রতীক্ষা করে।
তথন থাকে না মনে—দিগন্তরে
উচ্ছিষ্ট উল্লের বাটোরারা,
হিংসার প্রমারা,
হুগিত মারীর বীজ শস্তশৃত্য মাঠে;
চ'ড়ে বসে নিহত বা নির্বাসিত স্বৈরীদের পাটে
প্রতিদ্বন্দী সর্বেস্বরা যত; নির্ব্বক
পৃষার একর্ষি নাম, অন্থর্যের পুরাণ ঝলক,

হির্থার পাত্র ঠেলে ফেলে, দেয় মেলে **অন্ধতম অতিপ্ৰজ বন্মীকে বন্মীকে** ; বিমানের বাহ চতুর্দিকে, মাতরিখা পরিভ কবির কণ্ঠখাস। মূল্যহাস সবত্র সর্বথা আবশ্যিক,—বোঝে না সে-সোজা কথা ত্তধু যার ভূসম্পত্তি আছে; উদয়াস্ত ভেবে মরি,—থেয়ে প'রে নেহাৎ যা বাঁচে নিভয়ে ভা থাটাতে পারি না। অথচ প্রত্যহ শুনি চার্চিলের স্বেচ্ছাচার বিনা অসাধ্য সামাজ্যরক্ষা, অব্যর্থ প্রলয়, এবং যে-ব্যক্তিম্বর সভ্যতার সন্মত আশ্রয়. তারও অব্যাহতি নেই অপঘাত থেকে: একা হিট্লারের নিন্দা সাণে আজ বাগে কি বিবেকে ?

কিন্তু তার দিব্য আবির্ভাবে
প্রেতার্ত অভাবে
জাগে যেন প্রক্রাপারমিতার অভয়;
ক্রেদ-মেদ-খেদের আলয়—
জঘন্ত জাস্তব দেহে দেশ-কাল-সংকলিত মল
সংসক্ত থাকে না আর; তন্মাত্রাসম্বল
হয় তয় আচম্বিতে।
নির্বিকার স্বপ্লের নিভূতে,
বিয়োগান্ত নাটকের উত্যোগী নায়ক, আমি পাতি
যৌবরাজ্য,—ব্যোম্বান, কামান, পদাতি
যে-রাষ্ট্রের অঙ্গ নয়; স্থায়, ক্ষমা, মিতালি, মনীবা
যার মুখ্য অবলম্ব, জিঞ্জীবিষা

সামাভ লক্ষণ;
খাপদসংকুল নয় যেখানে কানন,
ত্রাক্রম্য নয় সিরিচ্ড়া,
পরিক্রতস্থরা
নিদাঘের অফুরস্ত দিন,
স্থর্নধারার শম্পশ্রামল পুলিন
উৎপিঞ্জর তাকণ্যের লাশ্রময় লীলায় মুখর,
গন্ধবহদমার্জিত স্থরাট্ অম্বর
দেয় ফিরে
অবরোহী সন্ধ্যার শিশিরে
অন্তপূর্ব মান্ত্যের অভ্যুদিত চিত্তের প্রসাদ;
জয়্মুক্ত স্ত্রেদেমান্-বিয়ার সংবাদ॥

হয়তো তথনই উপশয়ী সংবর্তের আড়ালে অশনি লেলিহান করবালে ধার দিতে শুরু করেছিলো। প্রবাদের ধুয়ো ধরেছিলো তংপূৰ্বে অন্তত মুদোলীনি যুদ্ধগামী বর্বরের মতো; এবং উদ্বাস্থ ট্রটস্কি ইতিমধ্যে দেশে দেশাস্তরে ঘুরে মরেছিলো, পুরাকালীন শহরে গলঘণ্ট কুষ্ঠরোগী যত দার সব বন্ধ দেখে ষেমন নির্জনে ষেত ভিক্ষাব্যতিরেকে। কিন্ত তার বক্র কেশে অন্তগত সবিতার উত্তরাধিকার. সংহত শরীরে দ্রাক্ষার দিতাংশু কান্তি, নীলাঞ্চন চোথের গভীরে তাচ্ছিল্যের দামিনীবিলাস: গোটে, হেলডার্লিন, রিক্কে, টমাস মানের উপস্থাস দেওয়ালের পোপে থোপে, বাথের সনাটা
ক্লাভিয়েরে, শতায়ু ওকের পাটা
ভেজক্রিয় উংকোণ পটলে :
বায়ব্য অঞ্চলে
রক্ষিত মঞ্চলিপ, অনাদি নগরী,
মালা জ'পে, কাটায় শর্বরী
স্থাবিষ্ট সভ্যতার নিশ্চিন্ত শিয়রে ।
লেগেছিল হাস্থকর স্বভাবত সে-সবের পরে
ক্টাগার থেকে দেখা স্বন্থিকলাঞ্ছন
বালখিল্য নাট্সীদের সমস্বর নামসংকীর্তন
মশালের ধুমার্ত আলোকে :
বরঞ্চ বৃষ্টির দিনে স্তর্ন শোকে
নির্বাক বিদায়
স্বরণীয় স্বন্থ ম্যালায় ॥

অবশ্য ব্ৰেছি আজ এ-সিদ্ধান্ত নিতান্তই মেকি:
কারণ অবয়ব্যতিরেকী
সত্য-মিগ্যা, ভালো-মন্দ, জন্দর-কুংসিত,
এবং সে-নিত্যবিপরীত
দল্দমাদের সঙ্গে তুলনীয় মেরুবিপর্যয়
বিকল্পস্থভাব ক্ষেত্রে। নিঃসংশয়
উপরন্ত এও
বিশামিত্র দস্থ্যরাই ব্যক্তিনামধেয়
যদিচ প্রাক্তের মতে, তবু ব্যষ্টিসংকল্পের ঝোঁকে
প্রাপ্তক্ত দোলকে
কখনও বিলম্ব ঘটে, কদাচিং ক্রতি।
তবে কেন ভোলে প্রতিশ্রুতি ?
বারোটা উত্তীর্ণ, কিন্তু টেলিফোন করে কই লীলা ?
অথচ রন্ধিলা

নয় সে দীপ্তির মতো; অন্তত সে জানে সমাজের ঘুম নেই, শ্রুতি আছে দেওয়ালের কানে; গোপন স্বযোগ নিতান্ত তুৰ্লভ তাই, উপভোগ পরিণামচিন্তায় ব্যাহত। তাহলে কি অসময়ে ফিরেছে প্রমথ নিন্দুকের প্রেরণায় ? এত দিনে সফল নতুবা সে-বাচাল যুবা থার পেশা কতীর সম্ভ্রমহানি ? ইচ্ছার সামর্থা নেই মানি; তথাপি টাকার আজ্ঞা প্রলয়েও লঙ্ঘনীয় নয়: বন্ধকীর নিলামে বিক্রয় মারোয়াড়ীদের গ্রাসে তুলে দেয় বাঙালীর দায়। স্থতরাং যে মাঝারিবয়সীকে চায়, সে নিশ্চয় প্রকৃতিভিগারী, নচেং বিকারী॥

র্থা স্বপ্ন ; সংকল্প অক্ষম ;
মতিভ্রম
রৃষ্টির বিবিক্ত দিনে অসংলগ্ন স্থৃতির সংগ্রহে
কিংবা শুধু মৌথিক বিদ্রোহে
নিঃদঙ্গ জরার আতি ভোলার প্রয়াদ ।
কিন্তু মানবেতিহাসে মাঝে মাঝে আদে মলমাদ,
কর্মচ্যত পৃথিবী যথন
উন্মার্গ ঘূমের ঘোরে, নাক্ষত্রিক সহযাত্রীগণ
সে-অপচারীকে ভূলে ছোটে লোকাতীতে ;
নির্বাণ নিশীথে
কারাক্ষদ্ধ আয়ুর মিয়াদ,
রোমন্থ বিস্বাদ,

বিষায়িত ভবিষ্কোর ধ্যান, অভিজ্ঞান শকুন্তের স্পর্শকলুষিত। প্রমাবিরহিত অন্ধ বিশাসের বশে তথন মাত্য থোঁজে ফের অশক্ত বা অসম্পুক্ত অধিদৈবতের পুরাতন পদপ্রান্তে সংগতি বা পৈতৃক অমিয়, कार्यं यमि ध ঐকাণ্ডিক শৃশু তাকে করে বিশ্বস্তর; কারণ তথন বায়ু অনিলে মেশে না, অবস্থর ভস্মান্ত হয় না, অন্তব্যবসায়ী ক্রত বোঝে সন্তাপেও ব্যাপ্ত ব্রহ্মাণ্ডের বীতাগ্নি বেপথ। অন্তহিত আজ অন্তৰ্যামী: রুশের রহস্তে লুপ্ত লেনিনের মামি, হাতুড়িনিশিষ্ট ট্রটিক্ষি, হিটলারের স্থহদ স্টালিন, মৃত স্পেন, মিয়মাণ চীন, कत्य क्त्रांनीरम्। तम अथन १ तिरु আছে कि ना, তা স্থন্ধ জানি না॥

মণীশ ঘটক

৬১. পরমা

আর কেহ বৃঝিবে না ; তোমাতে আমাতে এ বোঝাপড়ার পালা সাঙ্গ ক'রে যাবো আজ রাতে অস্তরঙ্গ আলাপনে। রাত্রির অঞ্চল সঞ্চালনে শাস্ততর, স্মিগ্ধতর হ'য়ে এলো বায়ু, তৃতীয়ার চন্দ্রের প্রমায় হোলো শেষ। মেঘলোক হ'য়ে পার ঘনিষ্ঠ আঞ্চেয রচে পরম আত্মীয় অন্ধকার।

হলা পিয় সহি,
জান্তব জিগীযা বক্ষে অতীতের সে নিযাদ নহি আনি নহি
একদা যে আদক্ষের ক্রুর আক্রমণ
সবিদ্রপে উপেক্ষিয়া কুমারীর আত্মরক্ষা-পণ
বধির বাদব-হস্তচ্যত বক্ষমম
তোমারে করিলো চূর্ণ, আমারি নির্মম
স্বার্থ-পরমার্থ-দ্বন্দ্বে আজি নির্বাপিত
সে অনল, স্মৃতিভন্মস্ত্রপে সমাহিত।
অনলদ কাল-আবর্তনে
মহীক্রহ হয়েছে অস্কার। হয়তো পরম কোনো ক্ষণে
অঙ্গারে ফুটিবে হীরা। সে-প্রসঙ্গ আজি অবাস্তর।

পূর্ণলোছ যৌবনের মধ্যাক্তে ভাস্কর
সেদিন জলিতেছিলো এ দেহ-অম্বরে।
দিকে দিগন্তরে
সমীর শ্বনিতেছিলো অগ্নিবর্ষী শ্বাস।
চক্ষে ভরি' ত্রাস,
ভূমি কেন ঝাঁপ দিলে সে ধ্বংস-উৎসবে ?
যৌবন গৌরবে
বক্তলশাসনম্ক্ত ভূক্ক শুনদ্বর
সহসা উদ্বেল হোলো শুল্ল বক্ষময়।
শিহরিলো প্রবাল অধ্বর
কেন্দ্রীভূত কামনার চূম্ক বিধারে থরথর।
অজ্ঞাত শক্ষায়
অপাক্ষে অনক্ষতীর মৃত্মুক্ত থমকিলো হায়!

আশ্রম-আশ্রম ত্যজি আজন্ম তাপদী করস্থতা নিঙ্কলুষা কুরঙ্গীর নৃত্যরঞ্চে হ'লে আবিভূতা। নিঙ্করণ কিরাতের পক্ষ সংস্পর্শে আচম্বিত মদাগ্লৃতা,—হারালে সম্বিং।

হায় দথি হায়,
তুমি ত জানিলে নাকো দেই মৃগয়ায়
এক অত্মে হত হোলো মৃগী ও নিষাদ।
আদিরিপু উন্মোচিলো প্লাবনের বাঁধ,
দেই পথ দিয়া
প্রেম এলো বক্তাসম ত্কুল প্লাবিয়া
স্থপন্তীর সমারোহে।
অনাদ্যন্ত আজো তাহা বহে
ত্রার প্রবাহে তুলি উন্মন্ত কলোল,
আমার নিপিল তারই উল্লাসে আজিও উত্রোল

অমিয় চক্রবর্তী

(জ. ১৯০

৬২. সংগত্তি

মেলাবেন তিনি ঝোড়ো হাওয়া আর
পোড়ো বাড়িটার

ক ভাঙা দরজাটা।

মেলাবেন।
পাগল ঝাপটে দেবে না গায়েতে কাঁটা।
আকালে আগুনে তৃষ্ণায় মাঠ ফাটা
মারী-কুকুরের জিভ দিয়ে থেত চাটা,—
বন্সার জল, তব্ ঝরে জল,
প্রলয় কাঁদনে ভাদে ধরাতল—
মেলাবেন।

তোমার আমার নানা সংগ্রাম, দেশের দশের সাধনা, স্থনাম, ক্ষুধা ও ক্ষুধার ষত পরিণাম

জীবন, জীবন-মোহ, ভাগাহারা বৃকে স্বপ্নের বিজোহ—

মেলাবেন, তিনি মেলাবেন।

তুপুর ছায়ায় ঢাকা, সঙ্গীহারানো পাণি উড়ায়েছে পাথা, পাথায় কেন যে নানা রঙ তার আঁকা। প্রাণ নেই, তবু জীবনেতে বেঁচে থাকা

—মেলাবেন।

তোমার স্বষ্টি, আমার স্বষ্টি, তাঁর স্বষ্টির মাঝে যত কিছু স্থর, যা-কিছু বেস্থর বাজে

य्यातिम् ।

মোটর গাড়ির চাকায় ওড়ায় ধুলো, যারা স'রে যায় তারা শুধু—লোকগুলো;

কঠিন, কাতর, উদ্ধত, অসহায়, যারা পার, যারা সবই থেকে নাহি পায়, কেন কিছু আছে বোঝানো, বোঝা না যায়—

भ्यादिन।

দেবতা তব্ও ধরেছে মলিন ঝাটা,
স্পর্শ বাঁচায়ে পুণ্যের পথে হাঁটা,
সমাজধর্মে আছি বর্মেতে আঁটা,
ঝোড়ো হাওয়া আর এ পোড়ো দরজাটা

মেলাবেন, তিনি মেলাবেন ॥

৬৩. বৃষ্টি

অন্ধকার মধ্যদিনে বৃষ্টি ঝরে মনের মাটিতে ॥
বৃষ্টি ঝরে রুক্ষ মাঠে, দিগস্থপিয়াদী মাঠে, গুরু মাঠে,
মরুময় দীর্ঘ তিয়াধার মাঠে, ঝরে বনতলে,
ঘনগ্রামাঞ্চিত মাটির গভীর গৃঢ় প্রাণে
শিরায় শিরায় স্থানে, বৃষ্টি ঝরে মনের মাটিতে।
পানের থেতের কাঁচা মাটি, গ্রামের বৃকের কাঁচা বাটে,
বৃষ্টি পড়ে মধ্যদিনে অবিরল ব্ধাধারাজলে॥

যাই ভিজে ঘাদে ঘাদে বাগানের নিবিড় পল্লবে স্তম্ভিত দিঘির জলে, তরে স্তরে, আকাশে মাটিতে॥

অন্ধকার বর্ণাদিনে রুষ্ট ঝরে জলের নির্থারে গতির অসংখ্য বেগে, অবিশ্রান্ত জাগ্রত সঞ্চারে, স্বপ্পবেগে সঞ্চলিত মেঘে, মার্চে, কম্পিত মাটির অন্তপ্রাণে। গোল্যা পাথরে জল পড়ে, অরণ্য তরঙ্গশীর্ষে, মার্চে ফিরে নামে মর্মজল সমুদ্রে মাটিতে। বৃষ্টি ঝরে॥

মেঘে মাঠে শুভক্ষণে ঐক্যধারে

বিহাতে আগ্রনে ঘূর্ণাঝড়ে

স্জনের অন্ধকারে বৃষ্টি নামে বর্ধাজলধারে॥

রচিত বৃষ্টির পারে, রৌক্ত মাটি, ক্ষ্দ্র দিন, দ্র, উদাসীন মাঠে মাঠে আকাশেতে লগ্নহীন স্থর॥

বড়োবাবুর কাছে নিবেদন

তালিকা প্রস্তত:
কী কী কেড়ে নিতে পারবে না—
হই না নির্বাদিত কেরানি।
বাস্তভিটে পৃথিবীটার সাধারণ অন্তিত্ব।
যার এক খণ্ড এই ক্ষুদ্র চাকরেব্র আমিত্ব।
যতদিন বাঁচি, ভোরের আকাশে চোখ জাগানো,
হাওয়া উঠলে হাওয়া মুখে লাগানো।
কুয়োর ঠাণ্ডা জল, গানের কান, বইয়ের দৃষ্টি
গ্রাম্মের তৃপুরে বৃষ্টি।
আপন জনকে ভালোবাদা,
বাংলার শ্বভিদীর্শ বাড়ি-ফেরার আশা।

তাড়াও সংসার, রাখলাম
বুকে ঢাকলাম
জন্ম জন্মান্তরের ভূপ্তি যার যোগ প্রাচীন গাছের ছায়ায়
তুলদী-মগুপে, নদীর পোড়ো দেউলে, আপন ভাষার কঠের মায়ায়।
থর্ডক্লাশের ট্রেনে যেতে জানলায় চাওয়া,
ধানের মাড়াই, কলা গাছ, কুকুর, থিড়কি-পথ ঘাসে ছাওয়া।
মেঘ করেছে, তু-পাশে ডোবা, সবুজ পানার ডোবা,
স্থলরফুল কচ্রিপানার শন্ধিত শোভা,
গন্ধার ভরা জল; ছোটো নদী; গাঁয়ের নিমছায়াতীর—
হায়, এও তো ফেরা-ট্রেনের কথা।

শত শতাব্দীর তঙ্গ বনশ্রী নির্জন মনশ্রী : তোমায় শোন।ই, উপস্থিত ফর্দে আরো আছে-দূর-সংসারে এল কাছে বাঁচবার সার্থকতা॥

৬৫. চেত্তন স্থাকর

সোনা বানাই। সাঁকোর বা পাশে গয়না কাচের বাক্সে, জানালায় দ্রষ্টব্য ; জানলার উপর মহনা বেগে হঠে তোমাদের ভিড়ে—ছোলা থাও, বলো "রাধে রাধে" "কেষ্ট কেষ্ট"—শ্বলতে বাধে

গলিতে, তোমাদের অতীব নোংরা গলিতে, সোনার স্থন্দর, রুপোর রূপকার, এই নর্দমার দোকান দেহলিতে ধ্যান বানাই। এই আমার উত্তর। ড্রেন, ধুলো, মাছি, মশা, ঘেয়ো কুত্তোর

আড়ং বেঁধে আছ, বাঁচো (কিমাশ্চর্য বাঁচা) এবং যমের রূপায়, মরা ;
অমৃতস্ত অপম পুত্র, বন্দী স্যাংসেঁতে গলির ঘরে ইত্র-ভরা ;
নেই রাগ।—অবশ্য। আছ আনন্দে। থাও ভেজাল ঘিয়ের জিলিপি,
শিশু কাদায়, ধোঁয়ার সংসার, খুলে ওয়ুধের ছিপি

মা-বোনকে থাওয়া ৩—দয়ার ডাক্তার অন্তিম লাগলে, তংপুবাবিধি রান্নার পাকে ক'ষে ঘোরাও; নিজে ভাগলে, শক্ত সিনেমার সীটে, ইতর প্রাণের গিণ্টি মুখ-ভরা পান, দুখ্য হলিউড, মোক্ষের পিল্টি

ভোলায় শিক্কার, সন্ধেটা কার্টে; তবু রাত্রে জেগে ভাবো ভাবোই কিছু একটা হয়তো হবে, বুঝি বা কোণায় যাবো, যাবোই— কোথাও যাবে না, গলিতেই থাকবে। বড়ো রান্ডায় যাদের বাসা হাঁ ক'রে দেখবে তাদের মোটর, পনেরোটা বেড়াল, সথের চাকর— থাকবে থাসা, কেউ ভোবে না তাদের ঘোড়-দৌড়, মদ-পাশা ; দারোয়ানের লাঠি বাঁচাবে তাদের লুঠ-ভরা সিন্দুক ; একটু ঈধা করবে, দীর্ঘথাস তরু তাদের চাটবে মাটি,

চাকরির রাস্তায়। তোমরা ধার্মিক, রুফ্ণের জীব, বিদ্রোহ করো না, অদৃষ্ট মানো,

পরজন্মের পথ পাও গলিতেই : আহ। গদ্গদ্ মাছ্লি, তাগা, মৃতি, বুকে টানো ;

গুরুর দর্শন, কর্তার বাক্য, দলীয় ভক্তির অদ্ভূত দৈবে মরলে যাও স্বর্গে—জীবনকে বানাও নরক—বিশুদ্ধ আর্যামি সইবে বিদেশীর শাসন : যতক্ষণ আছে জাত, অধিকারী-তত্ত্ব, ফ্রেচ্ছকে দ্বণা, ভয় কী দেশের ? বাহিরের পরাজয় হবেই তো, (ভিতরে জীবন্মুক্ত) কলিযুগ কিনা।

তাল তাল সোনা, উত্তম উত্তর ; ছুঁড়ে তো নারা যায় না ? গলিয়ে গলিতে মেশাই রোদ্ধুরে, দাঁড়ের ময়নাকে দিই বাহনা গান শোনায় বনের ; চোথে আছে, আমার চালসের চোথেও, গাঁয়ে গন্ধার উপর

শুল্র ধাপ, তেঁতুলগাছের ঝিলমিল, প্রাণের ছাঁদ মেলাই রুপোর
চক্রহারে, দোলাই কানের ছলে, আমার উত্তর মণিতে বাঁধি;
জেলে দিতে পারিনে গলিকে (এবং তোমাদের), নই নৈতিক পন্টন,
সভার বক্তা ইত্যাদি।

শুধু জানি আগুন, আগুনের কান্ত, স্বষ্টির আগুন, লাগলে প্রাণে তীব্র হানে বেদনা জাগবার, আর্টের আগুন, মরীয়াকে টানে।

গবিত আধব্ড়োর উদ্ধত এই গয়না।
ভিড়ে কাচ ভেঙো না;—বুলি, বুলি, রাম রাম, বলো ময়না
বলো ফার্নি, আরবি, ধার্মিক গজল—ফিরে গলির গর্তে
সোনার মার নাও সঙ্গে—পারো তো কিছু কিনো—থাক, চাইনে
থদ্বের ধরতে॥

৬৬. পিঁপড়ে

আহা পিঁপড়ে ছোটো পিঁপড়ে ঘুরুক দেখুক থাকুক কেমন ধেন চেনা লাগে ব্যস্ত মধুর চলা— স্তব্ধ শুধু চলায় কথা বলা— আলোয় গদ্ধে ছুঁয়ে তার ঐ ভূবন ভ'রে রাথুক, আহা পিঁপড়ে ছোটো পিঁপড়ে ধুলোর রেণু মাথুক॥

ভয় করে তাই আজ সরিয়ে দিতে
কাউকে, ওকে চাইনে হৃঃথ নিতে।
কে জানে প্রাণ আনলো কেন ওর পরিচয় কিছু,
গাছের ভলায় হাওয়ার ভোরে কোথায় চলে নিচুআহা পিঁপড়ে ছোটো পিঁপড়ে সেই অতলে ডাকুক।
মাটির বুকে যারাই আছি এই হু-দিনের ঘরে
ভার শ্বরণে সবাইকে আজ ঘিরেছে আদরে॥

৬৭. ব্লাত্তিযাপন

বুকে প্রাণটা এমনিই রইলো, জানো ভাই, ঘরে দাঁড়িয়ে মন বললে শুধু, যাই

—याई।

প্রকাণ্ড তামার চাঁদ রাত্রে
গ'লে হ'ল সোনা। সোনার পাত্রে
পরে আভার ছড়ালো অন্তর্লীন রোদ্ধুর।
নৌকো দূরে গেলো বেয়ে সেই নীল অভ্রের সমৃদ্ধুর।
সেদিন রাত্রে যখন আমার কুমু বোনকে হারাই

আর, **অজ্ঞান মূ**হুর্তগুলো, তারায় মিলিয়ে রইল স্বচ্ছধারায়। জেগে-থাকা চোথে,
মাটিগাছমাঠের জমা-ঠাণ্ডা দৃশ্য পলকে পলকে
বদলালো একটু বর্ণ ; তবু বর্ণহীন
একটু আলো ছিলো, ক্ষীণ, খুব ক্ষীণ।
আলোর সংদ্ধ প্রাণ অণুতে অণুতে কী হচ্ছিলো। কালোর মধ্যে
দিয়ে উদয়।

অগ্র কিছু নয়।

তিরোহিত চন্দ্রবর্ণ আকাশে উষা

এলো আবার দিন, প্রাচীন সোনার বেশভূষা।

ঘরের দেয়ালগুলো ফুটলো রাঙা আঁচড়ে।

তার পর ? মেঘের স্তরে স্তরে

রৈজিকার বিষণ্ণ স্থন্দর সকাল এলো ভ'রে।

তথন দরজায় দেথলেম দাঁড়িয়ে—হঠাৎ—আছি দবাই, জানো ভাই, —আর দবাই।

> বুকের হাড়ে শক্ত কালা নেই, কেবল, কী জানি হয়তো এমনিই মনে-করা, যাই, একবার যাই। রইলাম তবু। শক্ত ধরা॥

৬৮. বৃষ্টি

কেঁদেও পাবে না তাকে বর্ষার অজন্ম জলধারে।

ফান্ধন বিকেলে বৃষ্টি নামে। শহরের পথে ক্রত অন্ধকার। লুটোয় পাথরে জল, হাওয়া তমস্বিনী; আকাশে বিত্যুৎজ্ঞলা বশা হানে ইক্রমেঘ; কালো দিন গলির রান্ডায়। কেদেও পাবে না তাকে অজস্র বর্ধার জ্লধারে।

নিবিষ্ট ক্রান্তির স্বর ঝরঝর বুকে
অবারিত।
চকিত গলির প্রান্তে লাল আভা ত্রস্ত সিঁত্রে
পরার মুহূর্ত টিপ,
নিভে ষায় চোথে
কম্পিত নগরশীর্ষে বাড়ির জটিল বোবা রেখা।
বিরামস্তন্তিত লগ্ন ভেঙে
আবার ঘনায় জল।
বলে নাম, বলে নাম, অবিশ্রাম ঘুরে ঘুরে হাওয়া
খুঁজেও পাবে না ষাকে বর্গার অজস্র জলধারে।

আদিম বধণ জল, হাওয়া, পৃথিবীর।
মত্ত দিন, মৃথ্য ক্ষণ, প্রথম বাংকার
অবিরহ,
সেই স্প্রফিণ
স্রোভঃশ্বনা
মৃত্তিকার সত্তা শৃতিহীনা
প্রশন্ত প্রাচীন নামে নিবিড় সন্ধ্যায়,
এক আর্দ্র চৈতত্তের স্তব্ধ তটে।
ভেসে মৃছে ধুয়ে ঢাকা স্প্রীর আকাশে দৃষ্টিলোক।
কী বিহরল মাটি, গাছ, দাঁড়ানো মান্ত্য দরজায়
গুহার আধারে চিত্র, ঝড়ে উতরোল
বাবে-বারে পাওয়া, হাওয়া, হারানো নিরম্ভ ফিরে ফিরেঘনমেঘলীন
কেদেও পাবে না যাকে বর্যার অজ্ঞ্র জ্লধারে॥

৬৯. সাবেকি

গেল

গুরুচরণ কামার, দোকানটা তার মামার, হাতুড়ি আর হাপর ধারের (জানা ছিলো আমার) দেহটা নিজস্ব।

রাম নাম সত্ হ্যায় গোর বদাকের প'ড়ে রইলো ভরম্ভ থেত থামার। রাম নাম সত্ হ্যায়॥

ত্ব-চার পিপে জমিয়ে নস্তা হঠাং ভোরে হ'লো অদৃশ্য-ধরনটা তার খ্যাপারই— হরেক্বঞ্চ ব্যাপারি।

রাম নাম সত্ হাায়

ছাই মেথে চোথ শৃত্যে থুয়ে, পেরেকের থাট তাতে শুয়ে পলাতক সেই বিধুর স্বামী আরো অপার্থিবের গামী।

রাম নাম সত্ হায়

রান্না র্বেণে কান্না কেঁদে সকলের প্রাণ প্রাণে বেঁধে দিদি ঠাককন গেলেন চ'লে— থিড়কি ছয়োর শৃত্যে থোলে।

রাম নাম সত্ হায়

আমরা কাজে রই নিযুক্ত কেউ কেরানি কেউ অভুক্ত, লাঙল চালাই, কলম ঠেলি, যথন তথন শুনে ফেলি

রাম নাম সত্ হাায়

খনবো না আর যখন কানে বাজবে তবু এই এখানে রাম নাম সত্ হাায়॥

৭০. চির্নদিন

আমি যেন বলি, আর তুমি যেন শোনো
জীবনে জীবনে তার শেষ নেই কোনো।
দিনের কাহিনী কত, রাত চক্রাবলী
মেঘ হয়, আলো হয়, কথা যাই বলি।
ঘান ফোটে, ধান ওঠে, তারা জলে রাতে,
গ্রাম থেকে পাড়ি ভাঙে নদীর আঘাতে।
ছঃথের আবর্তে নৌকো ডোবে, ঝড় নামে,
ন্তন প্রাণের বার্তা জাগে গ্রামে গ্রামে—
নীলাস্ত আকাশে শেষ পাইনি কথনো
আমি যেন বলি, আর, তুমি যেন শোনো।

তুমি যেন বলো, আর আমি যেন শুনি
প্রহরে যায় কল্পজাল বৃনি।
কুমুদকহলার ভাদে থৈ থৈ জলে
কোণা মাঠ ফেটে যায় মারীর অনলে।
আঙিনায় শিশু থেলে, ফুলে ধরে মৌ,
তুলদীতলায় দীপ জালে মেজো বৌ।
দানাই বাজানো রাতে হঠাৎ জনতা
বিয়ে ভেঙে মালা ছিঁড়ে ছড়ায় মন্তভা।
মান্থ্যের প্রাণে তব্ অনস্ত ফাস্কনী—
তুমি যেন বলো আর আমি যেন শুনি॥

৭১. বিলিময়

তার বদলে পেলে—

সমস্ত ঐ স্তব্ধ পুকুর নীল বাঁধানো স্বচ্ছ মুকুর আলোয় ভরা জল— ফুলে নোয়ানো ছায়া ডালটা বেগনি মেঘের ওড়া পালটা ভরলো হদয়তল— একলা বুকে সবই মেলে॥

তার বদলে পেলে—

শাদা ভাবনা কিছুই-না-এর খোলা রাস্তা ধুলো পায়ের কাল্লা-হারা হাওয়া— চেনাকঠে ডাকলো দ্বে সব হারানো এই হুপুরে ফিরে কেউ-না-চাওয়া। এও কি রেখে গেলে॥

৭২. বৈদান্তিক

প্রকাণ্ড বন প্রকাণ্ড গাছ,—
বেরিয়ে এলেই নেই।
ভিতরে কত লক্ষ কথা, প'তা পাতায়, শাখা শাখায়
সবুজ অন্ধকার;
জোনাকি কীট, পাথি পালক, পেঁচার চোখ, বটের ঝুরি,
ভিতরে কত আরো গভীরে জন্ক চলে, হলদে পথ,
তীব্র বাবে জ্যোৎস্না-হিম বুক-চিরিয়ে,
কী প্রকাণ্ড মেঘের বাড় বৃষ্টি সেই আরণ্যক—
বেরিয়ে এলেই নেই।
ভিতরে কত মিষ্টি ফল, তীক্ষ স্বাদ ফুলের তীর,
ইচ্ছে ভরা বুনো আঙুর, জামের শাঁস,
ভিতরে কত ক্রতের ভয়, কথনো বেলা সময়হীন—
বেরিয়ে এলেই নেই।

চক্রবাল চোথে রেথেই বাহিরে চাই, গাঁয়ের ধোঁয়া একটু রেথা সন্ধ্যা হ'লে, অনাসক্ত নদীর জলে সিক্ত মাটি বিনা চাষের বুনো ধানের গুচ্ছে রয়, এথানে সবই বিরলতার। বুকের মধ্যে বাড়ি যাবার খুঁজে পাবার এথনো কোনো চিহ্ন নেই; দৃষ্টি আছে॥

৭৩. ১৬০৪ য়ুনিভার্সিটি ড্রাইভ

পরে পরে নয়, একসঙ্গে। ঝিরিঝিরি
চুলে ছোঁয় বস্ত ছাওয়া, কানে ঝাউগাছ শিরিশিরি,
কিনির স্থরভি, টোটে মাখনের স্বাদ মধু-মেশা,
ভোর সাড়ে-সাতটার গোলাপি আলোর ঠাওা নেশা—
মুহুর্তের এই মূর্তিবহ
শরীরী চৈতত্তে বাঁগা আমার সংগ্রহ
ওডি-কলোনের গন্ধমাথা,
বন্ধু, তোমায় আজ নীলান্তে পাঠাই দ্র পাথা।
ঝগ্ ঝগ্ ট্রেন শব্দ, স্টেশনের স্তন্ধ রোদ,
কাল রাত্তে স্বপ্নে দেখা ভোবা বোধ,
পৌছন তবুও ফিরে-চাওয়া;

ক্লাশে পড়ানোর ঘণ্টা ঐ বাজে, ব্যস্ত হাওয়া।
লরেন্সে আমার বাড়ি, সোনার গমের কিনারায়
বিদায়-সিঁড়িতে তার এ লগ্ন দাঁড়ায়—
(ঠিকানা এখনো সেই : ধোলো শৃক্য-চার)
কলোনের স্মৃতি গাঁথা নাও উপহার॥

৭৪. ওক্লাহোমা

সাক্ষাৎ সন্ধান এই পেয়েছো কি ও টে ২৫-শে ? বিকেলের উইলো বনে রেড আারো টেনের হইসিল শব্দশেষ ছুঁচে গাঁথে দূর শৃন্তে জ্রুত বোঁয়া নীল ; মাকিন ডাঙার বুকে ঝোড়ো অবসান গেল মিশে॥ অবসান গেল মিশে॥

মাথা নাড়ে "জানি" "জানি" ক্যাথলিক গির্জা চূড়া স্থির, প্রোনো রোদ্ধরে ওড়া কাকের কাকলি পাথা ভিড়; অন্তমনস্ক মন্ত শহরে হঠাৎ কুয়াশায় ইস্পাতী রেলের ধারে হুছ শীত হাওয়া ট'লে যায়॥ শীত হাওয়া ট'লে যায়॥

কংপিণ্ডে রক্তের ধ্বনি যেখানে মনের শিরা ছিঁড়ে

যাত্রী চ'লে গেল পথে কোটি ওক্লাহোমা পারে লীন,

রক্ত ক্রশে বিদ্ধ ক্ষণে গির্জে জলে রাঙা সে তিমিরে—

বিচ্ছেদের কল্লান্তরে প্রশ্ন ফিরে আসে চিরদিন॥

ফিরে আসে চিরদিন॥

৭৫. এপারে

দেখলাম ত্ৰ-চক্ষ্ ভ'রে, হে প্রভু ঈশ্বমহাশয় চৈতত্যে প্রসন্ন স্থ্য,

থচিত রাত্রির দেয়া গান রেডিয়ো নক্ষত্রে বাজলো এই দেহে ঝিমঝিম দ্রে শিরায় জড়ানো নহবং।

ইন্দ্রিয়ের চূর্ণ স্থরে জেগেছে সংসার প্রান্তে আদিম গায়ত্রীমন্ত্রময় ভুর্ভূবঃ স্থঃ। হোক না স্বেচ্ছায় বন্দী প্ৰাণ হঠাৎ মৃক্তি দে পেল।

(কিছু বন্দীদশা ইচ্ছাতীত,

দে-তর্কে নামবো না আজ।)

মহাশয়, পার্থিবের দেশে

শীকার্য, অনেক হ'লো: সভ্যতা যতই পাপ কাজে যুদ্ধে হানে জ্যোতির্দ্ধি, রক্তবহা যম্ত্রণা সমাজে গঙ্গোত্রীর ধারা নেমে বার-বার অলক্ষ্য রক্ষিত ধুয়ে মুছে দিয়ে গেলো মূহুর্তে অক্ষয় লোকালয় কোটি মৃত্যু কামা ছোঁয়া সমুদ্রের নীল নিরুদ্দেশে।

শুধু আজ্ঞা দাও, যেন বৃঝি

আয়ুকাব্য মহাময়
অধ্যায়ে-অধ্যায়ে খোলা অভাব্যের এই পরিচয়
গ্রন্থিবাধা তারি মধ্যে এসে আমি জন্মমৃত্যুপারে
আজো কোন খুঁজি বাদা,

এদিকে পঞ্চাশ হ'লো, দিন এ যাত্রা সন্ধ্যায় ক্রমে সন্ধিক্ষণে হ'য়ে আসে ক্ষীণ পালা-বদলের বেলা,

মেলাবে কি যোগ অন্ধকারে সৌরধুলো তৈরি দেহ রাগি যবে, ঘরে-ফেরা বাঁশি— বহু পথ এমেছি তো বস্টনে বাঙালি দূরবাসী॥

৭৬. রাত্তি

অতন্ত্রিলা, ঘুমোওনি জানি ় তাই চুপিচুপি গাঢ় রাত্রে শুয়ে বলি, শোনো, সৌরতারা ছাওয়া এই বিছানায়

—ফ্রুজাল রাত্রির মশারি—
কত দীর্ঘ ত্-জনার গেলো সারাদিন,
আলাদা নিশাসে—
এতক্ষণে ছায়া-ছায়া পাশে ছুঁই
কী আশ্চর্য ত্-জনে ত্-জনা—
অতক্রিলা,
হঠাৎ কথন শুল্ল বিছানায় পড়ে জ্যোৎস্মা,
দেখি তুমি নেই ॥

৭৭. ইতিহাস

নেবুরঙা শার্টপরা একটি মাত্ম্য এসেছিলো ঢালু মাটি মস্ত গাছ পেরিয়ে, নদীর ধার দিয়ে ঘোডা চ'ডে:

কী মনে লাগলো তার, ফিরে গিয়ে
নির্জন চড়াইয়ে এলো আরো তু-জনার দক্ষে, ব'সে
গাছতলে থানিকক্ষণ তিনজন (স্ত্রী আর গাঁয়ের খুড়ো হবে)
থলি খুলে রুটি সব্জি থেলো, ঘোড়া দাঁড়ালো গা ঘ'ষে
তারপরে গলা তুলে ডেকে উঠলো চি হি-চি হ রবে।
ঠুকঠাক দিনে-দিনে কাঠ কাটা, বাড়ি তোলা, ভালোবেসেছিলো

ওরা এই জায়গা। আজ সেখানে একটি খুদে পাড়া ডাগ-স্টোর, বিয়র্-হল্; মন্ত গাছ আজও থাড়া: খুড়োর হিদিশ নেই, শাদা অক্ষরে লেখা সিমেট্রিতে একটা পাথরে জল-মোছা কার নাম, সেই স্থীর,— তারই সঙ্গে পুরুষের, বাইশ বছর পরে মারা যায়; এক ছেলে নেভাডায়, অন্য ক্যারিবিয়ানের তীর কোন-এক দ্বীপের শহরে থাকে। খটথট শব্দ ওটা কাঠবেড়ালির।

5

পোল্ (ইতালিয়ানের সংখ্যা পাঁচ) ভাঙা ইং ছেতে
তর্ক করে একত্র তিনজনে, ওরাই এখানে বেশি সংখ্যায় ;
উক্তেনের ত্বংসরে যুদ্ধের আগেই দিধে বল্টিমোরে
তারপরে ঘুরে-ঘুরে এলো সাতজন । চিনি-দানি থেকে
ত্ব-চামচে চিনি নিয়ে কফি খায় রোগা যুবা, রেন্ডরায়
দেয়াল-কাগজ হলদে, পেরেকের বহু দাগ, ডেকে
ওঠে সিমেন্ট (না সোডিয়াম) কারখানা সাইরেন জোরে
কাঁপিয়ে উপত্যকা— গ্রামের প্রধান নির্ভর ঐ ফ্যাক্টরি ; গোরে

খড় উঠে ঠেকে রকে. উচ্ছ জুতে। প'রে মেরুন-রঙের জামা ঐ যে মেরোটি যায়, মৃথে স্থুও নেই, কী করবে, জজিয়া থেকে বোন সে লিখেছে চ'লে যাবে স্বামী-ছেলে ঘরে ফেলে—স্বামী একটু বেশি মদ গায়—পাবে হলিউডে কোন চাকরি তা-ই মনে ক'রে; ভাবে যেই এর চোথে জল আগে।

ত্টো মস্ত কুকুরের ঘেউঘেউ ডাকা গেটে জেল এর মতন বাড়ি, থাকে কারথানা-প্রভু স্মিথ্, ক্টেটে ডলার কুবের শ্রেষ্ঠ, কারথানা নানা থানে, কথা বলতে অন্ত দৃষ্টি চোখে ঘোরে.

টাক-মাথা, আপিদের যম, গ্রামের কিছুতে নেই, শিকাগোতে গাড়ি নিজেই হাঁকিয়ে যায়, কিছুদিন থেকে ঘন-ঘন টাকে ভ'রে কী-সব জিনিস সব পাঠায় কোথায়। সন্ধ্যার গুলোয় তাড়াতাড়ি আজ বেলা নামলো রাঙা ব্যাপ্ত লাল,

"আনা,

ঘড়িতে দিয়েছো দম ?" ঘড়িটা আদলে মৃত, ভূলেছে সময়, নানা ধুকধুক পেরিয়ে আজকে, মধ্যে-মধ্যে তবু চলে। খাটে শুয়ে আনার দিদিমা বারো বছর ঐ গির্জের পাশের ঘরে; আনার বয়স দশ, নেই সীমা উৎসাহ ্শির তার, মোটা নীল ফিতে চুলে বাঁধা, লাল গাল, বাপের নোকানে সারাদিন কাজ করে, ভাই তার প্রত্যাহ সকাল সাতটায় সাইকেল চ'ড়ে চ'লে যায়, পাঁচ মাইল দ্রে বালি-পথে ফিলিং ফেশনে, থবর এনেছে কাল নতুন প্রকাণ্ড বাঁধ হবে এই দিকে, সিসি-আইসিস ফুটো নদী বেঁধে। দ্রে কোন জায়গায় তবে

ইট বাঁধা বহু গ্রাম একত্র শহরে গেঁথে, কোনোমতে থাকবে বহুলোক। এই গ্রাম ভাহ'লে উঠে যাবে॥

জদীম উদ্দীন

(তারিখ জানাননি)

৭৮. রাখালী

(অংশ)

এই গাঁয়েতে একটি মেয়ে চুলগুলি তার কালো কালো,
মাঝে দোনার মুণটি হাদে আঁধারেতে চাঁদের আলো।
রান্তে ব'দে, জল আনিতে, সকল কাজেই হাসি যে তার,
এই নিয়ে সে অনেক বারই মায়ের কাছে থেয়েছে মার।
সান্ করিয়া ভিজে চুলে কাঁথে ভরা ঘড়ার ভারে,
ম্থের হাসি দিগুল ছোটে কোনো মতেই থামতে নারে।
এই মেয়েটি এমনি ছিল যাহার সাথেই হ'ত দেখা
তাহার ম্থেই এক নিমেষে ছড়িয়ে যেত হাসির রেখা।
মা বলিত, বড়ু রে তুই মিছিমিছি হাসিস বড়,
এ শুনেও সারা গা তার হাসির চোটে নড় নড়!
ম্থথানি তার কাঁচা কাঁচা, না সে সোনার, না সে আবির,
না সে করুল সাঁঝের গাঙে আধো আলো রঙিন রবির।

কেমন যেন গাল ছ'থানি মাঝে রাঙা ঠোটটি তাহার, মাঠে-ফোটা কলমি ফুলে কতটা তার থেলে বাহার। গালটি তাহার এমন পাতল ফুঁয়েই যেন যাবে উড়ে, ছ একটি চুল এলিয়ে প'ড়ে মাথার সাথে রাথছে ধ'রে। সাঁঝ সকালে এ-ঘর ও-ঘর ফিরত যথন হেসে থেলে, মনে হ'ত ডেউয়ের জলে ফুলটিরে কে গেছে ফেলে!

এই গাঁয়ের এক চাষার ছেলে ও-পথ দিয়ে চলতে ধীরে ওই মেয়েটির রূপের গাঙে হারিয়ে গেল কলসিটিরে। দোষ কী তাহার ? ওই মেয়েটি মিছিমিছি এমনি হাসে, গাঁয়ের রাখাল !-- অমন রূপে কেমনে রাখে পরানটা দে » এ পথ দিয়ে চলতে তাহার কোঁচার হুডুম যায় যে প'ড়ে. ওই মেয়েটি কাছে এলে আঁচলে তার দেয় সে ভ'রে। মাঠের ছেলের নান্ডা নিতে হুঁকোর আগুন নিবে যে যায় পথ ভূলে কি যায় সে ওগো, ওই মেয়েটি রানছে যেথায় ? নীড়ের খেতে বারে বারে তেষ্টাতে প্রাণ যায় যে ছাড়ি. ভর-তুপুরে আ্পাসে কেবল জল খেতে তাই ওদের বাড়ি। ফেরার পথে ভূলেই সে যে আমের আঁটির বাঁশিটিরে ওদের ঘরের দাওয়ায় ফেলে মাঠের পানে যায় গো ফিরে। ওই মেয়েট বাজিয়ে তারে ফুটিয়ে তোলে গানের ব্যথা. রাঙা মুখের চুমোয় চুমোয় বাজে দেখায় কিদের কথা ! এমনি ক'রে দিনে দিনে লোকলোচনের আড়াল দিয়া গেঁয়ো স্নেহের নানান ছলে পড়লো বাঁধা তুইটি হিয়া।

সাঁঝের বেলা ওই মেয়েটি চলত যথন গাঙের ঘাটে, ওই ছেলেটির ঘাসের বোঝা লাগত ভারি ওদের বাটে। মাথার বোঝা নামিয়ে ফেলে গামছা দিয়ে লইত বাডাস ওই মেয়েটির জল ভরনে ভাসত ঢেউয়ে রূপের উছাস। চেয়ে চেয়ে তাদের পানে বলত যেন মনে মনে "জল ভর লো সোনার মেয়ে হবে আমার বিয়ের কনে? কলমি ফুলের নোলক দেব, হিজল ফুলের দেব মালা, মেঠো বাঁশি বাজিয়ে তোমায় ঘুম পাড়াব, গাঁয়ের বালা। বাঁশের কচি পাতা দিয়ে গড়িয়ে দেব নথটি নাকের সোনালতায় গড়ব বালা তোমার ঘুখান গোনা হাতের। গুই না গাঁয়ের একটি পাশে ছোটু বেঁধে কুটিরখানি মেঝেয় তাহার ছড়িয়ে দেব সরষে ফুলের পাপড়ি আনি। কাজলতলার হাটে গিয়ে আনব কিনে পাটের শাড়ি, গুগো বালা, গাঁয়ের বালা, যাবে তুমি আমার বাড়ি ?"

প্রমথনাথ বিশী

(每. 2202)

৭৯. নিঃসঙ্গ সন্ধ্যার ভারা

নিঃসঙ্গ সন্ধ্যার তারা, দিতীয়ার চাঁদ, নীলাভ পদ্মার ধারা, শৃগুতা অগাধ। স্তিমিত হাঁদের দল, পশ্চিম বনাস্ততল মান কাঁদো-কাঁদো; শৃগুতা অগাধ॥

শুধু তুটি মৃশ্ধ প্রাণী,
শৃক্ত শর বন,
পদ্মার নাহিকো বাণী, স্বপন নির্জন
অসীম রাত্রির পানে
যায় তারা কোনখানে
ছায়ার মতন! স্বপন নির্জন ॥

৮০. ছে পদ্মা

হে পদ্মা, ভোমার বনরেথা বিবজিত দিগন্তের দেশে ডুবে যায় ক্লান্ত রবি গলিয়া নিঃশেযে বিন্দুমাত্র সার।

নিশ্চপল জলতল যেন একটানা
ধ্মল পাটল এক বাত্ড়ের ডানা
করিছে বিস্তার।
পশ্চিমে ত্রিবলী বর্ণ; কানন নিবিড়;
মূহমূহি স্বচ্ছ ছায়া হতেছে গভীর;
নৃত্যশীল ভঙ্গী যেন লগু ওড়নাটির
বিত্ৎপর্ণার।
হে পদা, ভোমার।

নদীতে শেহলা খ্রান ; রোদে পোড়া ঘাস,
দক্ষ মাঠে উঠিতেছে উদ্ভিজ্জ স্থবাস
শিশিরের স্পর্শ লভি ; বিমৃঢ় বাতাস
গন্ধে আপনার।
হে পদ্মা, তোমার!

ধ্মান্ধিত পদ্দীপথে ঘণ্ট। গোধ্লির।
তালে তালে দাঁড় ফেলা কচিৎ তরীর।
হঠাৎ শ্রবণে পশে কুলায়-অধীর
ধ্বনি বলাকার!
বালুস্তুপে মগ্ন দীর্ঘ মাস্তলের শিরে
দেখিয় জালিচে দীপ্তি আসন্ন তিমিরে
সন্ধ্যা-তারকার।
হে পদ্মা, তোমার!

৮১. প্রাচীন আসামী হইতে

পশ্চিম দিগন্ত আমি জলন্ত রবির
বাসনার চিতাশন্যা; তুমি সথী দূর
পূর্ববনান্তের রেখা—অতল গভীর
রহস্তের অধিনেত্রী! মোরে দগ্ধ করি
জালাই বহ্নির শিথা—তারি দৃপ্ত রাগে
হেরিতেছি কান্তি তব মূর্ছায় বিধুর।
মিলিয়াছে তব অঙ্গে দিবসশর্বরী,
দেখা-না-দেখার প্রান্তে তব মূর্তি জাগে।
কোথা তুমি, কোথা আমি, শৃগুতা অগাধ,
রুকে বৃকে পরশন ঘটিল না কতু!
কেবল চুলের গন্ধ, শন্যা ক্ষ্পাতুর,
শুধু সৌন্দর্বের কশা—ক্যায়-মধুর!
উঠিল গভীর রাত্রে দাদশীর চাঁদ—
অথ ও দিগন্তে হেরি ঘেরা দোহে তবু।

५२. वत्ना, वत्ना, वत्ना

তুমি আমার মনের কথা জেনে ফেলেছো

ভইখানে তোমার জিত।

আমি তোমার মনের কথা

জানতে পারলাম কই ?

আপন অন্তরের অগাধ রহস্তের মধ্যে ব'সে আছো

অমাবস্থার করপুটে

দ্বিতীয়ার চন্দ্রকলাটির মজো,

ঠিক একটুকু আলো

যাতে দেখা না-দিয়েও দেখতে পারো অনায়াসে।

সতিয় তোমায় জানতে পারলাম কই ?

ষদি বলি তোমায় ভালোবাসি,
তুমি হাসো।

যদি শুধাই আমায় ভালোবাসো ?

বলো—না।
এত নিশ্চিত, এত অসংশয়।
মক্তুমির স্থোদয়ও বুঝি
এত নিস্কল্ম নয়।
যদি বলি কেন ভালোবাসো না ?
অমনি বলো কেনর উত্তর নেই।
এত দিনেও ওই প্রশ্নটির উত্তর পেলাম না।
ছোট একটি প্রশ্নের কি মহতী সন্তাবনা।
কেবলি শুধাই কেন, কেন, কেন ?
কেবলি উত্তর পাই, কেনর আবার উত্তর কী ?

ওই উত্তরহীন উত্তর দেবার সময়ে
কথনো মৃথ তুলে চাওনি।
হঠাৎ একদিন চোখে চোখে গেল ঠেকে,
প্রত্যাশিত উত্তর গেল বেধে,
শুধু বললে—তুমি না কবি ?
বললে, কবিরা নাকি অন্তর্যামী!

না গো না, তবে আমিও বলি,
আমি কবি নই, শিল্পী নই,
আমি অন্তর্থামী নই।
আমি মনের কথা মুখে শুনতে চাই
মনের কথাকে দেখতে চাই
তোমার ত্ই চোখে প্রস্কৃটিত
মানস সরের অন্তর্ভেদী
উত্তত, উদগত, উদ্ধত পূর্ণায়ত পদ্মটির মতো।

আমি মনের কথাকে দেখতে চাই
তোমার সর্বাক্ষে প্রতিফলিত,
তোমার বসনে ভূষণে,
নয়নে অগরে,
তোমার সীঁথির সীমাস্ত থেকে
পায়ের নথাগ্র অবধি
স্থাকিরণে কচি নারিকেলগুচ্ছ
যেমন চোগ ঝলসিয়ে দিতে থাকে, তেমনি!
প্রসারিত পদ্মপত্রের মন্থণ নীলিমায়
সেই কথাটি টলোমলো ক'রে উঠক
তোমার অন্তরের শুক্তিনিঃস্ত
একটিমাত্র ম্ভোর মতো
বলো, বলো, বলো।

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

(5. 5200)

৮৩. প্রথম যখন

প্রথম যথন দেখা হয়েছিল, কয়েছিলে মৃত্ভাষে
'কোথায় তোমারে দেখেছি বলো তো,—কিছুতে মনে না আসে।
কালি পূর্ণিমা রাতে
ঘূমায়ে ছিলে কি আমার আতুর নয়নের বিহানাতে ?
মোর জীবনের হে রাজপুত্র, বুকের মধ্যমণি,
প্রুতি নিখাসে শুনেছি তোমার শুরু পদধ্বনি !
তথনো হয়তো আঁধার কাটেনি,—স্টের শৈশব,—
এলে তরুণীর বুকে হে প্রথম অরুণের অনুভব !'
আমি বলেছিম্ব, 'জানি,
শুবগুঞ্জন তুলি তোরে ঘিরে হে মোর মক্ষিরানী !'

যাপিলাম কত পরশতপ্ত রজনী নিদ্রাহীন,
ছ'চোথে ছ'চোথ পাতিয়া শুধালে, 'কোথা ছিলে এতদিন ?'
লঘু ছটি বাহু মেলে'
মোর বলিবার আগেই বলিলে : 'যেয়ো না আমারে ফেলে।'
আজি ভাবি ব'সে বহুদিন পরে ফের যদি দেখা হয়,
তেমনি ছ'চোথে বিশ্বাসাতীত জাগিবে কি বিশ্বয় ?
কহিবে কি মৃত্হাসে,

'কোথায় তোমারে দেখেছি বলো তো, কিছুতে মনে না আদে

৮৪. প্রিয়া ও পৃথিবী

নিঃশঙ্ক, নিঃশব্দপদে একদিন এসেছিল কাছে ঈপ্সিত মৃত্যুর মতো ; নয়নে থেটুকু বঞ্চি আছে, অধরে যেটুকু কুধা—সব দিয়ে লইলাম মুছে লোলুপ লাবণ্য তব; দিনাস্থের ছঃথ গেল ঘুচে, উদিল সন্ধ্যার তারা দিখধুর ললাটের টিপ। কদম্বপ্রসব সম জ'লে ১ঠে কামনাপ্রদীপ. যুগ্ম দেহে; শ্মশানে অতসী হাসে, নিকণে কনক; মেঘলগ্ন ঘনবল্লী আকুল পুলকে নিস্পলক। কন্ধরে অঙ্কুর জাগে, মরুভূতে ফুটিলো মালতী— তুমি রতি মূর্তিমতী, আর আমি আনন্দ-আরতি ! দেহের ধৃপতি হ'তে জ'লে ওঠে বাসনার ধুনা লেলিহরসনা, তবু কালো চোখে কোমল করুণা। শুল্ল ভালে খেলা করে তৃতীয়ার মান শিশু শুশী, তোমার বরান্ধ যেন সন্ধ্যান্নিঞ্চ, শ্রামল তুলসী। ভূজের ভূজণতলে হে নতান্দী, নির্ভয় নির্ভরে তোমার স্তনাগ্রচূড়া কাঁপিলো নিবিড় থরথরে! স্কুরংপ্রবাল ওঠে গৃঢ়ফণা চুম্বন উৎস্থক, একপারে রক্তাশোক, অন্তভটে হিংম্বক কিংশুক।

#। হ'লো নীবিবন্ধ, চূর্ণালক, শিথিল কিন্ধিণী, কজ্জলে মলিন ছোলো পাণ্ডু গণ্ড, কাটিলো যামিনী। দূরে বুঝি দেখা দিলো দিখালার রক্তত-বলম্ন, বলিলাম কানে কানে: 'মরণের মধুর সময়।'

আজি তুমি পলাতকা, মৃক্তপক্ষ পাথি উদাসীন, ক্লান্ত, দূর নভোচারী দিগন্তের সীমান্তে বিলীন। বিহ্যং ফুরায়ে গেছে, কখন বিদায় নিলো মেঘ, অবিচল শৃগুতার নভোব্যাপী নিস্তব্ধ উদ্বেগ আবরিয়া রহিয়াছে হৃদয়ের অনন্ত পরিধি। চাহি না ম্বণিত মৃত্যু, তব গুপ্ত, হীন প্রতিনিধি। নীবিবন্ধ শিথিলিতে কটিতটে যদিও কিম্বিণী বাজে আজো, কজ্জলে মলিন গণ্ড, তবু, কলম্বিনি, চাহি না অতীত মৃত্যু। নভন্তলে অনিবন্ধনীবি ঘুম ষায় পার্যে মোর বীরভোগ্যা প্রেয়সী পৃথিবী। তারে চাই; তাহারি স্থার তরে অসাধ্য সাধনা. বিশ্বিত আকাশ ঘিরি স্থশ্বিত, স্থনীল অভ্যর্থনা, অজন্র প্রশ্রম। মৃত্তিকার উদ্বেলিত পয়োধরে সম্ভোগের হুরাম্রোত ওষ্ঠাধরে উচ্ছুসিয়া পড়ে, শস্তা ফলে, নদী বহে, উধ্বে জাগে উত্তব্ধ পর্বত, হাস্থ করে মৌনমুখে উলঙ্গ, উজ্জ্বল ভবিয়াৎ। আয়ুর সমুদ্র মোর ছই চক্ষে, মৃত্যু পদলীন, তোমার বিশ্বতি দিয়া পৃথিবীরে করেছি রঙিন। নক্ষত্র-আলোক হ'তে সমুদ্রের তরঙ্গ অবধি ব'হে চলে একথানি পরিপূর্ণ যৌবনের নদী। তারি তলে করি স্নান, নাহি কুল, নাহি পরিমিতি, তুমি নাই, আছে মৃক্তি, পৃথীব্যাপী প্রচুর বিশ্বতি।

৮৫. রবীজ্ঞনাথ

;

আমি তো ছিলাম ঘূমে,
তুমি মোর শির চূমে
গুজরিলে কী উদাত্ত মহামন্ত্র মোর কানে কানে :
চলো রে অলস কবি
ডেকেছে মধ্যাহ্ন-রবি
হেথা নয়, হেথা নয়, অন্ত কোথা, অন্ত কোনখানে

চমকি উঠিছ জাগি,
গো মৃত্যু-অন্ধরাগী
উন্মুখ ভানায় কোন অভিসারে দ্র-পানে ধাও,
আমারো বৃকের কাছে
সহসা যে পাখা নাচে—
কাড়ের ঝাপট লেগে হয়েছে সে উন্মন্ত উধাও।

দেখি চক্স-স্র্য-তারা

মত্ত নৃত্যে দিশাহার।

দামাল যে তৃণশিশু, নীহারিকা হয়েছে বিবাগি,

তোমার দূরের স্থরে

সকলি চলেছে উড়ে

অনির্ণীত অনিশ্চিত অপ্রমেয় অসীমের লাগি।

আমারে জাগায়ে দিলে,
চেয়ে দেখি এ-নিখিলে
সন্ধ্যা, উষা, বিভাবরী, বস্থন্ধরা-বধু বৈরাগিণী;
জলে স্থলে নভতলে
গতির আগুন জলে
কুল হ'তে নিলো মোরে সর্বনাশা গতির তটিনী।

তুমি ছাড়া কে পারিত
নিয়ে যেতে অবারিত
মরণের মহাকাশে মহেন্দ্রের মন্দির-সন্ধানে;
তুমি ছাড়া আর কার
এ উদাত হাহাকার—
হেথা নয়, হেথা নয়, অন্ত কোথা, অন্ত কোনধানে।

প্রেমেন্দ্র মিত্র

(8066.)

৮৬. আমি কবি যত কামারের

আমি কবি যত কামারের আর কাঁসারির আর ছুতোরের,

মুটে মজুরের

—আমি কবি যত ইতরের !

বিলাস-বিবশ মর্মের যত স্বপ্নের তরে ভাই,
সময় যে হায় নাই !
মাটি মাগে ভাই হলের আঘাত
সাগর মাগিছে হাল,
পাতালপুরীর বন্দিনী ধাতু,
মাহুষের লাগি কাঁদিয়া কাটায় কাল,
ত্রস্ত নদী সেতুবন্ধনে বাঁধা যে পড়িতে চায়,
নেহারি আলদে নিথিল মাধুরী
সময় নাই যে হায়!

মাটির বাদনা পুরাতে ঘুরাই কুম্ভকারের চাকা,

আমি কবি ভাই কর্মের আর ঘর্মের;

আকাশের ডাকে গড়ি আর মেলি
ত্ঃসাহসের পাথা,
অভ্রংলিহ মিনার-দম্ভ তুলি,
ধরণীর গৃঢ় আশায় দেখাই উদ্ধত অঙ্গুলি!

জাফরি-কাটানো জানালায় বৃঝি
পড়ে জ্যোৎসার ছায়া,
প্রিয়ার কোলেতে কাঁদে সারস
ঘনায় নিশীথ মায়া।
দীপহীন ঘরে আধো নিমীলিত
সে ঘৃটি আঁখির কোলে,
বৃঝি ঘৃটি কোঁটা অশুজলের
মধুর মিনতি দোলে।
সে মিনতি রাখি সময় যে হায় নাই,
বিশ্বকর্মা যেথায় মত্ত কর্মে হাজার করে
সেখা যে চারণ চাই!

আমি কবি ভাই কামারের আর কাঁদারির আর ছুতোরের, মূটে মজুরের, —আমি কবি যত ইতরের।

কামারের সাথে হাতুড়ি পিটাই
ছুতোরের ধরি তুরপুন,্
কোন সে অজানা নদীপথে ভাই
জোয়ারের মুখে টানি গুণ।
পাল তুলে দিয়ে কোন সে সাগরে,
হাল ফেলি কোন দরিয়ায়;
কোন সে পাহাড়ে কাটি স্থড়স্ক,
কোথা অরণ্য উচ্ছেদ করি ভাই
কুঠার-ঘায়।

সারা ছনিয়ার বোঝা বই আর থোয়া ভাঙি আর
খাল কাটি ভাই, পথ বানাই,
অপ্পবাসরে বিরহিণী বাতি
মিছে সারারাতি পথ চায়,
হায় সময় নাই!

b-9. नील जिन

কত বৃষ্টি হ'য়ে গেছে,
কত ঝড়, অন্ধকার, মেঘ,
আকাশ কি সব মনে রাথে !
আমারও হৃদয় তাই
সব কিছু ভূলে গিয়ে
হ'ল আজ স্কনীল উৎসব !

তুমি আছ, তুমি আছ,
এ বিশ্বয় সওয়া যায় নাকো;
অরণ্য কাঁপিছে।
মনে মনে নাম বলি,
আকাশ চুইয়ে পড়ে
গলানো সোনার মতো রোদ

গলানো সোনার মতো রোদ পড়ে সব ভাবনায় ; সোনার পাথায় গাহন করিতে ওঠে নীল বাতাসের স্থোতে রৌদ্রমন্ত পায়রার ঝাঁক। এ নীল দিনের শেষে
হয়তো জমিয়া আছে
সূর্য-মোছা মেঘ রাশি রাশি;
তবু আজ হদয়ের
ভরিয়া নিলাম পাত্র
এই নীল স্বপ্লের স্থধায়।

হৃদয়েরে কত পাকে
স্মরণ জড়ায়ে রাখে,
মরণ শাসায়।
তবু মুহুর্তের ভূল
স্ফীণায়ু স্ফুলিঙ্গ তবু
অন্ধকারে হাসিয়া উঠুক।

শীতল শৃন্থতা হ'তে উদ্ধা আসে পৃথিবীর নিষ্ককণ নিশ্বাসে জলিতে, 'স্টেপি'র দিগস্তে দেখি আগু-পিছু তু্বারের মাঝখানে ফুলের প্লাবন।

তোমার নয়ন হ'তে আজিকার নীল দিন জীবনের দিগস্তে ছড়ায়; মিছে আজ হৃদয়েরে শ্বরণ জড়াতে চায় মরণ শাসায়।

৮৮. ফেরারি ফৌজ

নীলনদীতট থেকে সিন্ধু-উপত্যকা,
স্থমের আকাড আর গাঢ় পীত হোয়াংহোর তীরে,
বার বার নানা শতাব্দীর
আকাশ উঠেছে অ'লে, বালসিত হাদের উষ্ণীনে,
দেই সব সেনাদের
চিনি, আমি চিনি;
—স্থাসেনা তারা,
রাত্রির সামাজ্যে আজো
সন্তর্পনে ফিরিছে ফেরারি।

মাঝরাতে একদিন বিছানায় জেগে উঠে বসে. সচকিত হ'য়ে তারা শুনেছে কোথায় শিঙা বাজে, সাজো সাজো, ডাকে কোন অলক্ষ্য আদেশ।

জনে জনে যুগে যুগে বার হ'য়ে এসেছে উঠানে, আগামী দিনের স্থা দেখেছে আঁধারে গুঁডো গুঁডো ক'রে সারা আকাশে ছডানো।

সহনা জেনেছে তারা,
এই দব স্থা-কণা তিল তিল ক'রে
ব'য়ে নিয়ে যেতে হবে কালের দিগস্থে,
রাত্রির শাসন-ভাঙা
ভয়ংকর চক্রান্তের গুপ্তচর রূপে।

এক একটি স্থ-কণা তুলে নিয়ে বুকে, হুরাশার তুরঙ্গে সওয়ার তুর্গম যুগান্ত-মরু পার হবে ব'লে, ভারা দব হয়েছে বাহির।

স্বদ্র দীমান্ত হায়
তারপর দ'রে গেছে প্রতি পায়ে পায়ে
গাঢ় কুজ্বাটিকা এদে
মুছে দিয়ে গেছে দব পথ :
ভয়ের তুফান-ভোলা রাত্রির ক্রকুটি
হেনেছে হিংদার বক্স ।
দিখিদিক-ভোলানো আঁগারে
কে কোথায় গিয়েছে হারিয়ে।

রাত্রির সাম্রাজ্য তাই এখনো অট্ট !
ছড়ানো স্থের কণা
জড়ো ক'রে যারা
জালাবে নতুন দিন,
তারা আজো পলাতক,
দলছাড়া গুরে দেবে দেশে আরু কালে।

তবু স্থ-কণা বুঝি হারাবার নয়। থেকে থেকে জ'লে ওঠে শাণিত বিহ্যং কত ফ্লান শতান্দীর প্রহর বাঁধিয়ে কোথা কোন লুকানো ক্লপাণে দেরারি সেনার।

এখনো কেরারি কেন ? কেরো সব পলাতক সেনা। সাত সাগরের তীরে
ফৌজদার হেঁকে যায় শোনো;
আনো সব স্র্ব-কণা
রাত্রি-মোছা চক্রান্তের প্রকাশ্ত প্রান্তরে।
—এবার অজ্ঞাতবাস শেষ হ'লো ফেরারি ফৌজের।

৮৯ কাক ডাকে

থাগাঁ রোদ, নিস্তন ত্পুর ; আকাশ উপুড় ক'রে ঢেলে-দেওয়া অসীম শৃশুতা, পথিবীর মাঠে আর মনে—

পৃথিবীর মাঠে আর মনে— তারই মাঝে শুনি ডাকে

ভদকণ্ঠ কাক !

গান নয়, স্থর নয়, প্রেম, হিংসা, ফুধা—কিছু নয়, —সীমাহীন শৃক্ততার শব্দম্ভি শুধু।

মান্থবের কথা বুঝি শুনেছি সকলই;
মনের অরণ্যে যত হাওয়া তোলে
কথার মর্মর,
বেদনা ও ভালোবাসা
উদ্দীপনা, আশা ও আক্রোশ,
জেনেছি সমস্ত দোলা।
সব ঝড় পার হ'য়ে আছে এক
শব্দের নীলিমা,
অন্তহীন, নিশ্দপা, নির্মল।

কোথায় কাদের ছাদে সমস্ত তুপুর কাক ডাকে, শুনি। বোঝা আর বোঝাবার প্রাণান্ত ক্লান্তির শেষে অকস্মাং খুলে যায় আশ্চর্য কবাট। কাক ডাকে, আর, দে শব্দের ধৃধু করা অপার বিস্তার হদয়ে ছড়ায় সব শব্দের অতীত ধ্যান-গাঢ় প্রশান্তির মতো।

আবার বিকেল হবে,
রোদ যাবে প'ড়ে,
মান্থয় ম্থর হবে
মাঠে আর ঘরে।
বোঝাপড়া লেনদেন
প্রত্যহের প্রদক্ষ প্রচুর
মন জুড়ে রবে।
ক্ষণে ক্ষণে তবু সব স্থর
কেটে দিতে পারে এক কাক-ডাকা গহন হপুর।
সমস্ত অর্থের গ্রন্থি ধীরে ধীরে খুলে,
প্রত্যহের ভাষা তার সব ভার ভূলে,
উত্তরিতে পারে এক নিক্ষপ নিথর
নভোনীল অপার বিশ্বয়ে!

৯০. পাখিদের মন

নির্জন প্রান্তরে ঘুরে হঠাং কথন, হয়তো পেতেও পারি পাথিদের মন। আর শুধু মাটি নয় শস্ত নয়, নয় শুধু ভার, আর এক বিজোহী বিকার—
পৃথিবী-পরান্ত-করা উজ্জল উৎক্ষেপ।
আঙ্গো এরা মাঠে ঘাটে মাটি খুঁটে খায়,
মেনে নেয় সব কিছু দায়;
তব্ এক হুনীল শপথ
তাদের বুকের রক্ত তপ্ত ক'রে রাথে।
জীবনের বাঁকে বাঁকে, যত প্লানি যত কোলাহল
ব্যাধের গুলির মতো বুকে বিঁধে রয়,
সে উত্তাপে গ'লে গিয়ে হ'য়ে যায় কয়।
শুধু ঘূটি তীব্র তীক্ষ হঃসাহসী ডানা,
আকাশের মানে না সীমানা।
কোনদিন এ-হদয় হয় যদি একাস্ত নির্জন,
হয়তো পেতেও পারি পাথিদের মন
—আর এক ফুর্য-সচেতন।

৯১. नीमकर्थ

হাওয়াই দ্বীপে যাইনি, দক্ষিণ সম্ত্রের কোনো দ্বীপপুঞ্ছে।
তব্ চিনি ঘাসের ঘাগরাপরা ছায়াবরন তার স্থন্দরীদের;
—বিদেশী টহলদারের ক্যামেরা-কল্যিত চোথে নয়।

দেখেছি ভাদের ঘাসের ঘাগরায় নাচের ঢেউয়ের হিল্লোল, নোনা হাওয়ার দমকে দমকে যেমন নারকেল-বনের দোলা।

মোহিনী পলিনেসিয়া!

মহাসাগরে ছড়ানো

ভেঙে-যাওয়া ভূলে-যাওয়া কোন স্থদ্র সভ্যতার নাকি ভগ্নাংশ।
ভামি জানি

সমুদ্রের ঔরসে

প্রবাল দ্বীপের গর্ভে তার জন্ম।

आधुनिक दारला क'छ।

স্থের ঔরসে মহারণ্যের গর্ভে যার জন্ম, আধার-বরন সেই আফ্রিকাকেও জানি; —শৌখিন শিকারী আর পণ্ডিত-পর্যটকের চোখে নয়

অরণ্য-চোয়ানো ঝাপসা আলোয়,
কি, দিগস্ত-চোয়া ফেল্টের চোথ-ঝলসানো উজ্জনতায়
উদ্দাম আধার-বরন আফ্রিকা !
কঠে তার ত্রস্ত আরণ্য উল্লাস
--ত্র-ইডি, হাইডি, হা-ই!

হে-ইডি, হাইডি, হা-ই ! কালো চামড়ার ছোঁয়াচ বাঁচাতে কালো মনের ছোঁয়াচে রোগে জর্জর

> মার্কিন ক্লীবের প্রলাপ-প্রতিধ্বনি নয়। রাক্রি-নিবিড়, অরণ্য-গহন আফ্রিকার রোমাঞ্চিত উত্তাল উচ্চারণ, —কে-ইডি, হাইডি, হা-ই!

হে-ইডি, হাইডি, হা-ই!
অরণ্য ডাকে ওই,—নাই!
সিংহের দাঁতে ধার, সিংহের নথে ধার
চোধে তার মৃত্যুর রোশনাই
—হে-ইডি, হাইডি, হা-ই!
বন-পথে বিভীমিকা বিল্ল,
আমাদেরও বলন তীক্ষ!
কাপুরুষ সিংহ তো মারতেই জালে ওধ্
আমরা যে মরতেও চাই!
হে-ইডি, হাইডি, হা-ই!

মেরেদের চোথ আজ চকচকে ধারালো। নেচে নেচে ডেউ-তোলা, নাচের নেশার দোলা মিশকালো অব্দে কি চেকনাই। মুকুার মোতাতে বুঁদ হ'য়ে গেছি সব রমণী ও মরণেতে ভেদ নাই ! হে-ইডি, হাইডি, হ⊢ই !

হে-ইডি, হাইডি, হা-ই!
আমাদের গলায় কই সেই উদ্দাম উল্লাস,
যাসের ঘাগরার হরস্ত সমুদ্র-দোলা ?
কেমন ক'রে থাকবে!
আমাদের জীবনে নেই জলস্ত মৃত্যু,
সমুদ্র-নীল মৃত্যু পলিনেসিয়ার!
আফ্রিকার সিংহ-হিংস্র মৃত্যু!
আছে শুধু স্তিমিত হ'য়ে নিভে যা হয়া,
—ফ্যাকাশে কগ্ন তাই সভ্যতা।

সভ্যতাকে স্কুস্থ করো, করো সার্থক। আনো তীত্র তপ্ত ঝাঝালো মৃত্যুর স্বাদ, সুর্থ আর সমূদ্রের ঔরসে যাদের জন্ম,

মৃত্যু-মাতাল তাদের রক্তের বিনিময়।

ভরাট-করা সমুদ্র আর উচ্ছেদ-করা অরণ্যের জগতে কী লাভ গ'ড়ে ক্বমি-কীটের সভ্যতা, লালন ক'রে ন্তিমিত দীর্ঘ পরমায়ু কচ্ছপের মতো ? আ্যামিবারও তো মৃত্যু নেই। মৃত্যু জীবনের শেষ সার আবিষ্কার আর শিব নীলকণ্ঠ!

অমদাশঙ্কর রায়

(**ख**, ১৯,

৯২. 'जर्नाम' थिएक

পদার চর

শারাদিন ভর পদে পদে বার্থতা
তিক্ত মনের বিরস কক্ষ কথা
আনন্দ আশা তিলে তিলে লাঞ্চিত—
এই কি মোদের বহুদিবাবাঞ্চিত
পদ্মার চরে বাস।

নির্জন দ্বীপ, ভেক মক মক করে
আকাশ জলিছে তারার সলিতা ধরে
জলের সঙ্গ জাগায় কী অন্তত্তব
মৃত্ব তালে বাজে কল্লোল কলরব
বায়ু বহে উত্থান।

মেঘ বেগ

শুরু মন্থর মেঘের দঙ্গে লঘু চঞ্চল মেঘের
নভ প্রাঙ্গণে বায়ুরথে আজ প্রতিদন্দিতা বেগের।
ঘর্ষণে ওঠে ঘর্ষর রব তাহার দঙ্গে মেশা
রথতুরঙ্গ ধাবন রভদে দঘনে ছাড়ে যে ক্রেষা।
খুরেতে চাকায় চকমকি ঠোকে ফুলকি ছোটায় ছড়ায়
ব্যোম মার্গের দীপ্তি সে আদি দিক বলে দেয় ধরায়॥

কবির প্রার্থনা

রহুক আমার কাব্যে বালার্কময়্থচ্ছটা শতবর্ধ মেঘ, বিহঙ্গের গীতিমুক্তি বনস্পতিপরমায় মৃত্তিকার রস, শিশিরের স্বচ্ছ স্থথ, শিশুর শুচিতা, পশুদের নিরুদ্বেগ, দর্বশেষে শর্বরীর প্রশাস্ত অম্বরতলে নারীর পরশ ॥

৯৩, 'রাথী'র উৎসর্গ

আমরা হজনা হই কাননের পাথি একটি রজনী একটি শাথার শাথী তোমায় আমায় মিল নাই, মিল নাই তাই বাঁধিলাম রাথী।

58. मिनीशमादक

ভোমায় বলেছি পলাতক, ব'লে হেসেছি কত!
নিয়তি, আমার নিয়তি!
তৃমি তো পালালে সংসার হ'তে স্থসংঘত!
নিয়তি, আমার নিয়তি!
আমি পলাতক সংগ্রাম হ'তে ভীকর মতো!
আমি বণছোড়, টিটকারি দেয় পুক্ষ ঘত!
নিয়তি, আমার নিয়তি!
বলে, কাপুক্ষ! গম্বুজে ব'সে বাগুরত!
নিয়তি, আমার নিয়তি!
আমারি উক্তি আমারি কর্ণে বর্ষে শত!

ওদের কী বলি, কী ক'রে বোঝাই! শরমে নত!
নিয়তি, আমার নিয়তি!
জীবনের লোভে নই পলাতক হুদ্রগত!
নিয়তি, আমার নিয়তি!
স্ঞানির প্রেমে দৃষ্টি আমার প্রত্যাহত!

৯৫. খুকু ও খোকা

তেলের শিশি ভাঙল ব'লে
খুকুর 'পরে রাগ করো
ভোমরা যে সব বুড়ো খোকা
ভারত ভেঙ্গে ভাগ করো!
তার বেলা ?

ভাঙছ প্রদেশ ভাঙছ জেলা স্কমিসমা ঘরবাড়ি পাটের আড়ৎ ধানের গোলা কারথানা আর রেলগাড়ি! ভার বেলা ?

চায়ের বাগান কয়লাথনি কলেজ থানা আপিস-ঘর চেয়ার টেবিল দেয়াল ঘড়ি পিয়ন পুলিশ প্রোফেসর! তার বেলা ২

যুদ্ধ-জাহাজ জঙ্গী মোটর
কামান বিমান অশ্ব উট
ভাগাভাগির ভাঙাভাঙির
চলছে যেন হরির-লুট !
তার বেলা ?

তেলের শিশি ভাঙল ব'লে
খুকুর 'পরে রাগ করো
তোমরা যে সব বেড়ে খোকা
বাংলা ভেঙে ভাগ করো!
তার বেলা ?

au. कांच्रिन

মশায় !
দেশাস্তরী করলে আমায়
কেশনগরের মশায় !
বাঘ নয় ভালুক নয়
নয়কো জাপানি,
বোমা নয় কামান নয়
পিলে কাঁপানি ।

মশা!
কুদ্র মশা!
মশার কামড় খেরে আমার
স্বর্গে ধাবার দশা।
মশারি তো মশার অরি
শুনেছি কাহিনী
তৃশমনকে দোর খুলে দেয়
পঞ্চম বাহিনী।
একাই জনযুদ্ধ করি
এ হাতে ও হাতে,
তৃই হাতেরই চাপড় বাজে
নাকের ডগাতে।

একাই
মশার কামড় নিজের চাপড়
কেমন ক'রে ঠেকাই।
শোষে
ম্যালেরিয়ায় ধরলে আমায়
এক্টেবারে ঠেসে।

মশায়! দেশান্তরী করলে আমায় কেশনগরের মশায়। কেশনগরের মশার সাথে তুলনা কার চালাই ? বাঘের গায়ে বদলে মশা বাঘ বলে সে "পালাই।' জাপানিরা ভাগল কেন থবর্টা কি রাথেন ? কেশনগরের মশার মামা ইদ্দলেতে থাকেন। পলাশির সেই লড়াই যদি কেশনগরে ঘটত কেশনগরের মশার ঠেলায় ক্লাইভ দেদিন হটত।

মশা
তুচ্ছ মশা !
মশার জালায় দেদিন হ'তো
ভানকার্কের দশা ।
মশায় !
দেশান্তরী করলে আমায়
কেশনগ্রের মশায় !

হেমচন্দ্ৰ বাগচী

(5, 2008)

৯৭. 'গীভিগুচ্ছ' থেকে

চেরে-চেরে দেখি

কতদিন চেয়ে দেখি
চোথে রঙের নেশা লাগে—
বর্ণার ভরা নদী, কাশফ্ল,
মাঝে মাঝে এক একখানি নোকো ভেদে চলেছে,
গায়ের লোকগুলি চলেছে নিঃশব্দে
দেখি আর মনে হয়—
এ যেন পৃথিবীর অনাবগুটিত রহস্তময় মুখ
নেপথ্যে চলেছে অযুত আয়োজন
এই চিত্রটিকে তুলে ধরবার জন্তা।

रशंद किंग

বর্গার দিনে গঙ্গার তটরেখায় রেখায়
চলেছে আমার মন।
বাবলাগাছের হরিদ্রাভ ফুল—
অসংখ্য পাথির একতান ঝংকার
শালিথ পাথির মেলা—
এই শ্রামল শোভার মধ্যেও
হৃদয়ের কালা থামে না কিছুতেই।

दरफ़ा ठ्लात এই পৃথিবী

বড়ো স্থন্দর এই পৃথিবী।

সাধ যায় এই

অপরূপ সবৃজ শোভার মধ্যে

বেঁচে থাকি কিছুকাল।

শুধু দেখি, আর স্বপ্নের নায়াভূবন রচনা করি অগণন মুহুর্তের ফাঁকে ফাঁকে।

इंटि

মনে হয় যেন ছুটি পেয়েছি
সমস্ত চিরাচরিত মানব-পদ্ধা থেকে
মুক্তি পেয়েছি আমার মনে।
ভিতরের মান্ত্র্যটাকে কে জানে ?
সে শুধু বীণা বাজায় আর গান গায়
আর উদাসীন দৃষ্টিতে চেয়ে থাকে
খেথানে শ্রামল বনের অন্তরালে
ভীক্ কাঠবিড়ালী অরিত গভিতে
যাওয়া-আসা করে নিঃশন্ধ, নিঃসংকোচ।

প্রচছন

এক এক সময় অন্তভব করি
পৃথিবীর বক্ষবিদারণ যে স্বত-উংসারিত রস্পারা,
আমি যেন তারই প্রান্তরেগায় বিস্মিতদৃষ্টি
বালকের মতো ব'সে আছি।
চিরকাল যেন স্তণ্ডিত হ'য়ে আছে

চিরকাল যেন স্তাপ্তত হ'য়ে আছে আমার সেই মুহুর্তদর্শনের কাছে। মনে-মনে বলি,

হে প্রচ্ছন্না, তোমার গুঠন আর অপদারিত কোরো না অত প্রথরতা সইবো কী ক'রে ?

ভাঙা কোঠাবাড়ি

অনেক দিনের ভাঙা কোঠাবাড়ি কাঁঠাল আম নারকেলের বাগান, ভারই ফাঁকে-ফাঁকে দেখি
একটি মেয়েকে
স্থামল বনশোভার মতো,
মনের পীড়া যে দূর করে
এমন মেয়ে।

একটি ছোটো পতঙ্গ

কোথায় একটি ছোটো পতঙ্গ বাসা বাঁধছে জামগাছের শুকনো কাঠের ভিতরে। তার সেই ক্লান্ডিহান কর্মের তীব্র তীক্ষ শব্দ এসে লাগছে

আমার মন্তিক্ষের স্বায়ুকেন্দ্রে।

অপরূপ শরংপ্রভাতে সেই শব্দ আমার কত ভালোই না লাগছে ! ছোট্ট একটি পাথি বারে বারে ডাকছে— কুক্লি কুক্লি ! মনে হয়, এই উপেক্ষিত আবেষ্টনীর মধ্যে সাঞ্চিত হ'য়ে আছে চিরযুগের মধু— তা আমাদের কর্মকান্ত দৃষ্টির নেপথ্যে।

৯৮. "স্বপ্নো মু, মায়া মু, মতিভ্ৰমো মু"

প্রতিরাত্তে আমি হংসপদিকার গান শুনি
বিরহিণী হংসপদিকা—
বহুবল্লভ দুমস্তের শুক্ষান্তবিহারিণী।
স্বপ্নে আমি চ'লে যাই কালিদাসের কালে
যথন নদী-কাস্তার-নগরীতে সমাচ্ছন্ন সমৃদ্ধ ভারতবর্ষ,
কবির কাব্য যথন মেঘলোক থেকে মাটির পৃথিবীকে
প্রিয়ার পদনখের সঙ্গে উপমা দিতে অধীর—

স্বপ্নে আমি সেই কালে অবতীর্ণ হই
আর গান শুনি হংসপদিকার—
রাজ-উপবনে বিরহিণী নারীর মৃত্ গুজরণ,
মনে হয়, এ স্বপ্ন, না মায়া, না মতিভ্রম পূ

প্রতিরাত্ত্বে আমি আমার প্রিয়তমার গান শুনি
প্রোধিতভর্তু কা প্রিয়তমা—
গৃহবাতায়নপার্যবৃতিনী কলাণী বধু—
স্বপ্রে আমি নেমে আসি আধুনিকের কালে
যথন পীড়ান্বর্জর বস্ত জীবনে অবসর হুর্লভ,
কবির কাব্যে যথন আর প্রিয়া নেই
প্রিয়ার পদনথ যথন আর সম্পানিত হর না কবির কাব্যে
বিচিত্র স্থন্দর উপমায় আর অলংকারে;—
তথন আমি গান শুনি—
তীত দাসজীবনের গান—
কঙ্করে আর তপ্ত মকবালুকায়
ছংখিনী প্রিয়তমার মূথের রেথা অঙ্কন করি
মনে হয়, এ বিরহ, না মিলন, না মৃত্যু ?

রাধারানী দেবী

(জ.

১৯. 'मीं थि-योत' थिक

তোমারে বাসিয়া ভালো পূর্ণ আমি আজ।
মোর চিত্তলোকে নাহি কোনো দৈশু আর।
হে বন্ধু! হৃদয়াকাশে করিছে বিরাজ
পূর্ণতার পূর্ণচন্দ্র। নিখিল সংসার
আনন্দ আলোকে দীগু আমার নয়নে;

কোনো হংখ হংখ নয়, বাজে না আঘাত;
সংসারের কুরতায় জালা নাহি মনে।
বিধাতা আপনি ষেন নিরাময় হাত
ব্লাইয়া দিয়াছেন তপ্ত এ অন্তরে
অন্তভৃতি কেন্দ্রে মোর। তাই দর্ব হুখ
নিজ হ'তে তুচ্ছ হ'য়ে পড়ে ঝ'রে-ঝ'রে
বেদনা আনন্দ মানি, হুংখে মানি স্থথ।
কী অদৃশ্য মহাশক্তি জাগে বিশ্ব 'পর
অন্তরে ঘটায় যেবা নব-জন্মান্তর।

,00.

আমার হৃদয়্বাবে এসেছিলো যারা
প্রার্থীরূপে বহুবার, ঐশ্বর্য সম্মান
ল'য়ে করপুটে কেহ,—কেহ প্রেমগান
রূপ-যৌবনের অর্ঘ্য চরণে বা কারা।
অনেকে চেয়েছে বন্ধু হ'য়ে আত্মহারা;
বিতৃষ্ণায় গেছে ভ'রে বারংবার প্রাণ
সবারে করেছি তাই রুঢ় অপমান;
গেছে ফিরে লাজে ক্ষোভে অভিমানে তারা
ভাদের কাঙালপনা অঞ্চলিপ্রসার
জাগাইত ঘুণা মোর। পণাবৃত্তি সম
দান করি' বিনিময়ে প্রতিদান চাওয়া
তৃলিত বিরূপ করি' অন্তর আমার।
তৃমি চাহো নাই কিছু দ্বারে এসে মম
পূর্ণ হ'লো তাই তব অ্যাচিত পাওয়া।

বিমলাপ্রসাদ মুখোপাধ্যায়

(**ख**

১০১. ডির্যক

তির্যক সবি, পৃথিবী মামুষ—
প্রাচ্য নৃত্য, কবির ফামুস
আধো পথে নেমে মিলায় আভাসে
কৃটিল রেখায় ভঙ্গুর হাসে।

যুষ্থস্থ জানে নায়ক-নায়িকা আত্মরত বিতত বন্ধে কাব্যেরও প্রাণ ওষ্ঠাগত। বাঁকানো সী থিতে সিন্দুর রাঙা বহ্মি ঠোঁটে ফোটে হাসি ভাঙা। স্পিল গ্রীবা শ্লেষ-চতুর মীড়ের মোচড়ে আনে বেস্কর।

চোথের কোণেতে তেরছা রক্ত্ স্থান্য চাঁদের শৃঙ্গ-ভক্ত। চিত্ত-চঞ্চরী রমণী মগ্ন, ফুলডাল হায় কটি-বিলগ্ন!

সবি হেথা স্থচীমূথ ধ্বনি ব্যঞ্জনা আলোচনা আর কবিতা প্রণয়-রীতি শুধু লাগে অহেতুক হুল-ফুটানোর মন্তর-জানা গৌড়ী রদের প্রীতি।

ভ্মায়ুন কবির

(每. 2206)

১०২. जटनिष्

যে-শান্তি গৃহের কোণে স্নেহ্মিগ্ধ ছায়।
মেলি' রচে ধরাতলে অমরার মায়া,
পরিজন প্রীতিপুষ্প অমান সৌরভে
ভরি' দেয় এ-জীবন আনন্দ-গৌরবে,
দিন হ'তে দিনান্তের অনাহত গতি
নীরবে ভটিনী-সম খোঁজে পরিণতি
অন্তহীন প্রশান্ত সে কোন সিদ্ধুবুকে,—
সে নহে আমার লাগি।

নিয়ত সম্মুথে বৈশাখী ঝাটকা ষবে তুর্নিবার বেগে বারি-বজ্জ-অগ্নিগর্ভ ঘন রুঞ্চ মেঘে হেলায় ভাসায়ে চলে—আসন্ন ঝাটকা বক্ষে করি' তবু জ্বলে ষেই দীপশিথা তারি চিত্তে শঙ্কাকুল সেই শান্তি-সম শান্তিতে ভরিয়া যাক এ জীবন মম।

শুনিরু নিজার ঘোরে অযোধ্যার নাম।
হেরিলাম স্বর্ণপুরী। পথে পথে তার
শত শত নরনারী কাঁদে অবিরাম,
আর্তকণ্ঠে নভোতলে ওঠে হাহাকার।
তরুণ দেবতা সম কিশোর কুমার
যৌবনে সন্ন্যাসী সাজি' চলিয়াছে বনে,—
সীতার বিরহ-ভয়ে পুরী অন্ধকার,
গগন শ্বসিয়া ওঠে নিরুদ্ধ ক্রন্দনে।

চমকি উঠিম্ব জাগি। তপ্ত নিগাণের মৃছিত ত্বন ভরি' রৌদ্রানল জলে। স্টেশন-অপনে ভাকে গ্রীমাণুর স্বরে অযোধ্যার নাম। ধৃসর ধৃলি: 'পরে ব'সে আছে বানরের দল। দুরে ঝলে স্থালোকে স্বর্ণচূড়া ভগ্ন মন্দিরের।

অজিত দত্ত

(5. :

১০৩. যেখানে রূপালি

ষেধানে রূপালি তেউয়ে তুলিছে ময়্রপঞ্চী নাও, বে-দেশে রাজার ছেলে কুমারীরে দেখিছে স্বপনে, কুঁচের বরন কন্তা একাকী বিদিয়া বাতায়নে চুল এলায়েছে যেথা—কালো আঁ।থি স্বদূরে উধাও; বে-দেশে পাযাণ-পুরী, মান্ত্যের চোথের পাতাও অযুত বংসরে যেথা নাহি কাপে ঈষং স্পান্তনে, হীরার কুস্কম ফলে যে-দেশের সোনার কাননে, কথনো, আমার পরে, তুমি যদি সেই রাজ্যে যাও:

তাহ'লে, তোমারে কহি, সে-দেশে যে-পাশাবতী আছে, মায়ার পাশাতে ষেই জিনে লয় মাগুযের প্রাণ, মোহিনী সে অপরূপ রূপময়ী মায়াবীর কাছে কহিয়া আমার নাম শুধাইলো আমার সন্ধান; দাবধানে খেয়ো দেখা, চোখে তব মোহ নামে পাছে, পাছে তার মৃত্কঠে শোনো তুমি অরণ্যের গান।

১০৪. ক্লাঙা সন্ধ্যা

রাঙা সন্ধ্যার স্তব্ধ আকাশ কাঁপায়ে পাথার ঘায় ডানা মেলে দূরে উড়ে চ'লে যায় ছটি কম্পিত কথা, রাঙা সন্ধ্যার বহুির পানে ছটি কথা উড়ে যায়! পাথার শব্দে কাঁপে হৃদয়ের প্রস্তর-স্তরতা, দূর হ'তে দূর—তবু কানে বাজে দে-পাথার স্পন্দন, ক্ষীণ হ'তে ক্ষীণ, ঝড়ের মতন তবু তার মত্রতা।

চ'লে যায় তারা চোথের আড়ালে—লক্ষ কথার বন অট্হাস্যে কোলাহল করে, তব্ ভেসে আসে কানে পাথার ঝাপট; বজ্ঞ ছাপায়ে এ কি অলি-গুঞ্ন ?

ষাষাবর যত পক্ষী-মিণুন থামে তারা কোনথানে ? মাস্থায়ে ছায়া সে আলোর নিচে পড়েছে কি কোনোদিন ? তুমি তো আমারে ভূলে যাবে নাকো—যদি যাই সন্ধানে ?

তুমি নীড়, তুমি উষ্ণ কোমল; পাথার শব্দ ক্ষীণ, তবু সে আমারে ডাকে, ডাকে শুধু ছেদহীন, ক্ষমাহীন।

১০৫০ একটি কবিভার টুকরো

মালতী, তোমার মন নদীর স্রোতের মতো চঞ্চল উদ্দাম ; মালতী, দেখানে আমি আমার স্বাক্ষর রাথিলাম।

জানি, এই পৃথিবীতে কিছুই রহে না :
শুক্ল কৃষ্ণ ছুই পক্ষ বিস্তারিয়া মহা শৃন্যতায়
কাল-বিহঙ্কম উড়ে যায়
অবিশ্রান্ত গতি ।
পাথার ঝাপটে তার নিবে যায় উদ্ধার প্রদীপ,
লক্ষ-লক্ষ সবিতার জ্যোতি ।
শামি সেই বায়ুস্রোতে থ'সে-পড়া পালকের মতো
আকাশের নীল শৃন্যে মোর কাব্য লিখি অবিরত ;
সে-আকাশ তোমার অন্তর,
মালতী, তোমার মনে রাাথ্যাছি আমার স্বাক্ষর ।

১০৬. মিস্—

কলক্ষ-কন্ধণ ভাঙো! ও কেবল ভূষণ তোমার।
বার-বার সকলের চোথের উপরে তাই বৃঝি
সেই তব কলক্ষের ঐশ্বর্যের মহামূল্য পুঁজি
চঙে আর ক্যাকামিতে নানাভাবে করিছ প্রচার।
সৌপদীর কথা ভাবি মনে আনিয়ো না অহংকার
উষাকালে তব নাম মান্ত্য শ্বরিবে চোথ বৃজি,
ঘুর্ভাগ্য, ঘুর্ভাগ্য তব, রাহুময় তোমার ঠিকুজি,
সেথায় নক্ষত্র নাই অনিবাণ শ্বরণীয়তার।

কলন্ধ-ভূশণ খোলো ! বহু-প্রেম-গর্ব যদি চাহ— যদি ভালোবাসিবার শক্তি থাকে, প্রিয়তম মাঝে ছাথো তবে পার্থ-ভীম-যুদিষ্টিরে, পঞ্চ পাণ্ডবেরে ; যে-কলঙ্গে লুব্ব করি বহু হ'তে বহুতরদেরে উর্ণায় টানিতে চা ও—-সে-ভূশণ নারীরে না সাজে, দ বিশ্বাস করিতে পারো, এর চেয়ে উৎক্কাই বিবাহ ।

১०१. जदबढे

একবার মনে হয়, দূরে—বহু দূরে—শাল, তাল,
তমাল, হিস্থাল আর পিয়ালের ছায়া-মান দেশে
প্রেম বুঝি নাহি টুটে, অশু বুঝি কোনোদিন এদে
আঁথি হ'তে মুছে নাহি নেয় স্বপ্ন। বুঝি এ-বিশাল
ধরণীর কোনো কোণে ফুল ফুটে রয় চিরকাল,
বসস্ত-সন্ধ্যার মোহ দক্ষিণ বাতাদে আদে ভেদে,
বুঝি দেখা রজনীর পরিতৃপ্ত প্রেমের আবেশে
প্রভাত-পদ্মের ভরে কেঁপে ওঠে তারার মুণাল।

যদি তাই হয়, তবু সেই দেশে তৃমি আর আমি বাহতে জড়ায়ে বাহু নাহি যাবো শান্তির সন্ধানে; মোদের জানালা-পথে ব'য়ে যাক পৃথিবীর শ্রোভ।
সে-প্রোতে কথনো যদি ভেসে আদে নীলাভ শরং
তোমার চোথের কোলে, মেঘ যদি কভূ মোহ আনে,
সে-চোথে আমার পানে চেয়ো তুমি অকশাং থামি।

১০৮. জিজ্ঞাসা

যদি এই হৃদয়ের রঙটুকু নিয়ে কোনোদিন
বাতাস উদাস হয়, আকাশ রঙিন,—
শরতে, কি বসস্তের কুহু-কাকলিতে
নতুন জন্মের স্বাদে হঃস্বপ্লেরে চায় মুছে দিতে,
তবে কি এ পৃথিবীর ছন্ম নটীবাস
শাস্ত্র রাজনীতি বাণিজ্য-বিলাস
সেই মূহুর্তের অভিসারে
প্রাণের নিভৃতে এদে খ'সে প'ড়ে যাবে একেবারে ?

যদি এই ভেঙ্গা মাটি শিশির দ্বার,
অনেক বিপথে ঘুরে পা ত্-থানি পথ খুঁজে পায়—
তবে কোনো প্রান্তরের পারে,
কিংবা কোনো ভ্লে-যা ওয়া নদীর কিনারে,
মান্ত্যের প্রেমের কি সংসারের বিচিত্র কাকলি,
ধুসর পাহাড়ে ঘেরা গ্রান কিংবা শ্রাম বনস্থলী,
পুরাতন আকাশ কি পুরোনো তারারা,
ধ্যানের শাসন পেয়ে ছাড়া
হবে নত আমার এ হদয়ের পুরোনো পুঁথিতে
কোনো-এক নতুন কবিতা লিখে দিতে ?

আমি সেই মুখ্রেতিরে খুঁজে শহরে, বাজারে, হাটে, মাঠের সবুজে, কথনো অরণ্যে, কভু রাজধানী-পথে জনতায়,
ঘুরেছি অনেক ক্লান্ত পায়।
রূপকাহিনীর মায়াপুরীতে নিভূতে,
কত সোনা-ছাওয়া দিনে, কত হীরে-ছড়ানো রাত্রিতে,
সহস্রের স্রোতে ভেসে, কথনো বা নিজন সৈকতে,
ঘীপে ও মকতে আর কত তীথপথে,
কথনো বা মিনারের চূড়ায় দাড়ায়ে
দেখেছি ছ্-চোথে খুঁজে, সম্মুণে পশ্চাতে ভাইনে বাঁয়ে,
শুধু মনে হয়—
বুঝি সে রয়েছে কাছে, বুঝি কাছে নয়।

হ'লো কতদিন!

সকালের রোদ আজ বিকালের ছায়ায় মলিন।

তব্ জানি প্রাণের সে-চরম জিজাসা

আজো করে উত্তরের আশা

আকাশে বাতাসে চাঁদে, কখনো বা মান্ত্রের ঘরে,

পাথির আওয়াজে আর প্রণয়ের মৃত্ কণ্ঠমরে।

হয়তো জীবনে কিংবা জীবনেরও বড়ো কল্পনায়

সে-মুহুর্ত আছে যেন, আছে প্রতীক্ষায়॥

১०२. नहेदन

প্যাচ কিছু জানা আছে কুন্তির ?
ঝুলে কি থাকতে পারো হুন্থির ?
নইলে
রইলে
ট্রাম না-চ'ড়ে—
ভাবাচাকা রাস্তায় প'ডে বেঘোরে।

প্র্যাকটিস করেছো কি দৌড়ে ?
লাফিয়ে ঝাঁপিয়ে আর ভোঁ-উড়ে ?
নইলে
রইলে
লরিতে চাপা,
তাড়া ক'রে বাড়ি থেকে বাড়িয়ো না পা।

দাত আছে মজবৃত দব বেশ ?
পাথর চিবিয়ে আছে অভ্যেদ ?
নইলে
রইলে
ভাত না-থেয়ে,
চালে ও কাঁকরে আধাআদি থাকে হে।

স্থির ক'রে পা ছুটো ও মনটা,

দাড়াতে পারো তো বারো ঘণ্টা ?

নইলে

রইলে

না-কিনে ধুতি—

যতই দোকানে গিয়ে করো কাকুতি।

১১০. জয়ের আগে

হে রাজপুত্র, ভোমার ঘোড়ার পায়ের নিচে
কত অরণ্য-গিরি-জনপদ শুঁড়ায়ে গেছে,
নিঃসাড় এই প্রেত-পল্লীরও দম্ম মাঠে
ফেলিলে চরণ! মহাশ্চর্য কী আর আছে!
প্রণমি তোমারে, দিখিজয়ের রাজ্যভাগ
তোমারি থাকুক, আমরা কেবল ভিক্ষা চাই-

যুদ্ধের পথ এঁকেছো ষেথানে অশ্ব-খুরে জয়োৎসবের পুস্পসরণি এঁকো সেথাই।

সাত সম্দ্র তেরো নদী নথ-মুকুরে বটে,
কুপের বার্তা তত জানাশোনা হয়তো নেই,
পক্ষীরান্দের চর্যা যাহার আশৈশব
ভেক-পরিচয় নহেকো তাহার আয়ত্তেই।
কাহিনী তোমার ইতিবৃত্তে রক্ষণীয়,
মিনতি মোদের, ভটুজনেরে ভিক্ষা দিয়ো;
আমাদের শুধু দিয়ো কিঞ্ছিৎ চরণ-ছায়া
এবং তোমার দর্শন অতি দর্শনীয়।

রাজার কাহিনী বহু-বিশ্রত, প্রজার কথা রাজভট্টের মহাকাব্যেতে কচিং মেলে, রাজ্যশাসনও শুনি লোকম্থে হরুহ নয় রাজপুরুষেরা রাজস্বর্ণের অংশ পেলে। তাই অন্তরোধ, রাজকন্তার সোহাগ ফাঁকে অতি অভাজন প্রজাগণ প্রতি করুণা করি' দিয়ো একবার দর্শন—বহু বিজ্ঞাপিত, কুর বুভুক্ষা ভূলি যাতে সেই গর্ব শ্বরি'।

হে রাজপুত্র, ভোমার ঘোড়ার পুক্ত ঘের।

মরকত আর বৈদূর্যের মালার প্রতি
করিবো না লোভ, শপথ তোমার, ঈর্বাবশে
ভাগ্যে তোমার করিবো না রোম, দওপতি!
বহুপ্রতীক্ষমানা—বাঞ্চিত হে বীরবর,
অতি দরিদ্র অভাজন মোরা ভিক্ষা চাই,
যুদ্ধের পথ এঁকেছো যেগানে অশ্বপুরে
ভয়োৎসবের পুস্পারবি এঁকো সেথাই।

'নীলচন্দ্র সরকার

(西. 2209)

১১. জামতলা

আয় চ'লে এই জামতলায় দূর থেকে তাথ বাড়িটা তোর এদিকে জানলা ওদিকে দোর চলম্ভ ছবি ঝলমলায়। ওদিকে বেরোয় গোয়া আঁকারাকা আকাশের রোদে ফণা-ভুলে-রাথা; মেৰে ঘটানি, জলের আওয়াজ, ঘর থেকে ঘরে খুরে ফেরে কাজ; বিছানা বসন বাসন বাধ্য, ভাডার ধমকে এগোয় খাত : পত্ৰপত ভিজে কাপড উড়ছে জানলার নিচে বেড়াল খুরছে; 'গামছা কোথায়, ঘটিটা মাজ না'— বাজে বিচিত্র স্থরের বাজনা। ছাাথ ব'নে এই জামতলায় কেমন খেলনা বাড়িটা তোর. দপদপ করে জানালা-দোর

ছবির মতন লাগে মধুর
বাইরে এখানে জামতলায়
মনের বাঁধুনি এলিয়ে যায়
শীতল ছায়ায় উদাস হর।
বাড়িতে ফিরলে এলাকা ঘড়ির,
খুচরো চলন প্যসা-কড়ির,
খুটনোটি আর এটাতে-ভটাতে
পুরোনো অভাব নতুন মেটাতে,

মান্ত্রষ বাঁচার চেউচলায়।

কথনো রক্ষে দমকা মেজাজে
কথনো কথায় এ-কাজে সে-কাজে
জুতোয় জামায় সেধিয়ে পেরিয়ে
সময়ের গাঁট অনেক পেরিয়ে
ফের মশারিতে ধ্বনিকাপাত
চোপে জল দিয়ে আবার প্রভাত।
বাইরে এথানে জামছায়ায়
ঘটে না কিছুই সারা হপুর।
এ শুরু সময়বহার হুর।
মনের বাঁধুনি এলিয়ে যায়।

বুদ্ধদেব বস্থ

(雪. 320日)

১১২. वन्हीत वन्हना

(জংশ)

বাসনার বক্ষোমাথো কেঁদে মরে ক্ষ্বিত যৌবন,
তুর্দম বেদনা তার ক্তিনের আগ্রহে অধীর।
রক্তের আরক্ত লাজে লক্ষবর্য-উপবাসী শৃঙ্গার-কামনা
রমণী-রমণ-রণে পরাজয়-ভিক্ষা মাগে নিতি;—
তাদের মেটাতে হয় আয়-বঞ্চনার নিত্য ক্ষোভ।
আছে কুর স্বার্থদৃষ্টি, আছে মৃঢ় স্বার্থপর লোভ,
হিরগ্রয় প্রেম-পাত্রে হীন হিংসা-পর্প গুপ্ত আছে।
আনন্দ-নন্দিত দেহে কামনার কুৎসিত দংশন,
জিঘাংসার কৃটিল কুঞ্জীতা।
হল্বের গ্যান মোর এরা সব ক্ষণে-ক্ষণে ভেঙে দিয়ে যায়,
কালায় আমারে সদা অপমানে, ব্যথায়, লজ্জায়।
ভূলিয়া থাকিতে চাই; —ক্ষণ-তরে ভূলে যাই ভূবে গিয়ে লাবণ্য-উচ্ছ্লাসে—
তব্, হায়, পারিনে ভূলিতে।
নিমেষে-নিমেষে ক্রটি, পদে-পদে অ্লন-পতন,
আপনারে ভূলে-যাওয়া—হ্ন্দরের নিত্য-অস্মান।

বিশ্বস্রষ্টা, তুমি নোরে গড়েছো অক্ষম করি' যদি, মোরে ক্ষমা করি' তব অপরাধ করিয়ে। ক্ষালন।

বিধাতা, জানো না তুমি কী অপার পিপাসা আমার অমৃতের তরে। না-হয় ডুবিয়া আছি ক্লমি-ঘন পঙ্গের দাগরে, গোপন অন্তর মম নিরন্তর স্থার ভৃষ্ণায় শুক হ'য়ে আছে তবু। না-হয় রেখেছো বেঁধে; তবু জেনো, শৃষ্থলিত ক্ষুত্র হন্ত মোর উধাও আগ্রহ-ভরে উপর্বনভে উঠিবারে চায় অসীমের নীলিমারে জডাইতে ব্যগ্র আলিগনে। মোর আঁখি রহে জাগি' নিস্তর নিশীথে, আপন আসন পাতে নিদ্রাহীন নক্ষত্র-সভায়, স্বচ্ছ শুক্ল ছায়া-পথে মায়া-রথে ভ্রমি' ফেরে ক ভূ আবেশ-বিভ্রমে। তুমি মোরে দিয়েছো কামনা, অন্ধকার অমা-রাত্রি-সম, তাহে আমি গড়িয়াছি প্রেম, মিলাইয়া স্বপ্ন-স্থধা ময। তাই মোর দেহ যবে ভিক্ষুকের মতো ঘুরে মরে কুধা-জীর্ণ, বিশীর্ণ কন্ধাল---সমস্ত অন্তর মম সে-মুহুর্তে গেয়ে ওঠে গান অনন্তের চির-বার্তা নিয়া; সে-কেবল বার-বার অসীমের কানে-কানে একটি গোপন বাণী কছে-'তবু আমি ভালোবাসি, তবু আমি ভালোবাসি আজি!' রক্ত-মাঝে মগুফেনা, সেথা মীনকেতনের উড়িছে কেতন, শিরায়-শিরায় শত সরীস্থ তোলে শিহরণ. লোলুপ লালসা করে অগ্রমনে রসনা-লেহন। তবু আমি অমৃতাভিলাধী !---

অমৃতের অশ্বেষণে ভালোবাসি, শুধু ভালোবাসি, ভালোবাসি—আর-কিছু নয়। তৃমি যারে স্বজিয়াছো, ভগো শিল্পী, সে তো নহি আমি, সে তোমার তৃঃস্বপ্ন দারুণ। বিশ্বের মাধুর্য-রস তিলে-তিলে করিয়া চয়ন আমারে রচেছি আমি; —তুমি কোথা ছিলে অচেতন সে-মহা-স্কজন-কালে—তুমি শুধু জানো সেই কথা।

মোর আপনারে আমি নব-জন্ম করিয়াছি দান।
নিখিলের স্রষ্টা তুমি, তোমার উদ্দেশে আজি তাই,
মোর এই স্বষ্ট-কার্য উৎস্থ করিত্ব সন্তর্পণে।
মোর এই নব স্বাচ্চি—এ যে মূর্ত বন্দনা তোমার,
অনাদির মিলিত সংগীত।
আমি কবি, এ-সংগীত রচিয়াছি উদ্দীপ্ত উল্লাদে,
এই পর্ব মোর—
তোমার ক্রাটরে আমি আপন সাধনা দিয়া করেছি শোধন.
এই পর্ব মোর।
লাঞ্চিত এ-বন্দী তাই বন্ধহীন আনন্দ-উচ্ছ্বাদে
বন্দনার ছন্মনামে নিষ্ঠ্র বিদ্রপ গেলো হানি'
তোমার সকাশে।

১১৩. শেষের রাত্রি

পৃথিবীর শেষ দীমা যেইখানে, চারিদিকে খালি আকাশ ফাঁকা, আকাশের মুগে ঘুরে-ঘুরে যায় হাজার-হাজার তারার চাকা, যোজনের পরে হাজার যোজন বিশাল আঁধারে পৃথিবী ঢাকা।
. (তোমারি চুলের মতো ঘন কালো অন্ধকার, তোমারি আঁথির তারকার মতো অন্ধকার; তবু চ'লে এসো; মোর হাতে হাত দাও তোমার—ক্ষা, শকা কোরো না।) বিশাল আকাশ বাসনার মতো পৃথিবীর মুথে এসেছে নেমে,
ক্লান্ত শিশুর মতন ঘূমায় রান্ত সময় সংসা থেমে;
দিগন্ত থেকে দূর দিগন্তে ধূসর পৃথিবী করিছে থাঁ-থা।
(আমারি প্রেমের মতন গহন অন্ধকার,
প্রেমের অসীম বাসনার মতো অন্ধকার;
তবু চ'লে এসো; মোর হাতে হাত দাও তোমার—ক্ষা, শন্ধা কোরো না।)

নেমেছে হাজার আঁধার রজনী, তিমির-তোরণে চাঁদের চূড়া, হাজার চাঁদের চূড়া ভেঙে-ভেঙে হয়েছে ধূদর স্মৃতির শুঁড়া। চলো চিরকাল জলে যেথা চাঁদ, চির-আঁধারের আড়ালে বাঁকা। (তোমারি চুলের বহার মতো অন্ধকার, তোমারি চোথের বাদনার মতো অন্ধকার; তব্ চ'লে এদো, মোর হাতে হাত দাও তোমার, কঞ্চা, শক্ষা কোরো না।)

এসেছিলে। যত রূপকথা-রাত ঝরেছে হলদে পাতার মতো,
পাতার মতন পীত স্মৃতিগুলি যেন এলোমেলো প্রেতের মতো।
—রাতের আঁধারে সাপের মতন আঁকার্বাকা কত কুটিল শাখা।
(এসো চ'লে এসো; সেখানে সময় সীমানাহীন,
হঠাৎ-ব্যথায় নয় দ্বিশশু রাত্রিদিন;
সেখানে মোদের প্রেমের সময় সময়হীন,
কন্ধা, শশ্ধা কোরো না।)

অনেক ধৃদর শ্বরণের ভারে এখানে জীবন ধৃদরতম,
ঢালো উজ্জ্বল বিশাল বক্তা তীব্র তোমার কেশের তমো,
আদিম রাতের বেণীতে জড়ানো মরণের মতো এ-আঁকাবাঁকা।
(ঝড় তুলে দাও, জাগাও হাওয়ার ভরা জোয়ার,
পৃথিবী ছাড়ায়ে, দময় মাড়ায়ে যাবো এবার,

তোমার চুলের ঝড়ের আমরা ঘোড়সওয়ার—
কন্ধা, শন্ধা কোরো না।)

বেখানে জ্বলিছে আঁধার-জোয়ারে জোনাকির মতো তারকা-কণা, হাজার চাঁদের পরিক্রমণে দিগস্ত ভ'রে উন্মাদনা। কোটি স্থের জ্যোতির নৃত্যে আহত সময় ঝাপটে পাথা। (কোটি-কোটি মৃত স্থের মতো অন্ধকার তোমার আমার সময়-ছিন্ন বিরহ-ভার; এসো চ'লে এসো; মোর হাতে হাত দাও তোমার— কন্ধা, শক্ষা কোরো না।)

তোমার চুলের মনোহীন তমো আকাশে-আকাশে চলেছে উড়ে আদিম রাতের আঁগার-বেণীতে জড়ানো মরণ-পুঞ্জে ফুঁড়ে,— সময় ছাড়ায়ে, মরণ মাড়ায়ে—বিহ্যুৎময় দীপ্ত ফাঁকা। (এসো চ'লে এসো, যেগানে সময় সীমানাহীন, সময়-ছিন্ন বিরহে কাঁপে না রাত্রিদিন। সেখানে মোদের প্রেমের সময় সময়হীন কন্ধা, শক্ষা কোরো না।)

১১৪. চিল্কায় সকাল

কী ভালো আমার লাগলো আজ এই সকালবেলায় কেমন ক'রে বলি।

কী নির্মল নীল এই আকাশ, কী অসহ স্থন্দর, যেন গুণীর কণ্ঠের অবাধ উন্মৃক্ত তান দিগন্ত থেকে দিগন্তে:

কী ভালো আমার লাগলো এই আকাশের দিকে তাকিয়ে; চারদিক সবুজ পাহাড়ে আঁকাবাঁকা, কুয়াশায় োঁায়াটে, মাঝখানে চিন্ধা উঠছে ঝিলকিয়ে। তুমি কাছে এলে, একটু বসলে, তারপর গেলে ওনিকে, ইন্টেশনে গাড়ি এসে দাঁড়িয়েছে, তা-ই দেগতে। গাড়ি চ'লে গেলো। —কী ভালো তোমাকে বাসি, কেমন ক'রে বলি।

আকাশে স্থর্বের বক্তা, তাকানে। যায় না।
গোরুগুলো একমনে ঘাস ছিঁ ড়ছে, কী শাস্ত!
—তুমি কি কথনো ভেবেছিলে এই হ্রদের ধারে এসে আমরা পাবে।
যা এতদিন পাইনি।

রুপোলি জল শুয়ে-শুয়ে স্বপ্ন দেখছে, সমস্ত আকাশ
নীলের স্রোতে ঝ'রে পড়ছে তার বৃকের উপর
স্থর্বের চুম্বনে। —এখানে জ'লে উঠবে অপরূপ ইক্রধয়্
তোমার আর আমার রক্তের সম্প্রকে থিরে
কথনো কি ভেবেছিলে ?

কাল চিন্ধায় নৌকোন্ন যেতে-যেতে আমরা দেখেছিলাম
ছটো প্রজাপতি কত দূর থেকে উড়ে আসছে
জলের উপর দিয়ে। —কী হুঃসাহস! তুমি হেসেছিলে, আর আমার
কী ভালো লেগেছিলো

তোমার সেই উজ্জল অপরপ স্থা। তাথো, তাথো, তোথা, কেমন নীল এই আকাশ। — আর তোমার চোথে কাঁপছে কত আকাশ, কত মৃত্যু, কত নতুন জন্ম কেমন ক'বে বলি।

১১৫. ব্যাং

বর্ধায় ব্যাভের ফুর্তি। বৃষ্টি শেষ, আকাশ নির্বাক; উচ্চকিত ঐকতানে শোনা গেলো ব্যাভেদের ডাক। আদিম উল্লাসে বাজে উন্মুক্ত কণ্ঠের উচ্চ স্থব। আজ কোনো ভয় নেই—বিচ্ছেদের, কুধার, মৃত্যুর। ঘাস হ'লো ঘন মেঘ; স্বচ্ছ জল জ'মে আছে মাঠে।
উদ্ধৃত আনন্দগানে উৎসবের বিপ্রহর কাটে।
স্পর্শময় বর্ষা এলো; কী মহণ তরুণ কর্দম!
স্ফীতকণ্ঠ, বীতস্কদ্ধ—সংগীতের শরীরী সপ্তম।
আহা কী চিক্রণ কাস্তি মেঘস্লিগ্ধ হল্দে-সবৃজে!
কাচ-স্বচ্ছ উপ্র কৃষ্টি চক্ষ্ যেন ঈগরের থোজে
গ্যানমগ্ন শ্বি-সম। বৃষ্টি শেষ, বেলা প'ড়ে আসে;
গন্তীর বন্দনাগান বেজে ওঠে স্তন্তিত আকাশে।
উচ্চকিত উচ্চ স্থর স্ফীণ হ'লো; দিন মরে গুঁকে;
অন্ধকার শতন্তিদ্র একছন্দা তন্ত্রা-আনা ডাকে।
মধারাত্রে ক্রন্দার আমরা আরামে শ্যাশাগী
ক্রন্দ পৃথিবীতে শুরু শোনা যায় একাকী উৎসাহী
একটি অক্লান্ত স্থর; নিগুড় মন্বের শেষ প্লোক—
নিঃসঙ্ক ব্যাণ্ডের কর্প্নে উৎসারিত—ক্রোক, ক্রোক, ক্রোক,

১১৬. রূপান্তর

দিন মোর কর্মের থহারে পাংশু,
রাত্রি মোর জলস্ত জাগ্রত স্বপ্নে।

গাতৃর সংঘর্ষে জাগো, হে স্থন্দর, শুল অগ্নিশিগা,

বস্তুপুগু বায়ু হোক, চাঁদ হোক নারী,

মৃত্তিকার ফুল হোক আকাশের তারা।

জাগো, হে পবিত্র পদ্ম, জাগো তুমি প্রাণের মৃণালে,

চিরস্থনে মৃক্তি দাও ক্ষণিকার অম্লান ক্ষমায়,

ক্ষণিকেরে করো চিরস্তন।

দেহ হোক মন, মন হোক প্রাণ, প্রাণে হোক মৃত্যুর সংগম,

মৃত্যু হোক দেহ, প্রাণ, মন।

১১৭. কোনো মূভার প্রতি

'ভূলিবো না'—এত বড়ো স্পর্ধিত শপথে
জীবন করে না ক্ষমা। তাই মিথাা অঙ্গীকার থাক।
তোমার চরম মৃক্তি, হে ক্ষণিকা, অকল্পিত পথে
ব্যাপ্ত হোক। তোমার মৃথশ্রী-মানা মিলাক, মিলাক
ভূণে-পত্রে, ঋতুরঞে, জলে-স্থলে, আকাশের নীলে।
শুধু এই কথাটুকু হদনের নিভূত আলোতে
জ্বেলে রাখি এই রাত্রে—তুমি ছিলে, তরু তুমি ছিলে।

১১৮. প্রত্যহের ভার

বে-বাণীবিহপে আমি আনন্দে করেছি অভ্যর্থনা ছন্দের স্থন্দর নীড়ে বার-বার, কথনো ব্যর্থ না হোক তার বেগচ্যুত পক্ষমুক্ত বায়ুর কম্পন জীবনের জটিল গ্রন্থিল বৃক্ষে; যে-ছন্দোবন্ধন দিয়েছি ভাষারে, তার অন্তত আভাস যেন থাকে বংসরের আবর্তনে, অদৃষ্টের ক্রুর বাঁকে-বাঁকে, ক্টিল ক্রান্থিতে; যদি ক্লান্থি আসে, যদি শান্থি যায়, যদি হংপিও শুধু হতাশার ডম্বরু বাজায়, রক্ত শোনে মৃত্যুর মৃদ্ধ শুধু; — তবুও মনের চরম চূড়ায় থাক সে-অমর্ত্য অতিথি-ক্ষণের চিহ্ন, যে-মৃত্তের্ত বাণীর আত্মারে জেনেছি আপন সন্তা ব'লে, ন্তরু মেনেছি কালেরে, মৃঢ় প্রবচন মরত্বে; যথন মন অনিচ্ছার অবশ্য-বাঁচার ভূলেছে ভীষণ ভার, ভূলে গেছে প্রত্যহের ভার।

১১৯. অসম্ভবের গান

বুথাই জপিয়েছি তোমারে, মন, থামাও অস্থির চ্যাচামেচি। কোথায় অজুনি! কোথায় কামরূপ! এক বসম্ভেই শৃক্ত তূণ।

এক বসন্তেই শৃত্য তৃণ ?
তাহ'লে আজো কেন শাস্তি নেই ?
কেন বিচক্ষণ যুধিষ্টির
পাঞ্চালীরে রাথে পাশায় পণ ?

কোনো বিচক্ষণ যুধিষ্টির জানে না কেন এই পরিশ্রম, জানে না সন্ধ্যায় ক্লান্ত পাথা হঠাৎ কাঁপে কোন আকাজ্ঞায়।

হঠাং কাঁপি কোন আকাক্ষায়—
বৃথাই জপালাম তোমারে, মন—
উন্মাদিনী পাশা বরং ভালো,
আজো কি চিত্রাঞ্চার আশা ?

বরং প্রোজ্জল জুমোর চোথে
ভাখো-না ডুব দিয়ে কোথায় তল,
কিংবা মদিরার উদার বুকে
পাবে তো অস্তত অন্ধকার।

এথানে কিছু নেই, অন্ধকার,
শৃক্ত তৃণ এক বসম্ভেই,
এ-বনে কেন তবে আবার থোঁজো
অনিশ্চয়তার অসম্ভবে!

অনিশ্চয়তার অন্নেষণে পাঞ্চালীরে পেয়েছিলে সেবার, সে আজ এত দূর বিথ্যাত যে স্বয়ং ক্লফের সে-ই মধুর।

ক্ষল অত্যের, তোমার শুধু অগু কোনো দূর অরণ্যের পঙ্গীনতায় স্বপ্নে কেঁপে ওঠা কোন অসম্ভব আকাজ্ঞায়।

স্বপ্নে ওঠে রোল—কোথায় কামরূপ কাঁপছে চিত্রাপদার ঠোঁটে ! হে বীর, ভাঙো ভূল ! ব্রহ্মচারী তৃমি ? —আবার বসস্থের হুলুখুল।

আবার বদন্তের হুলুপুল।
ব্রন্ধচারী তুমি, দব্যসাচী!
থামে না চ্যাঁচামেচি! যদি অদন্তব,
ত্রেএ-তৃষ্ণার কোথায় মূল ?

১২০. বৃষ্টির দিন

বৃষ্টি এলো, আবার বৃষ্টি! বৈশাথের রূপদী বৃষ্টি নয়, শ্রাবণের আদরে ভরা স্পর্শ নেই, হিম বৃষ্টি, কালো বৃষ্টি, হেমস্টের শীত-নামানো বৃষ্টি।

আ, এই ভালো, এই আমার ভালো লাগে! আখিনের উজ্জ্বল দিনগুলি তাদের হিরের দাঁত দেখিয়ে ব'লে গেছে আমাকে, 'এরে প্রক্ষিপ্ত মানবক, বিশের অপলাপ, চেয়ে তাখ আমাদের দিকে—কী স্থন্দর আমরা, কী নির্মম, উদাসীন!' তাদের আলোর ধারে ছিঁড়ে গেছি আমি, তাদের ব্যক্ষের ভারে অবসন্ন।

সাম্বনা নিয়ে এলো এই দিন, এই হুয়ে-পড়া, বুজে-আসা, নিরবয়ব দিন।
ঘণ্টা মুছে গেছে, সময়ের কুর কামড় আজু আর সইতে হবে না আমাকে—

কিছুক্ষণ, অস্তত কিছুক্ষণ ছুটি! সকাল মিশে ধাবে তুপুরে, তুপুর মিলিয়ে ধাবে বিকেলে—চিহ্ন নেই, গয়না নেই, অস্ত্র নেই—একটানা, একাকার, ধূদর।

আজ আকাশ ভ'রে মেঘ ছড়িয়ে পড়েছে আমারই আত্মার কালিমার মতো, আর এই রুঢ় রুষ্টির তলায় কলকাতা প'ড়ে আছে যেন কামূক স্বামীর ভারপিষ্ট কোনো নির্বোধ নিঃসাড় ক্লান্ত সহিষ্ণু প্রেট্য রুমণী।

আমি ব'সে আছি জানলায়; অন্ধকার মেঘের দিকে তাকিয়ে-তাকিয়ে অনন্তকালের মধ্যে ভৃথিয়ে দিচ্ছি আমার মনস্তাপ—, তিক্ত শৃতি, ত্রন্ত অনুশোচনা, আমার নিঃশন্ধ, নিঃশন্ধ চীৎকার।

এদিকে মান্ন্যের সংসারে বেলা বাড়ে; কেউ দোকান খুলে বসে, কেউ ফেরে বাজার থেকে, আর একে-একে ট্র্যামের ফিপে লোকেরা এসে দাঁড়ার—ছাতা নিয়ে, বর্গাতি নিয়ে, বেঁচে থাকার গন্তীর প্রতিজ্ঞা নিয়ে, ভূলে থাকার উদার আখাসে মজ্জমান।

কী ভুলতে চায় ? বেঁচে আছে তা-ই ভুলতে চায়।

শুনছো না বৃষ্টির শব্দে আকাশ ভ'রে ঘোষণা উঠছে—'পালাও! আপিশে, কাাক্টরিতে, কটকাবাদ্ধারে, রাজনীতির উত্তেজনার—যেথানে হয়, পালাও। আর যথন সন্ধের পর আর কিছুই থাকবে না, তথন মদ, তথন জুয়ো, তথন গণিকার পরিশ্রমী আলিঙ্গন। যেথান হোক, যেমন ক'রে হোক—পালাও, চূর্ভাগা জীব, লুকিয়ে রাথো তোমার চেতনার অভিসম্পাত, চূবিয়ে দাও দিনের পর দিনের এই আবর্তন—এই হত্যাকারী আবর্তন! কেননা মৃত্যু ছঃথের নয়, তুমি যে মরছো সেটা জানতে পাওয়াই য়য়ণা।

১২১. শীতরাত্রির প্রার্থনা

এনো, ভূলে যাও তোমার দব ভাবনা, তোমার টাকার ভাবনা, স্বাস্থ্যের ভাবনা, এর পর কী হবে, এর পর, ফেলে দাও ভবিয়তের ভয়, আর অতীতের জন্ম মনস্থাপ।

আজ পৃথিবী মৃছে গেছে, তোমার সব অভ্যস্ত নির্ভর ভাঙলো একে-একে ;—রইলো হিম নিঃসঙ্গতা, আর অন্ধকার নিস্তাপ

রাত্রি ; —এসো প্রস্তুত হও।

বাইরে বরফের রাত্রি। ডাইনি-হাওয়ার কনকনে চাবুক গালের মাংস ছিঁড়ে নেয়, চাঁদটাকে কাগজের মতো টুকরো ক'রে ছিটিয়ে দেয় কুয়াশার মধ্যে, উপড়ে আনে আকাশ, হিংস্থক হাতে ছড়িয়ে দেয় হিম; শাদা, নরম, নাচের মতো অক্ষরে পৃথিবীতে মৃত্যুর ছবি এঁকে যায়।

তাহ'লে ডুবলো তোমার পৃথিবী, হারিয়ে গেলো চিরদিনের অভিজ্ঞান ; ফুল নেই, পাপি ডাকে না, নাম ধ'রে ভরা গলায় ডাকে না কেউ; অচনা দেশ, অস্থায়ী ঘর, শৃশু ঘরে নিঃসম্বল প্রাণ, আর বাইরে উত্তরের শীত, অন্ধকার, মেক-হাওয়ার চেউয়ের পর চেউ। এই তো সময়; —সংহত হও।

সংহত হও, নিবিড় হও: অতীত এখনো ফরিয়ে ষায়নি, ভুলো না, যে-অতীত অপেক্ষা ক'রে আছে তোমার জন্ম, তারই নাম ভবিশুং; যাবে, হবে, ফিরে পাবে। মুহূর্তের পর মুহূর্তের ছলনা কেবল চায় বেঁধে রাথতে, লুকিয়ে রাথতে। কিন্তু তোমার পথ চ'লে গেছে অনেক দূরে, দিগস্তে।

শেই প্রথম দিনে কে হাত রেখেছিলো তোমার হাতে, আজও তো মনে পড়ে তোমার,

যাতে মনে পড়ে, ভুলতে না পারো, তাই অনেক ভুলতে হবে ভোমাকে, যাতে পথ চলতে ভয় না পাও, ফেলে দিতে হবে অন্নেক জগাল, সাবধানের ভার.

হ'তে হবে রিক্ত, হারাতে হবে যা-কিছু তোমার চেনা, যাতে পথের বাঁকে-বাঁকে পুরোনোকে চিনতে পারো, নতুন ক'রে।

এসো, আন্তে পা ফ্যালো, সিঁড়ি বেয়ে উঠে এসো তোমার শৃশু ঘরে—
তুমি ভ'রে তুলবে, তাই শৃশুতা। তুমি আনবে উঞ্জা, তাই শীত।
এসো, ভূলে যাও তোমার টাকার ভাবনা, বাঁচার ভাবনা, হাজার ভাবনা—
আর এর পরে

তোমার দিকে এগিয়ে আদবে ভবিশুং, পিছন থেকে ধ'রে ফেলবে অভীত। এসো, মৃত্যুর জন্ম প্রস্তুত হও আজ রাত্রে।

তা-ই চাও তুমি, তারই জন্ম তোমার বৃত্স্পা; এই মৃত্যুর হাতেই
মৃত্তের পর মৃত্তের ছলনা হবে ছিন্ন:
যেমন তোমার চোথের দামনে পৃথিবী ম'রে গেলো আজ—ফুল নেই,
দব সবৃজ নিবে গেছে, চারদিকে শুধু কঠিন শাদা শুরুতার চিহ্ন—
তেমনি তোমাকে ভূবতে হবে, তোমাকে ও ।

ভূবতে হবে মৃত্যুর তিমিরে, নয়তো কেমন ক'রে বেঁচে উঠবে আবার ?
লুপ্ত হ'তে হবে পাতালে, নয়তো কেমন ক'রে ফিরে আদবে আলোয় ?
তুমি কি জানো না, বার বার মরতে হয় মান্থুযকে, বার-বার,
তুলতে হয় মৃত্যু আর নবজন্মের বিরামহীন দোলায়
সত্যি যদি বাঁচতে হয় তাকে।

অন্ধকারকেই মৃত্যু নাম দিয়েছি আমরা। বীজ ম'রে যায়, যপন অদৃশু হয় মাটির তলার সংগোপন গৃঢ় গহ্বরে; শীত এলে ম'রে যায় পৃথিবী, ঝ'রে যায় পাতা, নেয় বিদায় ঘাস, ফুল, ঘাস-ফড়িং; নেকড়ে আসে বেরিয়ে; কালো, কালো নিষ্ঠুর কবরে

হারিয়ে যায় প্রাণ-ধ্বধবে তুষারের তলায়।

তেমনি তুমি; —তোমারও রোদ ম'রে গেলো, ঘন হ'য়ে ঘিরলো কুয়াশা, তোমার আলোর পৃথিবী ছেড়ে তুমি নেমে এলে পাতালে, তোমার রঙিন সাজ ছিড়ে গেলো, মুছে গেলো নাম, ভুলে গেলে

তোমার ভাষা.

যত চোপ তোমাকে চিনেছিলো একদিন, সেই সব উৎসবের মতো চোপের আড়ালে

তুমি মিলিয়ে গেলে—অন্ধকার থেকে অন্ধকারে।

কিন্তু মাটির বৃক চিরে লুপ্ত বীজ ফিরে আসে একদিন,
আবার দেখা দেয়, অত্য নামে, নতুন জরে, রাশি-রাশি ফসলের ঐশ্বর্যে;
আর এই শীত—তুমি তো জানো—প্রত্যেক ফোঁটা বরফের সঞ্চে
তারও শুধু জ'মে উঠছে ঋণ,

সব শোধ ক'রে দিতে হবে ; প্রচ্চন্ন প্রাণ অবিচল ধৈর্যে জেগে আছে দীর্ঘ, দীর্ঘ রাত্তি।

শুধু জেগে আছে তা-ই নয়, কাজ ক'রে যাচ্ছে গোপনে-গোপনে, সৃষ্টি ক'রে যাচ্ছে মৃত্যুব বৃকে নতুন জন্ম, কবর ফেটে অবুঝ অদ্ভূত উৎসারণ, পাথর ভেঙে স্রোত, বরফের নিথর আন্তরণে স্পান্দন—যথন ঘোমটা চি ড়ে উকি দেবে ক্ষীণ, প্রবল, উজ্জ্বল, আশ্চর্ষ সবৃত্ধ বসন্তের প্রথম চুম্বনে।

আর তাই এই মৃত্যু তোমার প্রতীক্ষা—তোমাকে তার যোগ্য হ'তে হবে,
ভূলতে হবে সাবধানের দীনতা, হাজার ভাবনার জ্ঞাল;
সন্দেহ কোরো না, প্রতিবাদ কোরো না; নিহিত হও এই কঠিন হিম ধবধবে
আস্তরণের অন্তঃপুরে, বীজের মতো—যেখানে অপেক্ষা ক'রে আছে
তোমার চিরকাল।

উৎসর্জন করো, সমর্পণ করো নিজেকে।

নিবিড় হ'লো রাত্রি, পাংলা চাঁদ ছিঁড়ে গেলো, নেকড়ের মতো অন্ধকার, দলে-দলে ডাইনি বেরোলো হাওয়ায়, আততায়ীর ছুরির মতো শীত। এরই মধ্যে তোমার ষজ্ঞ; উৎসর্গ হবে প্রাণ, আগুন জ্ঞালবে আ্যার, ভশ্ম হবে যাকে ভেবেছো তোমার ভবিয়াং, আর যাকে জেনেছো তোমার অতীত। পবিত্র হও, প্রতীক্ষা করো।

ঐ শোনো, ঘণ্টা বাজে গির্জেতে; এদের উৎসবের ক্ষণ আসন্ন, ঈশ্বরের একজাত, একমাত্র পুত্রের জন্মের স্মরণে;— কিন্তু তুমি—তোমার শরীর ভিন্ন মাটিতে তৈরি, অগ্র গান বাজে তোমার রজে, অগ্র এক আশাসের উচ্চারণে ধ্বনি তোমার ইতিহাসের আকাশ। তুমি জেনেছো, মান্থ্যমাত্রেই অমৃতের পুত—শুধু একজন নয়, প্রত্যেকে, তুমি বলেছো, অন্ধকার থেকে আলোয় নিয়ে যাও, মৃত্যু থেকে অমৃতে, তুমি শুনেছো, জন্মের পর জন্মান্তর আবর্তের মতো এঁকে-বেকৈ অমৃতের দিকে নিয়ে যায়; —আর এই জীবন, সেও তার সময়ের সীমায়, মাংসের গণ্ডিতে

বন্দী হ'য়ে থাকবে না।

তাই তো জানো তুমি—বার-বার মরতে হয় মাত্যকে, নতুন ক'রে জন্ম নেবার জন্ম,

শুধু জন্ম-জন্মান্তর নয়, একই জন্মে তার এই মৃত্যু আর পুনকখান, শুধু একজনের নয়, সকল মান্ত্যের—হাদয়ের আকাজ্জার অরণা ল্কিয়ে রেণেছে চিরকাল এই বুভূক্ষা—তারই জন্ম সব কালা, সব কালা-ভরা গান,

বুকে বুক রেথে ভৃপ্তিহীন প্রেমিক।

কৃপ্তিহীন বিরহে তুমি জলছো—জলতে দাও, পুড়ে যাক যা-কিছু তোমার পুরোনো,

ডিমের খোলশের মতো ফেটে যাক তোমার পৃথিবী, বেরিয়ে আন্তক অন্ত এক জগ২,

এই পাতাল বেয়ে নেমে যাও আরো, আরো অন্ধকারে; যথন সব হারাবে, কোনো

চিহ্ন আর থাকবে না, তথনই ভোমাকে ধ'রে ফেলবে অতীত, এগিয়ে **আসবে** ভোমার দিকে ভবিশ্য^২—-

দব নতুন---নতুন হ'য়ে।

সময় হ'লো, বাইরে অনাকার অন্ধকার, প্রেতের চীৎকারের মতো হাওয়া; অচেনা দেশ, অন্থায়ী ঘর, শৃগ্য ঘরে নিঃসম্বল প্রাণ; আজ আর কিছু নেই তোমার—শুধু একফোঁটা রক্তে-লীন সংগোপন ঝাপদা পথ-চাওয়া এই ব্যাপ্ত কুয়াশার মধ্যে ক্ষীণ, ক্ষণিক, লুকিয়ে-থাকা তারার মতো কম্পমান।

প্রস্তুত হও, প্রতীক্ষা করো তোমার মৃত্যুর জন্ম।

যে-মৃত্যুকে ভেদ ক'রে লুপ্ত বীজ ফিরে আসে নির্ভূল, রাশি-রাশি শস্তের উৎসাহে, ফসলের আশ্চর্য সফলতায়, ষে-মৃত্যুকে দীর্ণ ক'রে বরফের কবর ফেটে ফুল জ'লে ওঠে সবুজের উন্নাসে, বসন্তের অমর ক্ষমতায়— সেই মৃত্যুর—নবজন্মের প্রতীক্ষা করো।

মৃত্যুর নাম অন্ধকার ; কিন্তু মাতৃগর্ভ—তাও অন্ধকার, ভূলো না, তাই কাল অবগুঠিত, যা হ'য়ে উঠছে তা-ই প্রচ্ছন্ন ; এসো, শান্ত হও : এই হিম রাত্রে, যথন বাইরে-ভিতরে কোথাও আলো নেই,

তোমার শৃত্যতার অজ্ঞাত গহ্বর থেকে নবজন্মের জন্য প্রার্থনা করো, প্রতীক্ষা করো, প্রস্তুত হও।

১২২. দায়িত্বের ভার

কিছুই সহজ নয়, কিছুই সহজ নয় আর।
লেখা, পড়া, প্রুক্ত পড়া, চিঠি লেখা, কথোপকথন,
ষা-কিছু ভূলিয়ে রাখে, আপাতত, প্রত্যহের ভার—
সব যেন, বৃহদরণ্যের মতো তর্কপরায়ণ
হ'য়ে আছে বিকল্পকুটিল এক চতুর পাহাড়।
সেই যুদ্ধে বার-বার হেরে গিয়ে, ম'রে গিয়ে, মন
যখন বলেছে, শুধু দেহ নিয়ে বেঁচে থাকা তার
সবচেয়ে নির্বাচিত, প্রার্থনীয়, কেননা তা ছাড়া আর
কিছু নেই শাস্ত, স্পিয়্ব, অবিচল প্রীতিপরায়ণ—
আমি তারে তথন বিশ্বস্ত ভেবে কোনো-এক দীপ্ত প্রেমিকার

আলিন্ধনে সন্তার সারাৎসার ক'রে সমর্পণ—
দেখেছি দাঁড়িয়ে দূরে, যদিও সে উদার উদ্ধার
লুপ্ত ক'রে দিলো ভাবা, লেখা, পড়া, কথোপকথন,
তব্ প্রেম, প্রেমিকেরে ঈর্ধা ক'রে, নিয়ে এলো ক্রুর বরপণ—
তুরহ, নৃতনতর, ক্ষমাহীন দায়িছের ভার।
কিছুই সহজ্ব নয়, কিছুই সহজ্ব নেই আর!

১২৩. রাভ ভিনটের সনেট

(3)

শুধু তা-ই পবিত্র, যা ব্যক্তিগত। গভীর সন্ধ্যায় নরম, আচ্ছন্ন আলো; হলদে-মান বইয়ের পাতার লুকোনো নক্ষত্র ঘিরে আকাশের মতো অন্ধকার; অথবা অত্বর চিঠি, মধ্যরাতে লাজুক তন্দ্রায়

দ্রের বন্ধকে লেখা। যীশু কি পরোপকারী
ছিলেন, তোমরা ভাবো ? না কি বৃদ্ধ কোনো সমিতির
মাননীয়, বাচাল, পরিশ্রমী, অশীতির
মোহগ্রস্ত সভাপতি ? উদ্ধারের স্বত্বাধিকারী

ব্যতিব্যস্ত পাণ্ডাদের জগঝস্প, চামর, পাহারা এড়িয়ে আছেন তাঁরা উদাসীন, শাস্ত, ছন্নছাড়া। তাই বলি, জগতেরে ছেড়ে দাও, যাক সে যেখানে যাবে;

হও ক্ষীণ, অলক্ষ্য, তুর্গম, আর পুলকে বধির।

যে-সব থবর নিয়ে সেবকেরা উৎসাহে অধীর,

আধ ঘণ্টা নারীর আলস্যে তার ঢের বেশি পাবে।

১২৪. স্মৃতির প্রতি

(0)

আমাদের পরিবর্তনের অর্থ: এই দেহ শ্রিয়মাণ; ছ্যাতিময় জন্তুর উত্থান তাও শুধু পিতৃহননের

নান্দীপাঠে ফান্তন ফ্রায়।
কৈশোরের মঞ্জুল মুখোশ
তেকে রাগে জরার আক্রোশ;
প্রগতির দৃপ্ত পাহারায়

অবিরাম চলে অবংপাত। বাঁচে শুধু, যা তোমার হাত চিরকাল মূর্ছার কন্দরে

রেখে দিয়ে, করে উন্মোচন—
রূপান্তর থেকে রূপান্তরে—
পৃথিবীর প্রথম যৌবন।

५२०. जिंग् नारेक

শোনালি আপেল, তুমি কেন আছো ? চুমো-খাওয়া হাসির কোটোয় দাঁতের আভায় জলা লাল ঠোঁটে বাতাস রাঙাবে ? ঠাণ্ডা, আঁটো, কঠিন কোনারকের বৈকুণ্ঠ জাগাবে অপ্সরীর স্তনে ভরা অন্ধকার হাতের মুঠোয় ?

এত, তবু তোমার আরম্ভ মাত্র। হেমস্তের যেন অস্ত নেই। গন্ধ, রস, স্নিশ্বতা জড়িয়ে থাকে এমনকি উন্মুখ নিচোলে। তৃপ্তির পরেও দেখি আরো বাকি; এবং ফুরোলে থামে না পুলক, পুষ্টি, উপকার। কিন্তু শুধু এই ?

তা-ই ভেবে সবাই ঘুমিয়ে পড়ে। কিন্তু মাঝে-মাঝে আসে ভারি-চোথের ছ-একজন কামাতুর, যারা থালা, ডালা, কাননের ছন্মবেশ সব ভাঁজে-ভাঁজে

ছিঁড়ে ফেলে, নিজেরা তোমার মধ্যে সম্ভূত আলোতে হ'য়ে ওঠে আকাশ, অরণ্য আর আকাশের তারা— যা দেখে, হঠাং কেঁপে, আমাদেরও ইচ্ছে করে অন্য কিছু হ'তে।

১২৬. ঋতুর উত্তরে

শীত, গ্রীষ্ম, বসন্তু, বর্ধার দিন, আমি এতদিনে তোমাদের বিরাট খামখেয়াল জয় ক'রে, হৃদয়সন্ধ্যায় নিয়েছি স্থযোগমুক্ত, হৃতভাগ্য শৃক্ততারে চিনে—

আমি, মৃত, নিশ্চিত, ভবিশ্বময়, প্রশ্নের অতীত। পউদে ফাস্কনে গাঁথা কান্না-হাসি-দোলানো অন্তায় আমারে বেঁধে না আর; বড়ো জোর বাত, পিত্ত, শ্লেমার সংবিৎ

এঁকে যায় সামান্ত গণিতচিহ্নে পঞ্জিকার পালা— যেন এক পুরোনো প্রাসাদে শুধু অন্তপস্থিতি দেখায় আঙুল তুলে ঘরে-ঘরে মরচে-পড়া তালা।

আমার হৃদয় আজ চিরন্তন হেমন্তে বিলীন ; কুয়াশা, চাঁদের প্রেত, রশ্মি-জলা পশ্চিমের শ্বতি— সব মিশে অন্ধকারে ভ'রে দেয় আলোর পুলিন :

শুধু স্বপ্নে শুনে-শুনে একতাল, ঋতুহীন সম্দ্রের স্বর— নিঃসঙ্গতা! জেনেছি তোমারই নাম শীত, গ্রীষ্ম, বসস্ত, বৎসর।

নিশিকান্ত

(啄. ১৯0৯)

১২৭. পণ্ডিচেরির ঈশানকোণের প্রান্তর

কোন
সংগোপন
থেকে এলো, এই উজ্জ্জল
শ্রামল
বিন্দুর শিখা!
এই পাযাণখণ্ড-কণ্টকিত
শুদ্ধ রুধির-সঞ্চিত
শ্রাণহীন রক্তবর্ণ মৃত্তিকা
কার স্পর্শে পেয়েছে প্রাণ ?
অমৃত-সিঞ্চিত বন-মঞ্জরীর অবদান
কোন অদৃশ্য সৌন্দর্যের উৎস থেকে উৎসারিত—
এই পরল-কুণ্ডলিত
ভূজঙ্গ-ভূমির অঞ্চে-অঞ্চে

যোজনের পর

যোজন-বিস্থৃত প্রাস্তর;

আজ সকাল বেলা

এসেছি এখানে। দূরে-দূরে দেখা যায় রুক্ষ মাটির স্ত্রুপের মেলা, তারি উপর দণ্ডের মতো দাঁড়ানো জমাটিবাধা পাথর কুচির চাঙ্ড়া, যেন ক্ষিপ্ত মুগু

> নাসা থড়গধারী গণ্ডার, যেন উত্তত শুণ্ড মদমত মাতকের মতো।

রাক্ষদী মেদিনী অবিরত বংসরে-বংসরে নিজেই নিজেকে গ্রাস ক'রে-ক'রে স্বষ্টি করেছে এই আরক্তদশন বুভূক্ষার গহুর-প্রাঙ্গণ।

বক্ষে তার

বালু-কন্ধরের বন্ধিত পন্থার

কন্ধাল।

তারি একপাশে ভশ্ম-ভাল শ্মশান ; প'ড়ে আছে দগ্ধ-শেষ চিতার

নিরুতাপ পাংশু অঙ্গার,

জীর্ণ মলিন বিক্ষিপ্ত কন্থার

রাশি, ভগ্ন কলদের কানা,

নর-কপালের করোটী, শকুনির নথর-চিহ্ন, শব-লুব্ধ সংগ্রামে প্রাঞ্জিত মৃত বায়সের বিচ্ছিন্ন ডানা;

ব'নে আছে অপরাজেয়

লোলুপ দৃষ্টির অধিকারী রুষ্ণকায় সারমেয়।

তবু সেখানে সর্বজয়ী জীবনের

বিকাশের

লিখা

এনেছে তুর্গভ তৃণ-মঞ্জরী, বিন্দু-বিন্দু সবুজ গুলা-শিখা !

আর

হুর্দম হুর্বার মর্ভ্য-বিদ্রোহী তাল-বিটপীর হৃন্দ ; তাদের অটল স্বরূপের

অভিযান তুলেছে উধ্বে র

উদ্দেশে, যেন সহস্রশির

বাস্থকির

শত-শত ফণা রসাতল ভেদ ক'রে উঠেছে হলে অনস্ত অম্বরে,

ভারা

পান করে যেন সেই স্থনীল স্থধার অক্ষর-ধারা;

খেন কোন থেয়ালি চিত্রকর, আধাঢ়ের খনীভূত মেঘের

রঙের পাত্র শৃত্য ক'রে নিয়ে ধ্মকেতৃর পুচ্ছের মতো বিশাল তুলি দিয়ে ঐ অভ্রংলিহ রেথার সারি করেছে অধিত,

> তারি চূড়ায় শাখায় শাখায়

করেছে তরঞ্চিত হরিদর্ণ রশ্মিবিকীর্ণ তীক্ষ্ণ-ধার পাতার

ত্রিকোণ মণ্ডলিকাছন্দের নীহারিকাপুঞ্জ; সেখানে বিষাণ বাজায় বাতাস, দোলে বিজয় নিশান;

তাদের
সর্ব অঙ্গে পুরু ইস্পাতের
চক্রাকার আবর্তনের
কালজয়ী আবরণ ;
নল-কৃপের মতো তাদের মৃল—
এই উষরপিণ্ড পৃথুল
পৃথিবীর জঠরের অতল-তলে

পলে-পলে

করেছে দঞ্চিত মর্ত্য শ্মশান-মন্থিত অমুত।

হে সম্রাট শিল্পী, স্থন্দর! কোন অচিস্ত্য লোকের রহস্থের বেদিকায় ব'নে আছো তুমি ?

এই মক্ল-বাস্তব ভূমি

তোমার

নিম্ম কল্পনার

নির্লিপ্ত আনন্দের

পর্ম-বস্তু-রসের

রঙ্গনে রঞ্জিত হয়।

জ্যোতিৰ্ণয়!

দাও দীক্ষা, অপূর্ব রূপান্তর সাধনের মন্ত্র দাও আমায় ;

ষে-মন্ত্রের শক্তিতে সতায়

বিলুপ্ত হবে মেদিনীর

মাতঙ্গ প্রকৃতির

মদমত্ত অভিযান, রাক্ষ্মী কামনার

বুভূক্ষার

বিশ্বৰ আসক্তি;

জীবনের অভিব্যক্তি

হবে মূর্ত, ঐ বিরাট তাল-বিটপীর নীলাম্বরচুম্বিত

আত্মার মতো, বতিকা

জলবে অন্তরে

ঐ ওজস্বান তৃণ-শিধার অক্ষরে।

দাও তোমার বর্ণমন্দাকিনীর লাবণ্যধারা-নির্বরিত তুলিকা,

স্পর্শে যার

দীর্ণ ক'রে আমার

কঠিন প্রাণ-খণ্ডের শিলা

মৃঞ্জরিত হবে তোমার

অমর্ত্য মালঞ্চের

মাধুর্য মন্দারের

त्मीन्दर्य नीना।

,২৮. মহামায়া

সমূথে প্রাচীরে ফাটলের বৃকে আঁকা
সারমেয়মূখী ভাকিনী কাহারে ডাকে!
তারি দক্ষিণে দোলে অশত্থ শাথা
পাংশুল পাথি সেথায় বসিয়া থাকে।
ক্বফ মেঘের মহিষম্প্রটিরে
কে বসালো নীল আকাশের বৃক চিরে!
দিগন্তরেথা দ্বিথপ্ত করি
দাঁড়ায়েছে তাল-তক্ব;
সাড়ে-তিনগজ ধ্সর ভূমিতে
বিশাল সাহারা মক্ব।

নেতে আর জলে জোনাকি-যোনির শিখা,
মসীর সাগরে বহ্নির বুদবুদ !
আট্ট হাসিছে রাতের অট্টালিকা,
দ্বারে বাতায়নে বর্তিকাবিছাং।
শাদা আগুনের তরণীতে চাঁদ চলে,
তারার রূপালি তীরের ফলক ঝলে;
চাহে মার্জার চক্ষু মেলিয়া
ম্বিক-বিবর পাশে,
দৃষ্টিতে তার তিমির-দীর্ণ
সুর্য-হীরক হাসে।

ওঠে গণ্ডীর অম্ব্ধিগর্জন,
ভাগে অসংখ্য তর্গ-সংঘাত ;
ধর্জুরশাথে বিল্লির প্রস্থন ;
সহসা বিধবা করিলো আর্তনাদ !
নবজাত শিশু হেসে ওঠে খলখল ;
শ্বশান্যাত্রী করে ওই কোলাহল ;

লোহদশনে হুংকার করে
দানব যন্ত্রখান ;
বাতাসে ভরিলো শেফালি-ঝরার
মৃত্ব মঞ্জুল তান।

সহসা উধ্বে উঠিলো রংমশাল

অন্ত্র ভেদিলো মুহূর্তে গতি তার :
উন্ধার শিখা তারি সাথে দিলো তাল

উংসের গতি লভিলো সে অধিকার :
বৃষভ-যানের চাকার কেন্দ্র পাশে
তারি আবর্ত ঘূরিয়া-ঘূরিয়া আসে,
সে-গতির বেগে বীজের বক্ষ

অস্কুরি' টুটিয়াছে ;
হিমান্দ্রি শির তাহারি মন্ত্র

জপি' মতে উঠিয়াছে ।

বিষ্ণু দে

(每. 2202)

১২৯. উল্পা-ঠুংরি

ভোমার পোস্টকার্ড এলো,
যেন ছড়টানা স্রোত্তে
পিংসিকাটোর আকস্মিক ঘূর্নি,
রেডিগুর ঐকভানে বিশ্বিত আবেগ।
দিন কাটলো
যেন জিল্হাবিলম্বিতে।
গানের কলির অলিতে গলিতে
বাস্ গেলো, ক্লাস গেলো কালের জয়য়য়াত্রায় কেটে।
জাঁদরেল প্রোফেসরের মাথায় নামলো
ব্যঙ্গাতীত ক্ষমার আকাশে প্রথম করুণার আশীর্বাদ।
কাব্যেই হ'লো করুণা; করুণায় কাব্য

নামলো সন্ধ্যা,
স্থাদেব, এখানে নামলো সন্ধ্যা,
কবিতার সন্ধ্যা
পিলু বারোয়াঁর সন্ধ্যা।
একাকার এই মান মায়ায়
জাগরহদয়ের গোধৃলিলয়ে
শুধু নীলাভ একটু আলো এলো
তোমার পোন্টকার্ড,
আর এলো তোমার ট্রেনের অস্পষ্ট দ্রাগত ডাক।

স্র্বদেব, এর প্রবী ওর বিভাসকে আশীর্বাদ ক'রে চ'লে মাক।

বাসের এ কী শিংভাঙা গোঁ!

ষম্বের এই খামখেয়াল ! এদিকে আর পঁচিশমিনিট— ওরে বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর।

স্বেচ্ছাতন্ত্র ছেড়ে দ্বৈতাচারী ট্রামই ভালো, ইচ্ছার দায়িত্তীনতা ছেড়ে সংস্কারের বাঁধা সড়ক। বড়োবাঙ্গারের উপল উপকূলে জনগণের প্রবল স্রোত উগারিছে ফেনা আর বিড়ির আর শিগারেটের আর উত্থনের আর মিলের গোয়া আর পানের পিক আর দীর্ঘশাস. বড়োবাবুর গঞ্জনায় বডোদাহেবের কটা চোপের ব্যঞ্জনায় দাম্পত্যমিলনের প্রান্ত সম্ভাবনায় অপত্যাধিক্যের অমুশোচনায় ট্রামের বাদের কারের ফেরিওয়ালার রলরোলে। এই ক্লাইভ ডালছুদি লায়ন্দ্ রেঞ্চের ডেলিপ্যাদেঞ্চারদের ক্লান্ত নীরবতায তিক গুণ্ণনে শুধু অস্পষ্ট একটা বিরাট লাগভাঁট আওয়াজ ষেন শিশিরভেজা মাটিতে পাতাঝরার গান বা যেন একটা বিরাট অতমু দীর্ঘখাস বডোবাজারের ক্ষতবিক্ষত কিন্তু অমর আকাশে তারায় তারায় কাঁপন লাগে যার মীডে মীডে।

নিতে হ'লো ট্যাক্সি। নতুন ব্রিজে কি ট্রামলাইন পাতবে ওরা ? হে বিরাট নদী !

ক্টিমারের বাঁশি
খালাসির গান
সব-পেয়েছির দেশে
ককেনের দেশে

যত-কিছু বই ছিলো সব পড়ার শেষে
কান্ত রক্তের বিবর্ণ আবেশে
ক্টিমারের বাঁশি
আর খালাসির গান !

ট্রাফিক থমকে দাঁড়ায়, হোঁচট খায়
বেতালা, বেহুরো, মিলের, কলের, চোঙার দোঁয়ায়
পণ্টুনের ফাঁকে-ফাঁকে শিরশিরে হাওয়ায়
আলোয় ঝিকিমিকি জলমোতে।
জনমোতে ভেদে যায় জীবন যোবন ধনমান,
আশে আর পাশে, সামনে পিছনে
সারি-সারি পিঁপড়ের গান,
জানিনি আগে, ভাবিনি কখনো
এত লোক জীবনের বলি,
মানিনি আগে
জীবিকার পথে-পথে এত লোক,
এত লোককে গোপনসঞ্চারী
জীবন যে পথে বিদিয়েছে জানিনি মানিনি আগে
পিঁপড়ের সারি
অগণন ভিড়াক্রান্ত হে শহর, হে শহর স্বপ্নভারাতুর !

পাঁচ মিনিট, পাঁচ মিনিট মোটে কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও উদাম উধাও টেন এলো ব'লে হাঙ্ডায়। ওপারে স্টক্ এক্সচেঞ্চের এপারে রেলওয়ের হাওড়া, তারি মধ্যে ব'দে আছেন শিবসদাগর
ট্যাক্সির হৃদ্পেন্দে, ট্যাফিকের এটাক্সিয়ায়।
এলো ট্রেন
মন্থিত ক'রে রক্তের জোয়ার
আমারই একান্ত মগ্রহৈতক্ত মন্থিত ক'রে,
দেখলুম তোমার ক্লোস্-অপ্ মুথ জানলায়,
—একটা কুলি—
শুনলুম যেন ভোরবেলাকার ভৈরবীতে।

হায়রে ! আশার ছলনে ভুলি !

কোথায় তুমি! ট্রেন তো এলো! কয়লাখনি ধ'দে পড়ুক, ধর্মঘট নাই বা থামলো, ট্রেন তো এলো! তোমার কি অস্থথ হ'লো ? তোমার বাবার ? रुठा ९ पिथ नात्नि বল্লে, এই যে, কী খবর, আমার জন্মে এলেন নাকি ? मिमि यागत माजूरे। ভেবেছিলুম তন্দ্রালসা সন্ধ্যার গোধূলি-ছায়ায় ট্যাক্সির নিঃসঙ্গ মায়ায় টেনের ছন্দে স্পন্দিত তোমার হৃদয়ের গানে হাতে হাত উষ্ণতায় করবো সেই চরম প্রকাশ, সেই পরম যবনিকামোচন। হায়রে। —আমার ফাঁকা লিবিডোকে এপন চালাবো কোন থেয়ালের বাঁকা থালে গ কোন গ্রপদী অবদমনের নিদ্রাহীনতায় ?

১৩০. ক্রেসিডা

স্বপ্ন আমার কবিতা, অমাবস্থার দেয়ালি, ধ্মলোচন নিদ্রাহীন মাঘ-রঞ্জনীর সবিতা।

হুদয় আমার খেয়ার ধাত্রী বৈতরণীর পার। কাণ্ডারীহীন বালুকাবেলায় দৃষ্টি ঘুরিছে দূরে। হুদয় আমার ছাপিয়ে উঠেছে বাতাসের হাহাকার।

দিনগুলি তুমি তুলে নিলে অঞ্লে। বালুচরচারী দৃষ্টিতে ঝরে সান্নিধ্যের ধারা। রাত্রিও চাও ? শ্রাবণের ধারাজলে মুখর হৃদয় তালীবনদীঘি কল্লোলে অবিরাম।

ক্রেনিভা! তোমার থমকানো চোথে চমকায় বরাভয়। তোমার বাহুতে অনস্ত-শৃতি ক্রতুক্কতমের শেষ। তোমাতেই করি মন্ত মরণে জয়।

মহাকাল আজ দক্ষিণ কর প্রসারে আমারই দিকে। ভীক্ত তুর্বল মন! দৈবের হাতে হাত বেঁধে যাওয়া মহাসিক্কুর ডাকে! সর্ব-সমর্পণ!

হেলেনের প্রেমে আকাশে বাতাসে ঝম্বার করতাল। দ্যালোকে ভূলোকে দিশাহারা দেবদেবী।

कान तक्रनीरा अफ़ इ'रा रशस्त्र तक्रनीशक्षा-यता।

বৈশাখী মেঘ মেছর হয়েছে স্বদূর গগনকোণে। কুরুক্ষেত্রে উড়েছে হাজার রথচক্রের ধূলি। স্বপ্ন-গোধূলি ডুবে গেলো খর-রক্তের কোলাহলে। লাল মেঘে ঠেলে নীল মেঘ, নীলে বোঁয়া মেঘেদের ভিড় মেঘে-মেঘে আজ কালো কন্ধির দিন হ'লো একাকার। বিহ্যং নেভে ঈশানবিষাণে, বজ্রও দিশাহারা। এলোমেলো পাথা ঝাপটি' তবুও ওড়ে কথা ক্রেসিডার।

ভ্রান্তি আমাকে নিয়ে যায় যদি বৈতরণীর পার, ভবিয়াহীন আধার ক্লান্তি কাকে দেবো উপহার ? তপ্ত মকর জনহীনতায় কোথায় সে প্যাণ্ডার ?

স্বসম্থ সে কোন দেবতার দিরাচারী সম্ভাযে
অমরাবতীর সমাহারী নারী হেলেনের বালালোল!
আমারই শেফালি জেবলী কেবল ঝরে জবাসংকাশে!

স্থালোকের ধারায় লেগেছে জীবনের অঙ্গর। আত্মদানের উৎসেই জানি উজ্জীবনের আশা। অস্থলোকে বন্দী, কুমারী, তোমাতেই খুঁজি ভাষা।

সময়ের থলি শতচ্ছিত্র, বিশ্বতিকীট কাটে। প্রাণোপাদনার পূজারি তাই তো তোমার শরণ মাগি। প্রাণহস্তারা রলরোলে চলে টুয়ের মাঠে ও বাটে।

উষদীআকাশ ধৃদর করেছে মরণের আনাগোনা। হেলেনের বুকে শবসাধনার বিশ্রাম আর নেই। আমার হৃদয়-ঘটাকাশে শুধু জীবনের আরাধনা।

উয়ের প্রাচীর ভঙ্গুর কেন ? কোন হেলেনের অমর রূপের প্রথর আবেগে বিপুল বিশ্ব হারালো দিশা ? লোকোত্তর এ-রূপদী বা কেন ? লোকায়তিক এ-মরণভূষা ?

জানি, জানি, এই অলাতচক্রে চক্রমণ। সোংপ্রাসপাশে বলি নাকো তাই কথা। ক্রেসিডা! আমার প্রচণ্ড আফুলতা— জীজিবিয়ু প্রজাপতির বিভ্রমণ।

শোনালি হাসির ঝরনা তোমার ওষ্ঠাধরে। প্রাণকুরঙ্গ অঙ্গে ছড়ায় চপল মায়া। মূপর সে-গান ভেঙে গেলো। আজ স্তর তমাল। হালকা হাসির জীবনে কি এলো ফ্সলের কাল?

এই তবে ভোরবেলা। হে ভূমিশায়িনী শিউলি! আর কি কোনো সান্তনা নেই ?

রজনীগন্ধা দিয়েছিলে সেই রাতে,
আজো তো সে ফোটে দেখি—
মদির অধীর রাতের তন্ত্রী ফুল—
রজনীগন্ধা, বিরাগ জানে না সে কি ?

তুঃস্বপ্নেও প্রেম করেনি এ আশা।
শক্রশিবিরে কুমারীর নত চোঝে, মুথে, সারা শরীরে নগ্ন ভাষা।
তে গ্রীক নাগর! ট্রয়কে হারালে আজই!

কালের বিরাট অট্টহাসির ছায়া

টেকে দিলো টেকে তোমারও মরণ-মায়া—

হে মাতরিশা, মহাশৃত্যের স্থথে
তুড়ি দিয়ে যাই তোমারও প্রবল মুখে।

তুমি ভেবেছিলে উন্মাদ ক'রে দেবে ? উদায়ু আজো হয়নি আমার মন। লোকায়ত মোর স্বেচ্ছাবর্মে লেগে বশী ভোমার হ'য়ে গেলে। থানথান। বৃদ্ধি আমার অপাপবিদ্ধমশ্বাবির।
জড় কবন্ধ অন্ধ কর্মে ফুংকারে করি নর্মাচার।
প্রাক্তন-পাশ্চান্ত্য মাগি না, মন তুষার।

পাহাড়ের নীল একাকার হ'লো ধৃদর মেঘের স্রোতে পাঁচ পাহাড়ের নীল। বাতাদেরা দব বাদায় পালালো মেঘের মৃষ্টি হ'তে। স্তব্ধ নিথর সাত-সায়রের বিল।

শিবা ও শকুনি পলাতক, জানি, ভাগ্য তো ক্বলাস।
কুরুক্ষেত্রে ইন্দ্রপ্রস্থ, পরীক্ষিতেরই জয়।
শরৎ-মাধুরী লুট ক'রে ফিরি, জয় জয় ট্রয়লাস।
উল্লাসে গায় পালে-পালে ক্রীতদাস।

বিজয়ী রাজার দানসত্তের শ্রাবণপ্লাবনে ভাসে পুরজন যত গৃহহীন যত বুভুক্ষ্ ভিক্ষ্ক। হায়েনার হাসি আসে স্মৃতিপটে—বেহিসাবী ক্রেসিডা সে!

তুমি চ'লে গেলে মরণমারীচ মায়াবীর ডাকে মৃক বধির ওষ্ঠাধরে। তারপরে এলো রণমন্থনে দূর বিদেশের নারী। কালো সন্ধ্যায় দিলে শ্বেতবাহু ছটি— শ্বরণ তোমার হানে আজো তরবারি!

১৩১. ছোড়সওয়ার

জনসমূদ্রে নেমেছে জোয়ার, হাদয়ে আমার চড়া। চোরাবালি আমি দ্রদিগন্তে ডাকি— কোথায় ঘোড়সওয়ার ? দীপ্ত বিশ্ববিজয়ী ! বর্ণা তোলো।
কেন ভয় ? কেন বীরের ভরসা ভোলো ?
নয়নে ঘনায় বারে-বারে ওঠাপড়া ?
চোরাবালি আমি দ্রদিগস্তে ডাকি ?
হাদয়ে আমার চড়া ?

অঙ্গে রাখি না কারোই অঙ্গীকার ?

চাঁদের আলোয় চাঁচর বালির চড়া।
এখানে কখনো বাদর হয় না গড়া ?

মুগভৃষ্ণিকা দ্রদিগন্তে ডাকি ?

আগ্রাহুতি কি চিরকাল থাকে বাকি ?

জনসমূদ্রে উন্মথি' কোলাহল ললাটে তিলক টানো। সাগরের শিরে উদ্বেল নোনাজল, হাদয়ে আধির চড়া।

চোরাবালি ডাকি দ্রদিগন্তে, কোথায় পুরুষকার ? হে প্রিয় আমার, প্রিয়তম মোর! আযোজন কাঁপে কামনার ঘোর, অঙ্গে আমার দেবে না অঞ্চীকার?

+ - +

হালকা হাওয়ায় বল্লম উচু ধরো।

শাত সমূদ্র চৌদ্দ নদীর পার—

হালকা হাওয়ায় হদয় ত্ব-হাতে ভরো,

হঠকারিতায় ভেঙে দাও ভীক দার।

পাহাড় এখানে হালকা হাওয়ায় বোনে হিমশিলাপাত ঝঞ্চার আশা মনে। আমার কামনা ছায়ামৃতির বেশে
পায়ে-পায়ে চলে তোমার শরীর খেঁষে
কাঁপে তহুবায়ু কামনায় থরোথরো।
কামনার টানে সংহত গ্রেসিআর।
হালকা হাওয়ায় হৃদয় আমার ধরো,
হে দূর দেশের বিশ্ববিজয়ী দীপ্ত ঘোড়সওয়ার!

সূর্য তোমার ললাটে তিলক হানে
নিশাস কেন বহিতেও ভয় মানে!
তুরক্ষ তব বৈতরণীর পার।
পায়ে-পায়ে চলে তোমার শরীর কেঁষে
আমার কামনা প্রেতচ্ছায়ার বেশে।
চেয়ে দেখ ঐ পিতৃলোকের দার!

জনসমূত্রে নেমেছে জোয়ার—
মেক্রছড়া জনহীন—
হালকা হাওয়ায় কেটে গেছে কবে
লোকনিন্দার দিন।

হে প্রিয় আমার, প্রিয়তম মোর, আযোজন কাঁপে কামনার ঘোর। কোথায় পুরুষকার ? অক্টে আমার দেবে না অঙ্গীকার ?

১৩২. পদধ্বনি

পদধ্বনি ! কার পদধ্বনি শোনা যায় ? মদির হা ওয়ায় রজনীগন্ধার মতো কেঁপে ওঠে রোমাঞ্চিত রাত্রির ধমনী।

ও কে আদে নীল জ্যোৎস্নাতে অমৃতআধার হাতে ও কে আসে আমার হয়ারে, বার্ধকাবাদরে অসহায় জরাগ্রন্ত পাণ্ডু অস্থারে ছিন্ন ক'রে দিতে আসে সর্পিল উলুপী তিমিরপঙ্কের স্রোতে, রসাতলসংকুল আঁধারে ? হে প্রেয়্সী, হে স্বভজা, তোমার দাক্ষিণ্যভারে হৃদয় আমার বার-বার হয়েছে প্রণত, প্রেম বহুরূপী যত বার যত ছন্মবেশে প্রসন্ন হয়েছে জানি উদৃত্ত সে তোমার লীলার। মন্থিত স্বৃতির রাত্রে শালীন ঐশ্বর্যে স্বপ্নে বিচ্ছুরিত ঘুম— বিস্তীৰ্ণ জীবন ভ'রে বুনে গেছি কত শত আকাশকুস্থম— অভ্যস্ত প্রহরে এই নিয়মের সঞ্জিত নিগড়ে স্থরভি নিশীথে, ক্ষয়িষ্ণু কর্মের প্রাস্তে ঘনিষ্ঠ নিভূতে হে ভদ্রা, এ কার পদধ্বনি ! ছড়ায় অমনি নক্ষত্রের মণি সে কোন অধরা উন্মত্ত অপারা! স্থরসভাতলে বুঝি নৃত্যরত স্থন্দরী রূপসী বিভাস্ত উর্বশী ! আকস্মিক কামনার উদ্বেল আবেগে পদক্ষেপ মাত্রারিক্ত, বহুভূঞ্জিতার মুদ্রা লোল উচ্ছাুুুুে বেগে। সে আতিশয্যের ভার বিড়ম্বিত ক'রে দেয় পার্থের যৌবন, মুহুর্তের আত্মদানে সংকুচিত এ পার্থিব মানবের মন।

হে ভদ্রা, এ হৃদয় আমার তোমাতে ভরেছে তাই কানায়-কানায়, প্রেমের একান্ত দানে টলোমলো একাধিকবার বৈতরণী অলকনন্দায় যমুনা-গঙ্গায় ঘুরে ফিরে আদি-অস্ত তোমাতে জানায় সন্মিলিত জীবনের আদিগন্ত মৃক্ত মোহানায়। মনে পড়ে, সে-দিনের ঝড়ে সে কী পদধ্বনি হুংকার, টংকার, উৎসবের অবসরে আমাদের পলায়ন প্রেমের বিহ্বল বেগে, হে ভদ্রা আমার, যাদবের পঙ্গপাল পিছে তাড়া করে, পिছ-পिছ ছোটে পদধ্বনি, ক্ষিপ্র কৃষ্ণ ব্যাজ রোধে, স্ফীতোদর হলধর ক্ষিপ্ত ধাবমান, তোমার নিটোল হাতে উল্লসিত সে তুরীয় যান, দেশকালসস্ততির পারে অবহেলে করেছি প্রয়াণ। পদধ্বনি, সেই পদধ্বনি আমাদের স্থৃতির বাসরে জরিষ্ণু ধমনী ক্ষিপ্র করে, দেহাতীত এ তীব্র মিলনে কালোত্তর ক্ষণে সমগ্র সত্তার অঙ্গীকারে তোমাকে জানাই আজ, হে বীরজননী, প্রাণৈশ্বর্যে ধনী বিরাট চৈতন্তে তাকে করেছো স্বীকার। তবু পদধ্বনি ! হৃদ্পিত্তে স্পন্দমান, রক্তে তার দোলা। শ্বতির পিঞ্জরদার রেখেছি তো খোলা তবু কেন এতই অস্থির! স্মৃতির ঐশ্বর্যে ধনী, বার্ধক্যবাসরে সঞ্চিত অতীতে জানি গচ্ছিত জীবন, তবু অভিমানী

কেন অকারণ পক্ষবিধূনন! আর সেই পদধ্বনি! ও কি আদে নগ্ন অরণ্যের প্রাক্পুরাণিক প্রাণী ? অসভ্য বত্তের পিতৃকুল ? দানব-জন্তর পাল ? দন্তর ভয়াল প্রাক্তন পৃথিবী ওঠে নিজম্ব শ্বতির করাল অতীত নিয়ে আমার অতীতে ? আমার সত্তার ভিতে বর্বর রীতির সে পার্থিব স্মৃতি জাগায় পার্থেরও ভয়। মনে হয় এই পদধ্বনি এই পদধ্বনি শোনা যায়— বুঝি ধায় প্রচণ্ড কিরাত ! উন্মথিত হিমশীলা, তুষারপ্রপাত ঝরে, পলাতক কিন্নরীর দল, ছিন্নভিন্ন দেওদার-বন! শালপ্রাংশু হাতে সব পাশবিক বল, চোখে জলে প্রচ্ছন্ন অনল! পাশুপত ছল! আহা ! সে তো শুল্ল আবির্ভাব, দেবতার উদার প্রসাদ ! মিলে গেলো নবশক্তি আত্মদানে উজ্জীবিত ভীত অবসাদ। তবু আজ এ কী কলরব! পদধ্বনি! ত্বস্ত মিছিল! ঘুমন্ত নগর, ঘরে-ঘরে খিল, উধ্ব শ্বাস উৎসবে কাতর বিলাসী যাদব যুবাদল অতীত-অর্জিত স্থথে এলোমেলো অলস ভোগের স্বার্থপর আবিষ্কারে ক্লান্তিভারে নিদ্রান্ধ বিকল। হায়, কালের ধারায় নিয়মে হারায় পার্থসার্থির পরাক্রম। বটের ছায়ার মতো, দর্বক্ষম নেতার রক্ষায় ছত্রধর নেই আজ সম্পূর্ণ মানব।

শ্বতি তার দারকায় অবসরবিনোদনে লোটে; স্মৃতি তার কদম্বছায়ায়, যমুনার নীল জলে বুথা মাথা কোটে। তবু এই শিথিল প্রহরে নৃপুরমঞ্চীরে ঘোর শঙ্খরবে মেতে ওঠে কার পদধ্বনি ! পদধ্বনি, কার পদধ্বনি ! কারা আসে সংকুল আঁধারে তিমিরপঙ্কের স্রোতে প্রাস্তর ও অরণ্যকে ছিঁড়ে উন্ধার উন্মত্ত বেগে ভূকস্পের উচ্চ হাহাকারে বিষায়ে রক্তের স্রোভ, আচম্বিতে কাঁপায়ে ধমনী কার পদ্ধনি আসে ? কার ? এ কি এলো যুগান্তর! নব-অবতার! এ (य मञ्जामन । হে ভদ্রা আমার! লুক্ক যাযাবর! নিভীক আশ্বাসে আসে ঐশ্বর্য-লুগ্ঠনে, দারকার অপ্রে-অপ্র চায় তারা রঞ্চিলাকে প্রিয়া ও জননী প্রাণৈশ্বর্যে ধনী. চায় তারা ফসলের খেত, দিঘি ও খামার, চায় সোনাজলা খনি। চায় স্থিতি, অবসর। দস্যাদল উদ্ধত বর্বর আপন বাহুর সাহসী বুদ্ধিতে দৃপ্ত ভবিষ্যে নির্ভর দস্যদল এলো কি ত্থারে ? পার্থ যে তোমার অক্ষম বিকল, ভদ্রা, গাণ্ডীবের সে অভ্যন্ত ভার আজ দেখি অসাধ্য যে তার! চোখে তার কুরুক্ষেত্র, কানে তার মন্ত পদধ্বনি, ্ ক্ষমা কোরো অতিক্রাস্ত জীর্ণ অস্থয়ারে। ব্যর্থ ধনঞ্জয় আজ, হে ভদ্রা আমার!

হে সঞ্জয়, বার্থ আজ গাণ্ডীব অক্ষয়।

১৩৩. আইসায়ার খেদ

বয়স হয়েছে ঢের, পেনসনই তো পঁচিশ বছর।
সবৃজ্ব সবৃজ্ব নদী আজ প্রায় নীলিমা ভাষর।
কর্ম সবই পণ্ডশ্রম, চাকরি সে তো পেটের চাহিদা,
গর্বের বিষয় কম—কথনো নজর তথা সিধা
নিইনি, সাত্ত্বনা তাতে যেটুকু এ পঁচিশ বছর।

বয়দে পেন্দন নিই, জন্ম থেকে পঞ্চান্ন ছবছ,
জীবন উঠতি ছিলো ছোটোখাটো ব্যর্থতার মাঠে,
করিনি তছনছ কারো প্রাণমন রাজদণ্ডধর
মুক্তবির পাকড়ি' বক্ষে উচ্চাশার অন্ধ পাথদাটে,
কৃষ্ণপদে নেত্র বুজে ফেলিনিকো থিয়েটারি লোহ।

সেকালে শুনেছি গল্প ব্রহ্ম-শিখ-সিপাহি-বিদ্রোহ,
আতত্ক উল্লাস তার উত্তেজনা—কন পিতামহ।
স্বদূর গল্পের রেশ, মনে পড়ে বৃত্র সমর,
অসহায় পক্ষপাত, তারপরে আবার আবহ
ঘনালো পশ্চিমে, সেই এমডেন জাহাজের মোহ!

সবুজ সবুজ নদী আজ নীল স্থনীলে ভাস্বর,
তবু ভাবি যন্ত্রণায় মাথা কুটে একাস্ত অসহযোগের সে-আন্দোলনে ব্যর্থ হাকিমের রুঢ় স্বর
নদীতে মোচার খোলা কাঁপে কোন বেগে ভয়াবহ—
মাথা তুলে পথ চলি, চৌরন্ধির ফুরালো সম্মোহ!

শুনেছি অমাগ্র মন্দ, তবু তো সে অমাগ্র-উৎসবে আমার ঘরেও দাড়া পড়েছিলো পেনসনের ঘর! চাষিরা চালায় কান্ডে, মন্ধুরেরা মৃষ্টিবন্ধ থাটে। তারপরে কালযুদ্ধ মৃত্যু আর মৃত্যু মন্বস্তর ক্রমান্বয়ে মহামারী নরকের নবান্ধ-উৎসবে। নরক কি এ-রকম ? বাংলার গ্রাম ও শহরে
লক্ষ জন দগ্ধগৃহ, কেউ বেশ ওসারে বহরে,
নরকে জানে না শুনি আছে তারা হরন্ত নরকে,
রৌরব-প্রাসাদে হাসে শাদা কালো গৌরব প্রহরে,
দধীচির হাড় জলে, কী দেয়ালি বিবস্ত মড়কে!

কী জানি, বৃদ্ধ যে দস্তনগহীন, আশিটি বছর জরিষ্ণু মানসে ভাসে, সামান্ত চাকুরে চিরকাল। বাড়িতে অশাস্তি ঘোর, সস্তানের সম্ভানেরা শত মতামতে ভাঙে ঘর, একজন কারবারে লাল অকালে, আবার দেখি ছোটোজন অসিধারত্রত

যুদ্ধে দেয় পক্ষপাত, বলে আজ কালের ঘর্ঘর
এ-যুদ্ধে এনেছে ফের পাঞ্চজন্য, দাবি পক্ষপাত,
বলে, বিশ্ব এক; বলে, শনিগ্রহদের কক্ষপাত
সেও নাকি মাহুদের হাতে; দেখি নয়নে ভাশ্বর
তার নীল নদী বয়, তুই তট সবুজ উর্বর।

আমার বয়স ঢের, দেখি তার পঁচিশ বছর।

১৩৪. ভिनादनन

দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে সে কার হাওয়া আনে বনের নীল ভাষা। জোগায় কথা তাই সোনালি নদী-কুলে।

আলোর ঝিকিমিকি তোমার কালো চুলে, উষার ভিজে মৃথে দিনের স্মিত আশা, দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে পরশ মেলে মেলে তুমি যে ধরো খুলে, হৃদয় সে-উষায় থামায় ষাওয়া-আসা, জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

কে খোঁজে পথে আর কে ঘোরে পথ ভূলে; অস্ত গোধৃলিকে কে সাধে তুর্বাসা দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে ?

ঈশান মেঘে আর ওঠে না তুলে-তুলে ত্বরিতে কাঁদে আর চকিতে মৃত্ হাসা, জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

সে তরু এ-হাদয়, তুমি ষে-তরুম্লে বসেছো ফুলসাজে, ছায়ায় দাও বাসা দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে, জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

১৩৫. হোমরের ষট্মাত্রা

ছিলো একদিন কপ্তরীমৃগ কৈশোরকের চিত্তে
ঝর্নার বেগ, ক্রুতমূহুর্ত পাহাড়ে মাত্রাবৃত্তে
তীব্র তড়িতে মেলাতে চেয়েছি ক্ষণিকাকে চুম্বনে
সংবৃত একা ব্রিকালখোদাই পরম চিরন্তনে।
গ্রীমে ঝর্না হারায় পাথরে বালিতে,
বর্ষায় ছোটে তল ভেঙে জল ঢালুতে।
আজকে ত্-পাশে সমৃদ্র দূর দিকে দিকে দেয় পাড়ি,
অনেক নৌকা বিদেশী জাহাজ গাংচিল বাঁকে বাঁকে,
হৃদয়ে মিশেছে আরেক কালের অনেক দেশের খাড়ি,
পাহাডের বেগ শ্বতিমন্থিত আরেক বেগের বাঁকে।

সেদিন আমার বাসা ছিলো মাঘফাগুনে, বিভোল সে-গানে কালের ত্রিতাল কে শোনে!

অনেক জনের অনেক দিনের বহু বছরের স্রোতে কত না রোদ্রে স্থরবেস্থরের উর্মিল সংগীতে তোমার আপন আবেগে মেলাই আমার সাগর্যাত্রা, সাফোর ঝনা কলকলোলে হোমবের ষট্যাত্রা।

১৩৬. বোছিনিয়া

কোথায় গিয়েছে সেই দিন! তার শ্বৃতি আজ শুধু একাকিত্বে জাগে। অহা যে, সে জীবনের যুদ্ধে বীর ক্বতী; কৃতিত্ব কোথায় বলো শ্বৃতির সংরাগে?

সময়ের তুই পিঠে দিয়ে জোড়াতালি একজন আজও দেখে নিবিড় আকাশ, সেই ঘর, জানলার পাশে বোহিনিয়া, সে-গাছে ত্-জন লোক এক অবকাশ জোড়ে-জোড়ে গেঁথেছিলো।

আজ একজন সে-গাছে থোঁজে না ফুল, ডেলিয়া জিনিয়া সিঁড়ির তু-ধারে টবে রাথে তার মালি।

অন্ত ঘরে সেই ফুল রাথে একজন, বেয়ারাই আনে খাসকামরায় ডালি।

আমার ঘরের পাশে ঝরে বোহিনিয়া।

সঞ্জয় ভট্টাচার্য

(每. 2202)

১৩৭. नीनियादक

রাত্রিতে জেগে ওঠে যে-সাগর

অন্ধকারের সাগর—

তুমি তাতে স্নান ক'রে এসো, নীলিমা,
তোমার চোথ হোক আরো নীল

চুল হোক ধৃশর ফুলের মঞ্জরীর মতো।

আর যদি রাত্রিকে বিদীর্ণ ক'রে ওঠে চাঁদ
তোমার আঁচলে লেগে থাকে যেন সিক্ত জ্যোৎ

তোমার আঁচলে লেগে থাকে যেন সিক্ত জ্যোৎসা তোমার বুকে পাই যেন জ্যোৎসার গন্ধ; বলতে পারো, সে-জ্যোৎসা কি নীল হবে, নীলিমা, নীল পাথির পালকের মতো ?

জানি, তুমি আমায় ডাকবে—
(নীল বন কি কথা ক'য়ে উঠলো—
আর মেঘের গায়ে-গায়ে নেমে এলো স্বপ্নরা ?)
আমার চোথ নরম হ'য়ে আসবে ঘুমে, নীলিমা,
তোমাকে নয়, তোমার স্বপ্নকে পেয়ে।

১৩৮. রাত্রিকে

রাত্রিকে কোনোদিন মনে হ'তো সম্দ্রের মতো। আজ সেই রাত্রি নেই। হয়তো এখনো কারো হদয়ের কাছে আছে সে-রাত্রির মানে। আমার সে-মন নেই ষে-মন সম্দ্র হ'তে জানে।

একবার ঝ'রে গেলে মন সেই ঝরা ফুল আর কুড়োবার নেই অবসর ; তথন প্রথর সূর্য জীবনের মুখের উপর তথন রাত্রির ছায়া জীবনের আয়ুর উপর জীবন তথন শুধু পৃথিবীর আহ্নিক জীবন।

১৩৯. মৰে থাকৰে না

মনে থাকবে না !
এই আলো, এ-বিকেল, এই বেচা-কেনা,
এই কাজ—প্রেম, রাঙা জীবনের দেনা
এ নিবিড় পৃথিবীর, নিজেদের হঠাৎ এ-চেনা
মনে থাকবে না ।

তবু কিছু থাকবে কোথাও, এই আলো এই ছায়া যথন উধাও বিকেলের উপকৃলে বিকেলের শ্বাস ফেলে চুপচাপ ঝাউ আলো-লাগা, ভালো-লাগা মন—নেই তা-ও তথনো হয়তো কিছু থাকবে কোথাও।

তখনো থাকবে ছবি তোমার-আমার।
দেখবে পারো না একা হৃদয়ে তাকাতে তৃমি আর,
যতবার
তাকাবে দেখবে কেউ আছে তাকাবার;
অপলক চোখ যেন কার
ভোমার চোধের পাশে—হয়তো আমার।

১৪০. আলাপ

বিকেল-স্থর্যের মৃথে ঠিক যেন ভোরে পাওয়া মন।
আমি এক মহিলাকে দেখছি এখন।
থানিক ময়লা আলো ঘাসে গাছে পাতায় লতায়,
ছ-জনের চূপ-ক'রে-থাকা জিভে, হঠাৎ কথায়,

শুধু ঠোঁটে খেলছে বিহাৎ, তবু সাবধান পাছে ভবিশ্বৎ আসে রাত্রি-কালি-মাথা ভূত।

১৪১. পূর্ণিমার জন্ম

শেরংচন্দ্র চটোপাধ্যান্ত-কে নিবেদিত]
মরকত নীল আমি সমুদ্রের মতো
তোমাকে নাবাল-ভূমি ডাকছি সতত:
এসো এসো ষোড়নী আমার, উপকূল
নারিকেল উপচার পাঠিয়েছে, ভুল
এবার হবে না আর দেবতা ফিরিয়ে।
প্রবাল-দেহের সঙ্গে হৃদয়ের বিয়ে
তুমি নেমে এলে হবে। এসো সপ্তপদ
একবার, তারপর লোভ মোহ মদ
সব পাবে, পাবে এক সজ্জিত বাসক,
জলকন্তা, তারাদল (নয় ভয়ানক)
তোমারি মতন তারা মাটির শরীর
পৃথিবীর মহানীরে নীড় খুঁজে তীর
পেয়েছে পাতালে। বাতি জ্বলে অন্ধকারে।
সব অন্ধকারে বাতি জ্বলে সারে-সারে।

অরুণ মিত্র

(年、2202)

১৪২ অমরভার কথা

বাসনগুলো এক সময়ে জলভরঙ্গের মতো বেজে উঠবে। তার ঢেউ দেয়াল ছাপিয়ে পৃথিবীকে খিরে ফেলবে। তথন হয়তো এই ঘরের চিহ্ন পাওয়া যাবে না। তবু আশ্চর্যকে জেনো। জেনো এইথানেই আমার হাহাকারের বুকে গাঢ় গুঞ্জন ছিলো। আমার বদ্ধ বাতাসে যে-গান পাষাণ হ'য়ে থাকে তা ভেঙে ছিটিয়ে পড়ুক, কল্পনার স্বর সম্জ হোক এই আশায় আমি অথই। অবিশ্রাম অন্তর্গনে পাঁচিল ধ্ব'সে যাবে, কলরোলে ভিটেমাটি তলাবে। তথন ঘূর্নির পাকে ব্ঝে নিয়ো কোথায় সেই বিন্দু যেখান থেকে জীবন ছড়িয়ে পড়লো মৃত্যুর গহররে।

কাঠকুটো আসবাব আবার বস্ত হ'য়ে উঠবে। ওরা কচি পাতার বিলিমিল মৃড়ে ঝিমোয়, ভিতরে-ভিতরে কোথায় হারিয়ে থাকে অঙ্গ্রের ঝাপটানি। তব্ সূর্য ডুবলে আমার চোথে বার-বার ঘনিয়ে আসে বন।

ওরা আবার বন্ম হ'য়ে উঠবে। আমার ছাত দেয়াল মেঝের শূন্মতা ভ'রে অরণ্য জাগবে। সবুজের প্রতাপে এই শুকনো কাঠামো চূর্ণ হবে। সেই ধ্বংসের গহনে খুঁজে নিয়ো আনার বসতি, যেথানে পোড়ামাটি-ইটের ভিতরে রস ছিলো অমৃতের মতো।

অশোকবিজয় রাহা

(辱. 2220)

১৪৩. ফাস্কুন

ছিটকিনি নড়ে উপরের জানালায়,
একটু কবাট ফাঁক,
চুড়ির ঝিলিকে একটু আলোর চিড়,—
ছইখানি শাদা হাত
ছইটি কবাট ছই দিকে স'রে যায়।
গোধ্লির আলো পাখা ঝাপটায় চোখে মুখে বৃকে এসে,
ধৃ গৃ হাওয়া খেলে এলোচুলে, পর্দায়।

নদীর ও-পারে আকাশে আবির-ঝড়, আলতা গলেছে জলে, হাওয়া-জানালায় চোখে মুথে কাঁপে ঝিকিমিকি আবছায়া, ধু ধু হাওয়া এলোচুলে,—

দ্রে এক কোণে পলাশের ডালে আগুন লেগেছে চাঁদে।

৪. মায়াভরু

এক-যে ছিলো গাছ
সন্ধে হ'লেই ত্ব-হাত তুলে জুড়তো ভূতের নাচ।
আবার হঠাৎ কথন
বনের মাথায় ঝিলিক মেরে মেঘ উঠতো যগন
ভালুক হ'য়ে ঘাড় ফুলিয়ে করতো সে গরগর
বৃষ্টি হ'লেই আসতো আবার কম্প দিয়ে জর।
এক পশলার শেষে
আবার বথন চাঁদ উঠতো হেসে
কোথায় বা সেই ভালুক গেলো, কোথায় বা সেই গাছ,
যুকুট হ'য়ে ঝাক বেধেছে লক্ষ হীরার মাছ।

ভোরবেলাকার আবছায়াতে কাণ্ড হ'তো কী থে ভেবে পাইনে নিজে, সকাল হ'লো থেই একটিও মাছ নেই, কেবল দেখি প'ড়ে আছে ঝিকির-মিকির আলোর কুপালি এক ঝালর।

৪৫. ভাঙলো যখন তুপুরবেলার ঘুম

ভাঙলো যখন তুপুরবেলার ঘুম পাহাড়-দেশের চারদিক নিঃর্ম, বিকেলবেলার সোনালি রোদ হাসে গাভে পাভায় ঘাসে। হঠাং শুনি ছোট্ট একটি শিশ,—
কানের কাছে কে করে ফিসফিশ ?
চমকে উঠে ঘাড় ফিরায়ে দেগি,
এ কী!
পাশেই আমার জানলাটাতে পরির শিশু ছটি
শিরীষ গাছের ডালের 'পরে করছে ছুটোছুটি।

অবাক কাণ্ড---আরে। চারটি চোথে ঝিলিক থেলে একটু পাতার আড়ে! তুলতুলে গাল, টুকটুকে ঠোঁট, খুশির টুকরো ছুটি পিঠের 'পরে পাথার লুটোপুটি, একটু পরেই কানাকানি, একটু পরেই হাগি— কচি পাতার বাঁশি— একটু পরেই পাতার ভিড়ে ধরছে মুঠোমুঠি রাংতা-আলোর বুটি। এমন সময় কানে এলো পিটুল পাথির ডাক, একট গেলো ফাঁক,— এক বলকে আর-এক আকাশ চিড থেয়ে যায় মনে আরেক দিনের বনে.— তারি ফাঁকে পাংলা রোদের পর্দাটুকু ফুঁড়ে এরাও গেলো উড়ে, রইলো প'ড়ে ঝরা-পাতা, রইলো প'ড়ে ঢালু, পাহাড়-ধনা লাল গুহাটার হাঁ-করা ঐ তালু।

বিমলচন্দ্র ঘোষ

(辱. ১৯১0)

,৪৬. এক ঝাঁক পায়রা

উজ্জল এক ঝাঁক পায়রা
ফুর্নের উজ্জল রোক্তে,
চঞ্চল পাথনায় উড়ছে।
নিঃদীম ঘননীল অধর
গ্রহতারা থাকে যদি থাক নীল শৃত্যে।

হে কাল, হে গন্তীর,
অশান্ত স্ষ্টির
প্রশান্ত মন্থর অবকাশ,
হে অদীম উদাদীন বারোমাদ!

চৈত্রের রৌত্রের উদ্দাম উল্লাদে
তুমি নেই, আমি নেই, কেউ নেই, শুধু থেত পিঙ্গল কৃষ্ণ এক ঝাঁক উচ্জ্বল পায়রা।

তুপুরের রোঁন্দ্রের নিঃঝুম শান্তি নীল কপোতাক্ষীর কান্তি এক ফালি নাগরিক আকাশে কালজয়ী পাথনার চঞ্চল প্রকাশে— চৈতালি স্থর্যের থমথমে রোঁন্দ্রে জীবস্ত উল্লাসে উড়ছে পাঁচরঙা এক ঝাঁক পায়রা॥

একফালি আকাশের কোল-ঘেঁষা কার্নিশ রংচটা গম্বুজ, দিগন্তে চিমনি, সোনার প্রহর কাঁপে চঞ্চল পাখনায় ছোট্ট কালের ঘোরে প্রাণ তব্ ভন্ময় লীলায়িত বিশ্বয়। স্কৃষ্টির স্বাক্ষর এক ঝাঁক পায়রা।

ক্রপালি পাথায় কাঁপে ত্রিকালের ছন্দ
ত্পুরের ঝলমলে রোদ্মুর,
হে কপোত, পারাবত, পাররা,
যে দিকে ত্-চোখ যায় দেখা যায় যদ্মুর
ক্রপালি পাথায় আঁকা শৃন্ম।
আকাশী-ফুলের খেত পিন্দল ক্রফ
কম্পিত শত শত উড়স্ত পাপড়ি
তুমি নেই, আমি নেই, কেউ নেই,
তুপুরের ঝলমলে জীবস্থ রৌদ্রে

১৪৭. তুপুর বেলার চম্পূ

সারা তুপুর ব'সে ছিলুম বর্ল গাছের তলায়।
আশেপাশে কত গাছপাল।
কত ফল-ফুল, কত লতা-পাতঃ,
বর্গা তথন শেষ হয়েছে
আকাশ তথন স্বচ্ছ
মেলের। সব হারিয়ে গেছে নিরুদ্ধেরে পথে।

কিসের যেন গন্ধ পাচ্ছি বলতে-না-পার। বনের মিঠে গন্ধ, সামনে থানিকটা জল জ'মে আছে অনেক দিনের আকাশ-ঝরা জল। সে-জল তথনো শুকোয়নি
বেরুবারও পায়নি পথ
ভিজে মাটির আলিঙ্গনে নববধ্র মতো কাঁপছে।
তার বুকের তলায় থিতিয়ে আছে
অনেক মাটি, অনেক কাঁকর—
অনেক জীর্ণ বারা পাতা।

তার সেই বাতাস লেগে শিউরে-ওঠা বুকের ওপর,
ল্টিয়ে পড়েছে ছপুরবেলার সূর্য,
পতির অহুপস্থিতিতে গোপনচারী উপপতির মতো
তয়ে-ভয়ে সম্বর্পণে
ছপুরবেলার বিজন অবকাশে।

হঠাৎ একটু দ্রেই দেখি
একটা বাতাবি গাছ আর বাবলা গাছের ফাঁকে
অপূর্ব অন্তুত এক ছবি,
হার মানে তার রং ধরাকে মানুষ-শিল্পীর তুলি
কল্পনাও থমকে দাড়ায় কিছুক্ষণের শোভায়
মুগ্ধ হ'য়ে অবাক হ'য়ে দেখি:

ভোরবেলাকার শিশিরকণার মুক্তো দিয়ে গাঁথা উর্ণনাভের হুল্ম জালে সোনার কিরণ লেগে ছোট্ট গীতিকাব্য একটি কাঁপছে থরোথরো উর্ণনাভের আটটি বাহুর কোমল আলিঙ্গন।

দেখতে-দেখতে ভূলে গেলুম আমার জীবন, আমার মরণ, আমার লক্ষ মায়া। উর্ণনাভের সামাজিক নামটা উচ্চারণ করতে মনে আঘাত পেলুম। ভাবলুম উর্ণনাভ ভালোবাসে ছুপুরবেলার সোনালি সুর্থকে আর তার হীরকবর্ণ অদ্ভূত ছুটি চোগে দেখলুম গহন রাতের অপূর্ব এক মায়া।

জ্যোতিরিন্দ্রনাথ মৈত্র

(每. 3233)

১৪৮. গুহার গান

প্ৰভূ!

তোমার মাথার পড়ে স্বচ্ছ শুল্র রাতের কণিকা।
তোমাকে রয়েচে যিরে আঁধারের নীরব আলোক।
আমি আছি অতল গুহার।
বৃক্কের উপর চেপে রয়েছে অজ্ঞতা,
গভীর সে-রাত,
ন্তু,পীক্রত পাহাড়ের সমাধির মতো।
আমি যেন শুনতে পাই আমার এ সমাহিতি থেকে
নরম রাতের চূর্ণ বিন্দু-বিন্দু ঝরে,
কালো আধুরের মতো গুচ্ছ-গুচ্ছ
তোমার ও-চুলে।

প 및 !

তোমার বিশাল হাত আমাকে ফিরেছে খুঁজে, জানি, শিকারি হাতের ছায়া কেঁদে গেছে দেহের উপর। আমার বুকের রক্ত হয়নিকো এথনো তো হিম। এক বিন্দু উষ্ণভায় যদি জলে জীবন আমার, এক বিন্দু চোথের আভায়, এ-বন্ধন বন্ধুই আমার।

প্রভূ!

ভোমার মাথার 'পরে অর্ঘ্য পড়ে
অনাদি রাতের!
ভার ঘন স্থ্রভির ঝড়
আমার অসাড় দারে করে করাগাত,
চ'লে যার গ্রহলোক-পানে।
আমি থাকি প'ড়ে অসহার।
পক্ষাঘাত হুর্ভেত প্রহরী।
ভোমার কুঠারে করো বিচূর্ণ আমার।
ছ-হাত ছড়িয়ে দাও রাতের আকাশে।
আমার এ-গুহাকাশে বক্স হানো, প্রাভু,
দগ্ধ হোক আমার এ-শব।

চঞ্চলকুমার চট্টোপাধ্যায়

(每. 3238)

১৪৯. রাজকুমার

হে রাজকুমার! উজ্জ্বল খর নভে রাজ্যশাসন ও দিখিজয়ের কালে কেঁপেছে নগর অধ্ননাদী রবে, মুগুনিপাত করেছো তালবেতালে।

রূপনীরা কত তব অলক্ত-পদে বশীকরণের মান্নাবী মন্ত্র প'ড়ে সঁপেছে তোমাকে রতি-ত্বখ-দার মদে। নারীমেদ-ভারে প্রাদাদ উঠেছে গ'ড়ে।

রমণীযোহন নবনীকান্ত, যেন গোধুলি-লালিমা পড়েছে অধরে মুখে; রাজকবি যত বিরচি নান্দী, হেন মণিকুটিম কাঁপায়েছে স্থর-স্থপে।

জানি না সে কোন রজনীর অবসানে—
(অমাত্যদের ষড়যন্ত্রের বিষে)
বারেক ফিরায়ে হৃত রাজ্যের পানে
অশ্বথুরের ধুলায় গিয়েছো মিশে।

হাত-বদলের ঘটা সে কী নির্মম ।
নৃতন পতাকা উড়েছে প্রাসাদচূড়ে !
ঝঞ্চাতাড়িত চ্যুত পত্রের সম
স্মরণ তোমার কথন গিয়েছে উড়ে।

তারপর এ কী! বিধির অপার ছলে দেখি যে তোমার তরণী বোঝাই ঘাটে। টাকার দাপটে হরেক রকম কলে জনগণমন উদায়ু যত কাটে।

জলবায়ু মাটি আবার তোমার হাতে।
জনসম্পদে করো কোম্পানি ঠেসে।
শেয়ারবাজার 'তেজীমন্দি'র সাথে
গড়াগড়ি যায় তোমার পায়েতে এসে।

কতভাবে ভোল দেখালে কুমার তবে।
মূলতুবি করো বেসাত গায়ের জোরে!
রচি' ব্যহজাল গোয়েন্দা ল'য়ে ভবে
রেথেছো ঘিরিয়া স্থচির ছর্গ-'পরে।

আজ অবশেষে জনগণে মিশি নেতা।
আাদেমব্লি হল্ জমাট করো কি দাধে ?
ক্রেতা বিক্রেতা তুমিই তাদের দেথা।
রক্তের দাগ ঢাকবে আর্তনাদে।

বরাম মুখোপাধ্যায়

(每. 5058)

,৫০. অন্তর্জলি

কঠিন মাটির মারা কঞ্চাল-মৃঠিতে,
ছই পা পাতালে;
বিধির প্রবণে তব্ ঘন-ঘন শান্তির প্রলাপ—রাম নাম সত্য শতবার।
খুলবে কি বৈকুঠের দ্বার ?

ভাঙা সিঁড়ি— পথ কি স্থগিত ? ভাঙা সিঁড়ি থাড়া-উচু মদলগ্রহের কাছাকাছি।

সকালের বেগনি কুয়াশ। তুপুরের দিকে বুকে হালকা আলোর দাগ কাটে; হয়তো স্থগিত পথ ঠিকাদার-হাত ছুঁয়ে শেষ হয় আর-এক বৈকুণ্ঠের সোনার কপাটে।

চড়া রোদ—

চোথে ধাঁথা লাগে ?

চড়া রোদে খোঁড়া ছোটে ফটকা-বাজারে,

—নাগালের কাছাকাছি সোনার হরিণ।

ক্লান্তির বিকার শুদ্ধি পড়ন্ত বিকেলে—
কোটিপতি ঠিকাদার ডুবে যায় রুপালি পদায়,

কী অগাধ শান্তি দেয় ভায়োলেট চোথ আর
ভিলোভযা-হাসি।

নীল রাত—
রক্তে মৌল নেশা ?
বেগ্যারাত্রি প্রেমের নিলাম হাঁকে দম্পতি-শরীরে,
পদ্মিনী জরায়ু ক্লান্ত, কন্দর্প নাকাল।
কী মাহাত্ম্য পুত্রেষ্টির!
তবু রাম নাম।

কঠিন মাটির মায়া কঞ্চাল-মৃঠিতে,
ছই পা পাতালে;
নাভিশাদে মুগনাভি—বৃক্ষি ফীণ আয়ুর আধাদ!
বানপ্রস্থে প্রতিশ্রুত ছটি পায়ে কার্পেট-আরাম—
শতবার দত্য রাম নাম।
সত্য রাম নাম।

मिटनण माम

(呀.) >>)

১৫১. কান্তে 🙀

বেয়নেট হোক যত ধারালো— কান্তেটা ধার দিয়ো বন্ধু! শেল আর বম হোক ভারালো কান্তেটা শান দিয়ো বন্ধু। নতুন চাঁদের বাঁকা ফালিটি
তুমি বুঝি খুব ভালোবাসতে ?
চাঁদের শতক আজ নহে তো
এ-যুগের চাঁদ হ'লো কান্ডে!

ইস্পাতে কামানেতে হুনিয়া কাল যারা করেছিলো পূর্ণ, কামানে-কামানে ঠোকাঠুকিতে আজ তারা চূর্ণ-বিচূর্ণ:

চূর্ণ এ-লোহের পৃথিবী তোমাদের রক্ত-সমূদ্রে গ'লে পরিণত হয় মাটিতে, মাটির—মাটির যুগ উপের্ব !

দিগন্তে মৃত্তিকা ঘনায়ে
আদে ওই ! চেয়ে দেথ বন্ধু !
কান্ডেটা রেথেছো কি শানায়ে
এ-মাটির কান্ডেটা বন্ধু !

২. নোমাছি

জীবন্ত ফুলের দ্রাণে

তুপুরের মিহি স্বপ্ন ছিঁড়ে-খুঁড়ে গেলো:
জেগে দেখি আমি,
এসেছে আমার ঘরে ছোটো এক বুনো মৌমাছি,
ডানায়-ডানায় যার অরণ্য-ফুলের কাঁচা দ্রাণ
পাঁশুটে শরীরে যার গোঁদা গন্ধ অজানা বনের।

কেমন স্থন্দর ওই উড়ন্ত মৌমাছি।
অপ্রান্ত করুণ ওর গুনগুনানিতে
কেঁপে ওঠে মাটির মন্থণতম গান,
আর দূর পাহাড়ের বন্ধুর বিষয় প্রতিন্ধনি!
যেন আজ বাহিরের সমস্ত পৃথিবী আর সমস্ত আকাশ
আমার ঘরের মাঝে তুলে নিয়ে এলো
কোথাকার ছোট এক বুনো মৌমাছি।

মূণালকান্তি

(写. 3230)

১৫৩. দিগন্ত

(তাংশ)

(इ)ट्रम्झ

জেনেছি ব্যর্থ ফুল-ফোটাধার গান!
মৌমাজি কল্পনা,
রৌদ্রুদ্ধ তাদের রঙিন ভানা।
জ বনছালা,
নিরালা রাতের চাদ—
স্বপ্র-জোনাকিগুলি,
উবার ধূদর
অঞ্চলে নেয় তুলি।

খেয়া

এপারে মৃত্যু ওপারে অন্ধকার। দিবারাত্রির সেতুবন্ধনে, হে স্থদ্র, অজানার খেয়া করো পারাপার।

নাম

পউমের ঝরাপাতা গান শুনি। একা-একা তবু স্বপ্ন বুনি— রৌজ ছায়া দ্র নীলে প্রাণের নিথিলে শুনি নিরস্তর, সেই নাম অনাহত একটি গানের মতো শুঞ্জনমুখর।

১৫৪. একটি প্রশ্ন

এক ঝলক সোনালি রোদ,
উদাশীন ত্বপুরের চিল,
মৌনাছির অলস গুঞ্জন
বেগুনি ঘাসফুল—
এর চেয়ে কি স্থন্দর
সেই রং-করা রাজবাড়ি—
যে-কল্পনায় তুমি
ক্লান্ত, ধুসর ?

সমর সেন

(জ. ১৯১৬)

১৫৫. বিরহ

রজনীগন্ধার আড়ালে কী যেন কাঁপে, কী যেন কাঁপে পাহাড়ের স্তব্ধ গভীবতায়।

তুনি এখনো এলে না।
সন্ধ্যা নেমে এলো : পশ্চিমের করুণ আকাশ,
গন্ধে-ভরা হাওয়া,
আর পাতার মর্যর-ধ্বনি।

১৫৬. মেঘদূত

পাশের ঘরে
একটি মেয়ে ছেলে-ভুলানোর ছড়া গাইছে,
দে-ক্লাস্ত স্থর
ঝ'রে-যাওয়া পাতার মতো হাওয়ায় ভাসছে,
আর মাঝে-মাঝে আগুন জলছে
অধ্বকাব আকাশের বনে।

বৃষ্টির আগে ঝড়, বৃষ্টির পরে বহা। বর্ধাকালে, আনেক দেশে যথন অজস্র জলে ঘরবাড়ি ভাঙরে, ভাসবে মৃক পশু আর মুখর মাতুব, শহরের রাস্তায় যথন সদলবলে গাইবে তুর্ভিক্ষের ষেচ্ছাদেবক, ভোমার মনে তথন মিলনের বিলাস দিরে যাবে তুমি বিবাহিত প্রেমিকের কাছে। হে মান মেয়ে, প্রেমে কী আনন্দ পাও, কী আনন্দ পাও সন্তান্ধারণে ?

১৫৭. বিশ্বৃতি

ভূলে-যা ওয়া গদ্ধের মতো
কথনো তোমাকে মনে পড়ে।
হাওয়ার ঝলকে কথনো আদে কৃষ্ণচূড়ার উদ্ধন্ত আভাদ।
আর মেঘের কঠিন রেথায়
আকাশের দীর্ঘধাদ লাগে।
হলুদ রঙের চাঁদ রক্তে মান হ'লো,
তাই আজ পৃথিবীতে স্তব্ধতা এলো,
বৃষ্টির আগে শক্হীন গাছে যে-কোমল, দবুজ স্তব্ধতা আদে

১৫৮. ভুমি যেখানেই যাও

তুমি যেখানেই ষাও, কোনো চকিত মুহ্তের নিঃশব্দতার হঠাৎ শুনতে পাবে মৃত্যুর গম্ভীর, অবিরাম পদক্ষেপ।

আর, আমাকে ছেড়ে তুমি কোথায় যাবে ? তুমি যেথানেই যাও আকাশের মহাশৃত্য হ'তে জুপিটারের তীক্ষ দৃষ্টি লেডার শুত্র বুকে পড়বে।

১৫৯. गुङ्

হিংশ্র পশুর মতো অন্ধকার এলো—
তথন পশ্চিমের জলন্ত আকাশ রক্তকরবীর মতো লাল
সে-অন্ধকার মাটিতে আনলো কেতকীর গন্ধ,
রাত্রের অলদ স্বপ্প
এঁকে দিলো কারো চোথে,
সে-অন্ধকার জেলে দিলো কামনার কম্পিত শিখা
কুমারীর কমনীয় দেহে।

কেতকীর গন্ধে ত্রন্ত, এই অন্ধকার আমাকে কী ক'রে ছোঁবে ? পাহাড়ের ধৃসর স্তন্ধতায় শাস্ত আমি, আমার অন্ধকারে আমি নির্জন দ্বীপের মতো স্বদূর, নিঃসঙ্গ।

১৬০. উৰ ৰী

তুমি কি আসবে আমাদের মধ্যবিত্ত রক্তে
দিগন্তে ত্রন্ত মেঘের মতো!
কিংবা আমাদের দ্লান জীবনে তুমি কি আসবে,
হে ক্লান্ত উর্বশী,
চিত্তরঞ্জন সেবাসদনে যেমন বিষণ্ণমূথে
উর্বর মেরেরা আসে:
কত অভ্পু রাত্রির ক্ষ্বিত ক্লান্তি,
কত দীর্ঘশাস,
কত সবুজ সকাল তিক্ত রাত্রির মতো,
আর কত দিন!

১৬১. একটি নেয়ে

আমাদের স্থিমিত চোথের দামনে
আজ তোমার আবির্তাব হ'লো:
স্বপ্নের মতো চোথ, স্থন্দর, শুলু বুক,
রক্তিম ঠোট যেন শরীরের প্রথম প্রেম,
আর দদস্ত দেহে কামনার নির্ভীক আভাদ;
আমাদের কলুষিত দেহে
আমাদের তুর্বল, ভীক অন্তরে
দে-উজ্জল বাদনা যেন তীক্ষ প্রহার।

১৬২. অভ্যার দেশ

5

মাঝে-মাঝে সন্ধ্যার জলপ্রোতে অলস সূর্য দেয় এঁকে গলিত সোনার মতো উজ্জল আলোর স্তম্ভ, আর আগুন লাগে জলের অন্ধকারে ধূসর ফেনায় সেই উজ্জ্বল স্তব্ধতায় গোয়ার বঙ্কিম নিশ্বাস ঘূরে-ফিরে ঘরে আনে শীতের হুঃস্বপ্নের মতো।

অনেক, অনেক দূরে আছে মেঘ-মদির মহন্নার দেশ,
সমস্তক্ষণ সেথানে পথের তৃ-ধারে ছায়া ফেলে
দেবদাকর দীর্ঘ রহস্তা,
আর দূর সম্ব্রের দীর্ঘশাস
রাত্রের নির্জন নিঃসঙ্গতাকে আলোড়িত করে।
আমার ক্লান্তির উপরে ঝকক মহন্যা-ফুল,
নাম্ক মহন্নার গন্ধ।

2

এখানে অসন্থ, নিবিড় অন্ধকারে
মাঝে-মাঝে শুনি
মন্থ্যা-বনের ধারে কয়লার গনির
গভীর, বিশাল শব্দ,
আর শিশিরে-ভেজা সবুজ সকালে
অবসন্ন মান্নথের শরীরে দেখি ধুলোর কলঙ্ক,
ঘুমহীন তাদের চোখে হানা দেয়
কিসের ক্লান্ত ভঃস্বপ্ন।

১৬৩. স্বৰ্গ হ'তে বিদায়

সমৃদ্র শেষ হ'লো, আজ হরস্ত অন্ধকার ডানা ঝাড়ে উড়স্ত পাথির মতো। সমৃদ্র শেষ হ'লো: গভীর বনে আর হরিণ নেই,
সবুজ পাথি গিয়েছে ন'রে,
আর পাহাড়ের ধৃদর অন্ধকারে
হরস্ত অন্ধকার ডানা ঝাড়ে
উড়স্ত পাথির মতো।
সম্দ্র শেষ হ'লো
চাদের আলোয়
সময়ের শৃত্য মক্তৃমি জলে।

১৬৪. একটি বেকার প্রেমিক

চোরাবাজারে দিনের পর দিন ঘুরি

সকালে কলতলায়

স্লান্ত গণিকারা কোলাহল করে,

থিদিরপুর ডকে রাত্রে জাহাজের শব্দ শুনি;

মাঝে-মাঝে ক্লান্তভাবে কী যেন ভাবি—
হে প্রেমের দেবতা, ঘুন যে আদে না, দিগারেট টানি
আর শহরের রাস্তায় কগনো বা প্রাণপণে দেখি
ফিরিন্ধি মেয়ের উদ্ধত নরম বৃক।
আর মদির মধ্যরাত্রে মাঝে-মাঝে বলি:
মৃত্যুহীন প্রেম থেকে মৃক্তি দাও,
পৃথিবীতে নতুন পৃথিবী আনো
হানো ইম্পাতের মতো উত্তত দিন।
কলতলার ক্লান্ত কোলাহলে
সকালে ঘুম ভাঙে
আর সমস্তক্ষণ রক্তে জলে
বণিক-সভ্যতার শৃত্য মক্লভ্মি।

১৬৫. নিরালা

বর্তমানে মৃক্তকচ্ছ, ভবিশ্বৎ হোঁচটে ভরা.
মাঝে-মাঝে মনে হয়,

ছমুর্থ পৃথিবীকে পিছনে রেথে
তোমাকে নিয়ে কোথাও স'রে পড়ি।
নদীর উপরে যেথানে নীল আকাশ নামে
গভীর ক্ষেহে,
শেয়াল-সংকুল কোনো নির্জন গ্রামে
কুঁড়ে-ঘর বাঁধি;
গোরুর ছয়, পোষা মুরগির ডিম, থেতের ধান;
রাত্রে কান পেতে শোনা বাঁশবনে মশার গান;
দেখানে ছপুরে শ্রান্তলায় সবুজ পুকুরে
গোরুর মতো করুণ চোথ
বাংলার বধু নামে;
নিরালা কাল আপন মনে
পুরোনো বিষয়তা হাওয়ায় বোনে।

১৬৬. ঘরে বাইরে

তোমার ক্লান্ত উক্ততে একদিন এসেছিলো
কামনার বিশাল ইশারা !
ট াকেতে টাকা নেই,
রঙিন গণিকার দিন হ'লো শেষ,
আজ জীবনের কুঁজ দেখি তোমার গর্ভে,
সেইদিন লুপ্ত হোক, যেদিন পুরুষ পৃথিবীতে আসে !
সময়ের চূর্ণ পাহাড়ে পিঙ্গল মান্ত্যেরা মরে,
কর্কশ কাকের কঠে শুনি ধ্বংদের গান,
আর গর্ভের ঘুমন্ত তপোবনে কুক্ষবর্ণ পুরুষ

তোমাকে নিরম্ভর কাপুরুষ প্রহার করে ; সেইদিন লুপ্ত হোক যেদিন মামূব পৃথিবীতে আদে

কোনো নগরে একদিন যেন ছিলো
চারদিকে মেথলার মতো শালবনের অন্ধকার,
পাহাড়ের মতো মেঘবর্ণ প্রাসাদ, স্বয়ংবরা প্রেম ;
আর আজাে তাে আছে
কাঁচা ডিম থেয়ে প্রতিদিন ছপুরে ঘুম,
ফীতােদর দাস্তিক স্বামীর পিছনে গর্ভবতী সতী সাবিত্রী,
আর বন্তার মতাে পুত্রকন্তা, অরণ্যে রোদন ;
হে ইশ্বর, এ কী অপরূপ !

অন্তর্বর বালুর উপরে কর্কশ কাকেরা করে ধ্বংদের গান।

কাঁচা ডিম থেয়ে প্রতিদিন তৃপুরে ঘুম,
নারীধর্ষণের ইতিহাস
পেন্ডাচেরা চোথ মেলে প্রতিদিন পড়া
দৈনিক পত্রিকায়।
আর মধ্য এশিয়ার মরুভূমি, নীল নির্জন সমুদ্র,
বিপুল পৃথিবী আর নিরবধি কাল!

তবু কিছুদূরে প্রথব রৌদ্রে ঘোরে
মহাযুদ্ধের ভগ্নত্ত,
আর নীলরক্তবান নীলকর কবন্ধ মৃত্যু আনে।
জানি, রক্তহীন অন্তরে প্রতিদিন বারে-বারে আদে
ফুটবল মাঠের চঞ্চলতা,
অন্তপ্রহর কাঁপে
ভন্নমহিলা দেখার তীত্র ব্যাকুলতা;

স্মার মাঝে-মাঝে উন্নত যমদ্ত ক্লান্ত হতাশা স্মাকে দিন-রাত্রির নরকের সিংহ্লারে।

তব্ জানি, কালের গলিত গর্ভ থেকে বিপ্লবের ধাত্রী
যুগে-যুগে নতুন জন্ম আনে,
তব্ জানি,
জটিল অন্ধকার একদিন জীর্ণ হবে চূর্ণ হবে ভন্ম হবে
আকাশগঙ্গা আবার পৃথিবীতে নামবে
ততদিন
ততদিন নারীধর্ষণের ইতিহাস
পেন্ডাচেরা চোপ মেলে শেষহীন পড়া
অন্ধক্পে শুৰু ইত্রের মতো,
ততদিন গর্ভের ঘুমন্ত তপোবনে
বিণিকের মানদণ্ডের পিঙ্গল প্রহার।

১৬৭. ব্যোমস্থল

শৃত্তমাঠে স্তব্ধ দিন। যতদ্র চোথ যায়, লোহরেখা প্রসারিত নির্বিকার অদৃষ্ট রেখায়।

অন্ধজনহীন মৃত্যু হয়তো,
ভবিগ্যতে হয়তো হুভিক্ষ, চকিত প্লাবন।
তব্ দেখি, ঝুড়ি-ঝুড়ি শাকশব্জি, সহজ সবুজ,
সপ্তাহে হু-দিন গ্রাম্যহাট বসে,
বেচাকেনা সাক্ষ হ'লে
হুঁকো কলকে ঘন-ঘন হাত বদলায়,
মহাজনচিস্তাহরা গন্ধ ছড়ায়।

উজ্জল দৃষ্টাস্ত।

অবোধ মন, বোঝানো ব্যর্থ।

পুত্রকন্তা এখনো আঙুলে গোনা যায়,
বয়দ মাত্র পঁয়ত্রিশ,
তবু নিজেকে কতদিনের জীর্ণ বৃদ্ধ লাগে,
জিতে স্বাদ নেই, জানি না
কী পাপে স্কন্ত শরীর ঘূণের আশ্রয়।
আমার অজ্ঞাতদারে
পুরাতন প্রগন্ত দিনরাত্রি আদা-যাওয়া করে,
নদীর জোয়ারে, অয়কারে তিলে-তিলে পৃথিবী মরে,
বৃঝি, পিঙ্গল বালুচর সর্বভূক, অবিনশ্র।

তাই দিনান্তে কলের বাঁশিতে
মনে হয় পৃথিবীর শেষ প্রান্তে
করাল শৃত্যের রুত্তে
নাভিচ্যুত শৃত্য যেন কাঁদে;
লুপ্ত পাহাড়, লুপ্ত বোধ,
শব্দ, গদ্ধ, স্পর্শ।

বিশ্ব বন্দ্যোপাধ্যায়

(塚. 2974)

১৬৮. কোনো মৃত্যু-শিয়রে—আবহুমান

এতদিন ধ'রে অঞ্চল ভ'রে যত গোধৃলির আলো

কুড়োলে, সে-সব ঢালো এইবারে ঢালো

ঝ'রে-পড়া যত মরা-মূহূর্ত-ফুল

ঝেড়ে ফ্যালো লতা ক'রে ফ্যালো উন্মূল—
তোমাকে তো আমি বলেছি অনেকদিন

উত্তত চির-মৃত্যুর সঙ্গিন মাটির স্বীক্ষতি কালে মাটি হয়—এটা মনে রাখা ভালো।

ষতদিন ধ'রে অঞ্জ ভ'রে ষত গোধ্লির আলো
নিয়েছো সে-সব ফ্যালো এইবারে ফ্যালো—
তোমাকে তো আমি বলেছি অনেকদিন
মৃত্যু রয়েছে অলক্ষ্যে তার উত্তরী উড্ডীন।
শপথ স্বীকৃতি যা-কিছু মাটির সবই কালে হবে কালো—

এতকাল গ'রে দেহখানি ভ'রে যত কাঁচাদোনা রোদ নিয়েছিলে তার হবে আজ ঋণ শোধ তোমাকে তো আমি বলেছি অনেকবার কুশীদজীবিনী পৃথীর সম্পদ রেখে যেতে হয় প্রতি কণাটিও তার একের দিকেই একা দিতে হয় পাড়ি— আমরা সবাই সব-কিছু পেয়ে সব-কিছুকেই ছাড়ি। তুমি আজো আছো, পরেও থাকবে, তুমি ছিলে চিরদিন, তুমি চ'লে গেলে প্রতীক্ষমাণ দেশ কাল প'ড়ে থাকে নব ভাবে এসে শুধে যাবে ব'লে পুরোনো মাটির ঋণ পুরোনো প্রথায় থেলাঘর পেতে পুরোনো পৃথিবী ভাকে।

বর্ষার মেঘে থাকবেই লেগে তোমার দেহের কণা

—এই কথা ভূলবো না।

নদীজলে গ'লে মিশে যাবে কোনো তোমার দেহের কণা

—এই কথা ভূলবো না!

যে-মাটিতে গাছ ফুল হ'য়ে ফোটে—তোমার দেহের কণা
তার কথা ভূলবো না।

আকাশে বাতাসে যে-ছাই ছড়াবে তোমার দেহের কণা

—তারও কথা ভূলবো না।

রৌদ্রের তেজে বৈদেহী কে যে তোমার দেহের কণা

—তারও কথা ভূলবো না।

ভূলবো না আমি তোমাকে যে তুমি পঞ্চের সমাহার
পাথবীর চোথে উদ্বেল ক'রে প্রপঞ্চ পারাবার

চ'লে যাবে তবু যাবে নাকো প্রকৃতই

মরতা নিয়েই মরতাকে জয় ক'রে হবে অমৃতই।

বে-কথা রাখোনি তার জন্মেও
বে-কথা রেখেছো তার জন্মেও
বে-বাধা মানোনি তার জন্মেও
বে-বাধা মানোনি তার জন্মেও
বে-বাধ বেঁধেছো তার জন্মেও
হংপেরও চেয়ে সৃদ্ধ বে-ভাব তারই ছোঁয়া পেয়ে মন
উদাসীনতায় কী যে হ'য়ে যায়
শাস্ত আবেগ হৃদয় ছাপায়
জীবন পেরিয়ে উপনীত যার উদার উত্তরণ।

সময় তো নেই, বলবে কি কিছু ? এই বেলা ব'লে ফ্যালো শুনছো ? ডাকছে দিকের দেয়াল প্রতীক্ষারত কালো।

কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়

(5. 2279)

১৬৯. এই গাছ

এই বজ্রদশ্ধ গাছের শিরা বেয়ে
পৃথিবী একদিন ফুল হয়েছিলো, কখনো ফল,
কখনো সবৃজ, কখনো সৌরভ।
শীতের সায়াহ্লে সে আজ দ্রের নদী দেশছে,
যেখানে মৃতদেহের দশ্ধ হাড়, গুঁড়ো হাড়ের মডো বালি,
চাকার দাগ, যারা বেঁচে রইলো তাদের অঞা।

এই গাছ শুধু দেখছে :
নদীর ওপারের বন ছুঁয়ে চাঁদ উঠে এলো,
নটীর মতো নিটোল, চোখের নিচে কালি,
প্রথমে লাল, পরে শাদা, হাসপাতালের নার্দের মতো।

এই গাছ ভাবছে:

একদিন চৈত্রের ঝড়ে তার দেহ মর্মরিত ছিলো একদিন ভ্রমরের ভিড় ঘিরে ছিলো ন্তাবকের মতো একদিন পৃথিবী তাকে ছুঁয়েছিলো— আজ সে-পৃথিবী ভূলে গেছে!

স্তব্ধ রাত্রির মধ্য আকাশে রুপালি-আগুন-লাগা চাদ শীতের শুকনো নদীতে কয়েকটা শেয়াল সম্বর্গণে ঘুরছে মাঝে-মাঝে পোড়া কাঠ আর গুঁড়ো হাড়ের মতো বালি আর একটি বজ্লদশ্ধ গাছ এক পায়ে দাঁড়িয়ে।

১৭০. একা

তিন দিন তিন রাত্রি বৃষ্টির পর
ধবধবে রোদ্মুর।
শরতের নীল। মন যায় কদ্মুর!
তিন দিন তিন রাত্রির পর।
হয়তো কত দিন কেটে যাবে
মেঘ হবে পাহাড়ের চূড়ো
হয়তো কত দিন যাবে কেটে
তারা হবে পাহাড়ের ফুল
হয়তো কেটে যাবে কত দিন
কত শত দিন।

দাতে দাঁত চেপে

ত্রামের ভিড়ে চলেছো।
অনেক দিন পরে দেখা কী এনেছো?
রায়বাহাত্র বাজার ক'রে বাহাত্রি কেনেন
সব-কিছু সঠিক চেনেন
চকচকে মরা ইলিশ থেকে আঁশটে জল ঝরে
অনেক দিন পরে
দেখা। কী এনেছো?
এক ঝাঁক রজনীগন্ধা ঐ লোকটার হাতে—
একটু জারগা চাই ট্রামের পা-দানিতে।
পা মাড়ালো, জামা ছিঁড়লো, তবু চলেছো।
আজকের হঠাং-উজ্জ্বল বিকেলে কী এনেছো?

গান্ধীজী কি ম্যাজিক জানেন ? याधीन इ'रम्न की भारका, तर्पन ? মরা দেশ মরা মান্ত্র ফেলে পালালো ইংরেজ গান্ধী টুপি আর মুসলমানি ফেজ স্টার্লিঙের দেনা রাজকন্মের বিয়ের যৌতুকে দিয়েই দে না ! লাটের বাডিতে স্বদেশী নিশেন বুকটা কাঁপছে নাকি, রায়বাহাছরি পেনসেন হঠাৎ না ঘোচে। তিন দিন তিন রাত্রির পর স্থর্গ চোখ মোছে । হঠাৎ শরতের নীল হিন্দু-মুল্লিম মিল —উ:, ভিড়টা কমলে বাঁচি পকেট মারের কাঁচি ইনফুয়েঞ্চার হাচি —তিন দিন তিন রাত্রির পর

হঠাং শাদা রোদ্ধুর টালিগঞ্জ কদ্দুর গু

কী এনেছো তিন দিন তিন রাত্রির পর
কী এনেছো ?
এনেছি শরতের খুশি, এনেছি আকাশের নীল:
(যত সব বাজে কথার ভূযি)
মিস্টার রায়ের নতুন স্টু,ডিবেকার
ল্যাণ্ড-ক্রুজার
আরতিকে নিয়ে তার স্বামী চলেছে আমেরিকা—
তিন দিন তিন রাত্রির পর

তারপর কী এনেছো ? কী এনেছো ? এনেছি শরতের খুশি, এনেছি রোন্তের শুভ্রতা— কী সব ফাঁকা বুলির কাব্যিক কথা!

কিন্তু কী চাও ? কী চাও বলবে ? সময়ের বালি ঝরবে, ফৌবন মরবে, সংসার চলবে। আরো কী চাও বলবে ?

বিকেলের রোমাণ্টিক আড্ডার পিঠে বৃদ্ধিন্ধীবী সহিদ চিঁড়ে-ভাজা চা সহযোগে পিকানো-মাতিদ কিংবা ফিফ্থ সিম্ফনি মৃত্ টিপ্পনি ব্ঝেছো পলিটিক্যাল ফাঁকি মিরাক্যল না হাতি, গান্ধী নেহাংই লাকি কলকাতা আশ্চর্য শহর
ঠিক প্যারিসের পর।
হায়, জানি না প্যারিস কদ্ব এথানে নেহাৎই দেশী রোদ্ধুর।

তিন দিন তিন রাত্রির পর
আর কী চাইবে ? কিংবা পাবে ?
অল্প-অল্প চি ডে়-ভাজা থাবে ।
আলমারিতে ফরাসি বই
ইনটেলেকচ্যুয়াল মই
মাঝে-মাঝে চেরি ব্র্যাপ্তির ফাঁকে
কয়েকবার বিপ্লবের কথা হাঁকে
কিছুতেই কিছু হয় না
বাঁগা বুলির ময়না
আকাশের আশ্চর্য রোদ চোথে সয় না ।

তিন দিন তিন রাত্রির পরের বিকেল শেষ হ'লো

থাবার হাওয়া বইছে জোলো।

মেঘ জমছে

হয়তো বৃষ্টি নামবে

কণ্ট্রোলের ছাতাটা কই ?

থার পুরোনো বই—

ওই

টাম চলেছে। সত্যিই মেঘ জমছে

সত্যিই বালি ঝরছে
রাত দশ্টার ট্রাম বেশ ফাঁকা

একা। ফিরছি একা।

কিরণশঙ্কর সেনগুপ্ত

(毎. 5959)

১৭১. হে ললিভা, ফেরাও নয়ন!

হে ললিতা, ফেরাও নয়ন!

যদি শুভ শ্রীদেহের স্বাদ

আর নৈশ আগ্লেষ-শয়ন

মৃক্তিস্থান এনেছে জীবনে,

দূরে থাক লোক-পরিবাদ।

জীবনের নাট্য-যবনিকা
প'ড়ে যাবে, মনে রাথো নাকি ?
মুছে গেলে জীবস্ত জীবিকা
কী করিবে তথন একাকী ?
শুধু চোথে ক্লান্ত গতভাষ!

ষ্ঠাকুল খাপদ খুঁজে ফেরে আরক্ত শিকার, কান পেতে স্থির হ'য়ে শোনে পক্ষধ্বনি শত বলাকার। ঘুম নাই নিদ্রালু নয়নে।

উতরোল নিবিড় রজনী।
থোলো রক্ত লাজ-আবরণ,
লজ্জা-অপমান শঙ্কা ছাড়ো!
শোনো মোর ধমনীর ধ্বনি,
আগে রাথো মাহুষের মন!

উপরেতে আকাশ ছড়ানো, নিচে কাঁপে মদালস বায়. ·হে ললিতা, কাছে এদো শোনো— হিমপিক্ত ভোমার চুম্বনে শেষ হবে মোর পরমায়ু!

অদ্রেতে কৃষ্ণ মৃত্যু কাঁপে,
তবু যেন তৃণের মতন
ভেসে চলি অন্তিম বিপাকে,
আকাজ্জায় শুরু অচেতন,
মৃত্যু আনে নৈশ পরিশ্লেষ!

তাওবের দীর্ঘাদ শুনে
আছিলাম ঘোর অচেতন,
আকাজ্জার জাল বুনে-বুনে
এইবার হয়েছে উধাও
ধক্ষোমাঝে উদ্ধত নয়ন!

এই লখে। মোর ছই হাত।
অতীতের সাধনায় বৃঝি
আকাজ্ফিত মৃত্যু-বরাভয়
লভিয়াছি দেহপ্রাস্ত খুঁজি!
ক্লান্ত তন্ত স্থন্দর অক্ষয়।

১৭২. फिन्याशन

(অংশ)

কী তবে আমার কাজ: অবিরাম উত্থানপতনে

- বিদীর্ণ কল্পান্ত কাঁপে, মধ্যবিত্ত ছা-পোষা মাকুষ
আরো অনেকের মতো আমিও ছুটেছি প্রাণপণে
নারী, স্বর্ণ, গান নয়, লুগুপ্রায় স্বস্থির সন্ধানে
পথে মাঠে তেপান্তরে; পথকটে প্রায় দীর্ণপ্রাণ;

তবুও তুর্মর আশা মৃহুর্তেই আনে চঞ্চলতা বিধ্বস্ত প্রাণের পাত্রে,—বারংবার তীত্র আত্মদান করার সংকল্প নিয়ে ফিরে আসি; প্রাণের শৃত্যতা ভরে না সংকল্পে শুধু; অন্ধকারে যেদিকে তাকাই নিক্ষল জোনাকি ছাড়া অন্ত কোনো আলোর মশাল রিক্ত প্রাণে আনে না আশাস; সন্ধ্যাকালে বাড়ি কিরে বারান্দার কোণে ব'সে আকাশের নীল তারা গুনে কিছুটা সময় কাটে। কখনো বা রোগীর শিয়রে ব'দে-ব'দে নানা কথা ভাবি তার পরিচর্গাকালে জন্ম-মৃত্যু-ভবিশ্বৎ নিয়ে। চন্দ্রালোকে ঘর ভরে শহসা নিথর রাতে। কোথায় তু-হাতে স্লিগ্ধ ফুল ছড়ায় আদ্রাণ বনতলে; মত্ত বাতাসের ঢেউ মুখে চোখে বেগে লাগে, মনে পড়ে এদিনেও কেউ দূরের মাঠের পথে বাড়ি ফেরে শিস দিতে-দিতে জ্যোৎস্নায় হাওয়ায় মুখ রেখে; কালো দীর্ঘ এলোচুল তারই বউ চেয়ে ছাথে দূর মাঠে যেখানে শিমুল দাঁভায় প্রাণের জোরে আকাশের দিকে ডানা মেলে পরিপূর্ণ প্রতীক্ষায়; মেঘলোকে নিভৃত পাথায় বালুহাঁদ উড়ে যায় জ্যোৎস্পামত্ত অজ্ঞাতযাত্রায় অস্থমিত অগ্রণীর অদৃশ্য সংকেতে। আর আমি তক্রভাঙা শেষরাত্রে গলিপথে হরিধ্বনি শুনে চমকে স্বরাজ্যে ফিরি, কল্পনার পাথা ছিন্ন ক'রে শাশানষাত্রীর ধ্বনি হেঁকে যায় দূর থেকে দূরে।

কী তবে আমার কাজ: আমি জানি বাঁচে না মাত্র্য
শ্বভিকে সম্বল ক'রে; কল্পনার অনিত্য ফাত্র্য
উড়িয়েও শেষরক্ষা হয়নি কখনো কোনো কালে।
শুধু গতি, ত্বস্ত ত্বাঁব বেগে একটি পদ্ধতি
স্পষ্টির গোপন মূলে কাজ করে,—যোগস্ত্রহীন

আমরা তলিয়ে যাই সম্থিত ঢেউয়ের আড়ালে বন্ধাছাড়া ঝোড়ো দিনে, ব্যর্থকাম, থাকি রুদ্ধরতি, জোয়ারের তীব্র টানে অনিবার্য হয় অধােগতি। আজাে তাই কুদ্ধ বন্ধাছাড়া দিনে দিগস্তে তাকিয়ে নিশ্চিত আখাম খুঁজে বারংবার রুদ্ধখাম শ্রমে নিশ্চিত আখাম খুঁজে বারংবার রুদ্ধখাম শ্রমে নিশ্চিত আখাম খুঁজে বারংবার রুদ্ধখাম শ্রমে নিশ্চিত তার কুদ্ধ বর্শা, কয়াস্তের নক্ষত্রসদ্ধানে দিগস্ত খণ্ডিত করে; আর আমি আবদ্ধ নগরে আপন কর্তব্য খুঁজে নিদ্রাহীন রাত্রি যাপি ঘরে বেদনাবিহ্বল ক্ষণে; বহুদ্রে শোনা যায় থেন গর্জনে উচ্ছােসে জাগে অন্ধকারে সম্প্র সফেন, অরিষ্ট প্রাবনবেগ; কারা দৃঢ় পদক্ষেপে বেগে সম্থে এগােয় পথে রাত্রিশেষে মরীয়া আবেগে দীর্ঘ দৃপ্ত অভিযানে; সে-গতির তাপ ভগ্ন মনে অরুত্রিম অভিজ্ঞান সৃষ্টি করে যুগসদ্ধিক্ষণে।

হরপ্রসাদ মিত্র

(5. 3239)

১৭৩. নিকট বালি, দূর জল

নানা মান্তব জমে, জমায় নানান কথার বেসাতি।
সেই হাটে এই নিত্য ভ্রমণ কথন-যে রয় কে সাথী!
কেউ বলে, ঠিক,—কেউ বলে, ভূল,—কেউ বলে, হাঁ, তা বটে।
কোথায় নদী বেকবে কথন,—তারপরে যে কী ঘটে
মনের মধ্যে সেই কথাটাই উঠছে-পড়ছে নিরম্ভর
বর্তমানই অন্ধ-চেনা, ভবিশ্বৎ তো দিগস্তর!

আকাশ জুড়ে মেঘ করেছে, বিষ্টি এলো কোন দেশে— কী জানি কোন গাছের ছায়া একটি নদীর কোল ঘেঁষে! মাটিতে জল, আকাশে মেঘ,—হঠাৎ কেমন অন্ধকার। এদিকে এই আপিশ-ফেরৎ ভাঁটির ত্বরা,—ছন্দ তার অধরা রয়, পোষ মানে না প্রাচীনপন্থী পত্যেতে। বস্তুবোধের কন্মই লাগে হঠাৎ বুকের মধ্যেতে।

বৃহৎ পরিবহণ, বিপুল চলাচলের গর্জনে
শরীরটাকে সামলে চলার ক্ষিপ্রকলা অর্জনে
মন জেগে রয়, লক্ষ্য থাকে চেনা বাড়ির প্রতীক্ষায়।
প্রতিবেশের নগদ দাবি মিটিয়ে অন্ত সমীক্ষার।
দেবার মতো মনের মধ্যে থাকে না মন কিঞ্চিং-ও।
পি প্রপ্রমাণ এই পরিমেল হক্ষ্ম মানসবঞ্চিত।

প্রতিবচন, পুনর্বচন—শুন্ত হাদয় চলস্ক,—

ত-পারে তার কমলারঙের বৈকালী রোদ পড়স্ত।

ঠেলাগাড়ির দোলন-লাগা শিশুর চোথে এ-সংসার
প্রশ্নবিহীন প্রাপ্তি শুধুই, নেইকো কাঁটা সমস্তার।

অথচ ঠিক পাশেই আছে যে জরতী শুরুতা—

বিক্ষত সে। কেবল বোঝা। শুক্ষতা আর ক্লক্ষতা।

বিত্যদ্বেগ—নিকট বৃত্ত—চেনা মহল নিক্ত স্থক।
দিন কেটে ধায় স্বল্পচেতন,—এমন সময় অসীম স্থথ
কী ঝঝরি নামলো মনে—আর-এক ছায়ায় নদীর ঘাট,
আকাশ জুড়ে মেঘ করেছে, বালির চরে পাথির হাট।
সবুজ শাড়ির ভঙ্গিমা, সে কী আশ্চর্য অমুপ্রাস
অনেক যোজন বালির পরে পাহাড়ি জল, চিকন ঘাস!

গোপাল ভৌমিক

(母. 2274)

১৭৪. ত্রঃসাহসী নাবিকের গান

মনে ছিলো মানচিত্র
ভূগে: লও ছিলো নাকো ভূল:
দিক্দর্শনের যত্ত্বে
দেখে নিয়ে কোন দিকে ক্ল
যাত্রা শুক্র হয়েছিলো
অজানা এ-সমুদ্রের বুকে;
অনেক আশ্বাসে ভরা
রাত্রির সম্মুখে
ছিলো স্থ-সম্ভাবনা,
আকাশে অজন্ম ভারা-ফুল
হাতছানি-দিয়ে-ডাকা ছায়া-পথে
মায়ার মুকুল।

ষাত্রাকালে কিন্তু দিক্শৃল
ছাড়েনি আগার পিছু,
বুবেছি তা অনেক দেরিতে
যখন অনেক-কিছু
ক্য-ক্তি দিয়ে
এ-জাহাজ পায়নিকো কুলের নিশানা,
জ্জানা চড়ায় ঠেকে
বন্দরের হারালো ঠিকানা।

ত্ঃসময় বে-ই দিলো হানা ত্বন্ত দস্থ্যব মতো, আমি কিন্তু এতটুকু হইনি বিব্ৰত। জানি আমি বিজ্ঞানীরও
গণনায় মাঝে-মাঝে ভূল
হ'তে পারে; তাই ব'লে
ফৃষ্টির মুকুল
চিরদিন ঝ'রে যাবে অন্ধকারে
কিংবা বন্ধ্য বালুচরে
তাও আমি মানি না কিছুতে:
আমি যদি না-ও পারি, আর কেউ শক্ত হাতে ধ'রে
এ-জাহাজ নিয়ে যাবে সমুদ্রের পারে
অতি দূর আলোর বন্দরে।

गगीट ताश

(写. 2222)

১৭৫. অতিক্রান্তি

ষধন কেবলি মানসকামনা সরাতো বুকের লঘু পাহাড়, ষড়জে-নিথাদে এঁকেছি কত-না আত্মরতির হুর-বিহার।

রাগমালা সেই মনের আকাশে বর্ষণভীক্ষ বলাকামেয়, হালকা গাঁতারে আদে যায় আদে প্রথম প্রেমের মতো আবেগ।

নব ফাস্কনে কখনো বা তার সাড়ায় কেঁপেছে নতুন পাতা, ভূঁইচাঁপা খোলে চকিত হয়ার, দিঘি ভরে ঢেউয়ে নীলের খাতা। শুধু ঐটুকু, তার বেশি নয় একস্থরে সাধা সেই রাগিণী কথনো গোপনে খুঁজেছে প্রণয়, কথনো বা সাজে বৈরাগিণী।

সে-আকাশে আজ বজের দাহ এলো বিহ্যুৎজ্ঞালা বৈশাথ, সে-মেনে তরল অগ্নিপ্রবাহ, সে-গানে রুদ্র মত্তপিনাক।

হৃদয়ের বাঁধ ভেঙে খানখান, মনের মিনারে ন'ড়ে ওঠে ভিত, স্থরের ঘূর্ণি প্রলয়ের বান আনে পাতালের এ কী সংগীত!

ভাষার পরিধি ছিঁড়ে উড়ে যায়. থনিজ বিক্ষোরণের আথরে জ'লে ভঠে মন ধাতব আভায়, রক্তে গতির বর্ণালী ঝরে।

এ-গান আমার অভিজ্ঞতার জীবকোযে অন্তব্দপ্রকণায় ফসফরাস-এর শত দীপাধার জালে সমস্র চেউয়ের ফণায়।

ফেটে পড়ে আজ এই স্থর বৃঝি! কাপে মনে স্থায়ির স্থা। এলো কি মৃক্তি! রঙে-রঙে মৃতি রাত্রি, উষার এ কী বিপ্লব!

১৭৬. ভোরের স্বপ্ত

দেখ তমস্বিনী মেলেছে চোখ হেমকান্তি ঐ মেঘদমাঙ্গে! আজ স্বর্যোদয় মধুর হোক, জাগে স্বপ্ন যেন দিনের কাজে।

এনো রাত্রিশেষে ঘোমটা খুলে, কর্মঘন আশা ছ-চোগে জালো, শ্রমবিন্দু-ঘেরা কপালে চুলে মুগ্রী তোমার মানাবে ভালো!

যদি দীর্ঘ পথে কাতর হই
ক্লান্তি নামে এই অন্বেষণে,
পাবো যৌবনের মরণজয়ী
স্বপ্ন, আহা, ঐ হৃদয়-মনে।

তৃমি রস্ত যেন, পাপড়ি আমি।
দীপ্ত শিখা তুমি, আমি আধার।
তৃটি পক্ষ একই আকাশগামী,
তুটি পংক্তি মিলে একই পয়ার!

মুক্তি-থোঁজা দিনে প্রেরসী তাই ডাকি কণ্টকিত প্রেমের পথে। তুমি সঙ্গী হ'লে কাকে ডরাই, স্বর্গ জেগে ওঠে এই ধুলোতে!

বাণী রায়

(写. 2222)

১৭৭. এলিজি

মৃত্যুরে দেখেছি আমি খাপদের রূপে।
মৃত্যু বার-বার জীবনের উপহার
করেছে হরণ।
দেশেছি নির্লজ্জ মেই বৃতৃক্ষ্ মরণ।
বিকশিত জীবনের দল
নিষ্ঠুর নথরাঘাতে বিধ্বস্ত লুক্তিত।
শিশুর শিয়রে তার ভয়াল প্রহরা;
যৌবনের শয্যাতলে মৃত্যুর কণ্টক।
ন্তর্ন-ভীত আঁথি মেলি' দেখেছি মরণ
আখাস-বিশ্বাস নিত্যু করেছে হরণ।

ভোমার কুন্তল কালো, আরো কালো চোথ, বিনাহেতু লজ্জানত চোথের পলক। আইভরি-মান ভালে কুঙ্গুমের টিপ, আরক্ত অধর ছটি প্রবালের দ্বীপ, মানদ মুকুতা ঝরে চিত্ত-উর্মি থেকে, বঙ্কিম কটাক্ষ যায় বাঞ্ছিতেরে দেখে। —মোহিনী কিশোরী তুমি। তোমারও শিয়রে দেখিলাম কালো ছটি বাছড়ের পাখা, গৃধিনীর লুক্ক নথ। তোমার বুকের বেদী; মর্মর ফলক ফুটিলো গোলাপ, মৃত্যুর রক্তিম পুষ্প, লুব্ধ নথাঘাতে। কালো চুলে জলে আলো তবু ক্ষণে-ক্ষণে! সঙ্গাগ প্রহরী সে তো বেহুলা-বাসরে।

হভাষ মুখোপাধ্যার

ক্লান্ত স্থপ্ত সেবীদল; নিতন্ত্ৰ প্ৰদীপ; জলে প্ৰদীপের তলে প্ৰবালের দ্বীপ মধুর বৃদ্ধিম হাস্তে।
সে কি উপহাস?
কালের কবলশৃত্ত আজো দেহত্ট,
পেলো না কালের ছোঁয়া
—তাই এত হাসি ?

স্থভাষ মুখোপাধ্যায়

(5. 255:)

১৭৮. প্রস্তাব

প্রভু, যদি বলো, অমৃক রাজার সাথে লড়াই কোনো দ্বিরুক্তি করবো না ; নেবো তীর ধঙ্গুক। এমনি বেকার ; মৃত্যুকে ভয় করি থোড়াই ; দেহ না চললে, চলবে তোমার কড়া চাবুক।

হা-ঘরে আমরা ! মুক্ত আকাশ, ঘর, বাহির । হে প্রভু, তুমিই শেখালে, পৃথিবী মান্না কেবল— তাই তো আজকে নিমেছি মন্ত্র উপবাসীর ; ফলে নেই লোভ ; তোমার গোলায় তুলি ফসল।

হে সপ্তদাগর,—সিপাই, সান্ত্রী সব তোমার।
দয়া ক'রে শুধু মহামানবের বৃলি ছড়াও—
তারপরে, প্রভু, বিধির করুণা আছে অপার।
জনগণমতে বিধিনিষেধের বেড়ি পরাও।

অস্ত্র মেলেনি এতদিন ; তাই ভেঁজেছি তান। অভ্যাস ছিলো তীর-ধমুকের ছেলেবেলায়। শক্রপক্ষ যদি আচমকা ছোড়ে কামান— বলবো, বংস ! সভ্যতা যেন থাকে বজায়।

চোথ বুঁজে কোনো কোকিলের দিকে ফেরাবো কান।

১৭৯. বধু

গলির মোড়ে বেলা যে প'ড়ে এলো পুরোনো স্থর ফেরিওলার ডাকে, দূরে বেতার বিছার কোন মারা গ্যাসের আলো-জালা এ-দিনশেষে। কাছেই পথে জলের কলে, সথা কলদি কাঁথে চলছি মৃত্ চালে হঠাৎ গ্রাম হৃদয়ে দিলো হানা পড়লো মনে, খাসা জীবন সেথা।

শারা ছপুর দিঘির কালো জলে
গভীর বন ছ-ধারে ফেলে ছায়া
ছিপে সে-ছায়া মাথায় করো যদি
পেতেও পারো কাংলা মাছ, প্রিয়।
কিংবা দোহে উদার বাধা ঘাটে
অঙ্গে দেবো গেক্ষয়া বাস টেনে
দেশবে কেউ নথ, বা কেউ জটা
কানাকড়িও কুঁড়েয় যাবে ফেলে।

পাষাণ-কায়া, হায়রে, রাজধানী মাগুল বিনা খদেশে দাও ছেড়ে; তেজারতির মতন কিছু পুঁজি সঙ্গে দাও, পাবে দ্বিগুণ দিরে।

হভাৰ নুখোপাধ্যার

ভাদের পারে হেথাও চাঁদ ওঠে—

থারের ফাঁকে দেখতে পাই যেন

আসছে লাঠি উচিয়ে পেশোয়ারি

—ব্যাকৃল খিল সজোরে দিই তুলে।

ইহার মাঝে কখন প্রিয়তম
উধাও: লোকলোচন উকি মারে—
সবার মাঝে একলা ফিরি আমি
—লেকের কোলে মরণ ধেন ভালো
ব্রেছি কাঁদা হেথায় রুথা; তাই
কাছেই পথে জলের কলে, সথা
কলমি কাঁথে চলছি মৃত্ চালে
গলির মোড়ে বেলা যে প'ড়ে এলো।

১৮০. নিৰ্বাচনিক

কাস্তুন অথবা চৈত্রে বংতাদেরা দিক্ বদলাবে। কথোপকথনে মুগ্ধ হবে ছটি পার্শ্বর্তী সিঁড়ি,— "অবশুকর্ত্ব্য নীড়।" (মড়া কাটা ঘর,—স্থানাভাবে ?)

নগাথ্রে নক্ষত্রপল্লী ; ট'্যাকে টুকরো অর্ধদ্ধ বিভি। মাংসের তুর্ভিক্ষ নইলে ঋষি মনে হ'তো হাবেভাবে। বিক্লতমন্তিষ্ক চাঁদ উল্লাঙ্জ স্বপ্নে অশরীরী।

বিকালে মস্থ সূর্য মূর্ছা যাবে লেকে প্রত্যহ। মন্দভাগ্য বার্সিলোনা রেস্টোরাঁতে মন্দ লাগবে না। সাম্য অতি থাসা চিক্ত !— অমুচিত কিন্তু রাজদ্রোহ! 'জীবন বিস্থাদ লাগে!'— ইত্যাদিতে ইতওত .ননা। এবার আত্মাকে, বন্ধু, করা যাক প্রত্যাহার। (অহে। সম্প্রতি মাঘের দক্ষে চত্রভঙ্গ দক্ষিণের সেনা।

সদলে বসস্ত তাও পদত্যাগ-পত্ৰ পাঠাবে না ?)

১৮১ কিংবদন্তী

চলছিলো এতকাল বেসাতি
নিরাপদে বেশ এ-দাস দেশে।
আজকে চেউয়ের অলিগলিতে
যমদূত দেয় ডুবসাতার।
আদার ব্যাপারি, তাই বুঝি না
জাহাজের হালচাল কিছুই।
কেবল গ্রাম্য হাটবাজারে
ভেসে আংস কানে ক্ষীণ গুলব।

১৮২. একটি কৰিভার জগ্য

একটি কবিতা লেখা হবে। তার জন্যে
আ গুনের নীল শিখার মতন আকাশ
রাগে রী-রী করে, সমৃদ্রে ডানা ঝাড়ে
ছরস্ত ঝড়, মেঘের ধুন্র জটা
খুলে-খুলে পড়ে, বজের হাঁকডাকে
অরণ্যে সাড়া, শিকড়ে-শিকড়ে
পতনের ভয় মাথা খুঁড়ে মরে
বিহাং ফিরে তাকায়
সে-আলোয় সারা তন্নাট জুড়ে
রক্তের লাল দর্পনে মুখ দেশে
ভশ্মলোচন।
একটি কবিতা লেখা হয় তার জন্যে।

একটি কবিতা লেখা হবে। তার জন্মে
দেয়ালে-দেরালে এঁটে দের কারা
অনাগত একদিনের ফতোয়।
মৃত্যুভয়কে ফাঁসিতে লটকে দিয়ে
মিছিল এগোয়
আকাশ বাতাস মুখরিত গানে
গর্জনে তার
নখদর্পণে আঁকা
নতুন পৃথিবী, অজন্ম স্থুখ, দীমাহীন ভালোবাসা।
একটি কবিতা লেখা হয় তার জন্মে।

वीदबन्द हट्छाशाधाय

(5. 220)

১৮৩. মুখোস

কানাকে শরীরে নিয়ে যারা রাত জাগে, রাত্রির লেপের নিচে কানার শরীর নিয়ে করে যারা থেলা, পৃথিবীর সেই সব যুবক যুবতী রোজ ভোরবেলা ঘরে কিংবা রেস্তোরায় চা দিয়ে বিস্কৃতি থেতে-থেতে হঠাং আকাশে ভোঁতে তু-চারটি কল্পনার ঢেলা:

এবং হাজারে কয় রান ক'রে আউট হ'য়ে গেছে
ভূলে গিয়ে তারা হয় হঠাৎ অন্তুত।
যুবতীকে মনে হয়, হয়তো বা সেরে গেছে দকল অন্তথ,
যুবককে মনে হয়, কোনো-এক রহস্তের দূত
কার যেন শ্বতিমূখ পাঠায়েছে আমাদের মতো কোনো প্রণয়ীর কাছে;
হুলর কি কুৎসিত জানি না, তবু জানি মার্চেণ্টের মারে নেই এই সব খুঁত।

কান্নাকে সরিয়ে রেখে দৈনিক কাগজ খুঁজি তাই,

যুবককে ভূলে যাই, যুবতীকে দূরে-দূরে রাখি;
তারপর কোনোদিন যদি মনে হয়

দিনগুলি বাসি বড়ো, বিবর্ণ, একাকী,
প্রেমিক কি উঘাস্তর মতো এক সমস্তায় নিতান্তই মূর্থ হ'য়ে গেছে :
আমার কী আসে থায়, ভুড়ি মেরে এগজামিনে দিয়ে যাবো ফাঁকি!

অথবা কবিতা দিয়ে সমর্থন জানাবো তোমাকে, তে প্রেমিক, তে উদাস্ত, তোমাদের তঃগে আমি গ'লে হবো নদী!

হে দিন, থে কালরাত্তি, না-হয় আগলাবে। আমি তোমাদের চুর্দিনের গলি। তোমরা নির্বোধ হাতে স্থৃতিমুখ খুঁজে-খুঁজে প'ড়ে যাবে যথন অস্থুথে, তোমাদের তুঃপে আমি ম'রে যেতে রাজি আছি—কারো তুঃপে মরা যায় যদি

কী আশ্চয় ! সেই ছেলে আমার দশন শুনে তবু
আর্থক বিশ্বট ফেলে রেণ্টোর্যান্ট থেকে
চ'লে গেলো। সেই মেয়ে দিনেমার বিজ্ঞাপনে ভিড়ে
ডুবে গেলো, তারপর কী যেন বললো দদিনীকে।
ফনে হ'লো হেমিং ওয়ে মম্ নিয়ে ওদের বিবাদ
আজন্ম চলেছে যেন, বন্ধুজ্ঞা কোনোমতে আছে তবু টিকৈ !

হঠাং পড়লো চোথে কাগজের এডিটরিয়াল, আমেরিকা ভালো, চীন ভালো… ইুম্যান পাঠাবে অন্ন আমাদের কাল: জুদ্য জুড়ালো।

হে সুবক, হে যুবভী, পৃথিবীতে তোমাদের কতটুকু দাম ? কান্নাকে শরীরে নিয়ে কার ঘরে কয় কোঁটা দিয়ে গেলে আলো ?

মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়

(5, 533)

১৮৪. আমার ভালোবাসা

আমার দিনমান আপন মনে শুধু মনের পথ হাঁট।
আমার দারা রাত মনের তারাভরা আকাশে তারা গোনা
এমনই লোকে লোকারণ্য দংদার, আমি ছিলাম একা,
দরের কোণে ছিলো একটি মুগ দে-ই আমার ভালোবাদা।

মনের অন্দরে বন্দী পাণি ও যে থাকতো চোগে-চোথে নিজেকে ঠুকরিয়ে নিজেকে নিয়ে বড়ো ব্যস্ত—মুথে-মুণে গোপন জানাজানি আমাতে-ওতে শুধু, শুধু আমাতে-ওতে, ঘোমটাটানা মুথ ধরের কোণে সে-ই আমার ভালোবাসা।

স্থ বার-বার দিতেছে হানা : দিন দগ্ধ পথরেণা স্থদর ফেরি ক'রে ফিরেছে লোবে রাত উতল তারাহার। আকাশ ফিরে গেছে বাতাস হাহাকার হেঁকেছে এসো এসো ঘরের কোণে মুখ লৃকিয়ে তবু সে-ই আমার ভালোবাসা।

আজ কি হাহাকার হাজার হাতে তার ভেঙেছে থিল-—আদে প্রবল কলরব বক্তা বাঁধভাঙা বাহির দরে আসে হাসির হলকায় দমকা অভিমানে হাওয়ায় দিশাহার। োমটা থ'দে গেছে তুলেছে মুখ দে-ই আমার ভালোবাসা।

আ মরি ! আজ বৃঝি সারাটা সংসার মৃথেরই সমারোহ যেদিকে চাই মৃথ স্থিপ্প ধারাসান মৃপ্প দক্ষিণা যেদিকে যাই মৃথ শাস্ত নীলাকাশ মাটির শ্চামলিমা ঘোমটা-থসা মৃথ তুলেছে তার সে-ই আমার ভালোবাসা। আ মরি ! সেই মুখ কখন চাপা ঠোঁটে চণ্ড বৈশাখী
দীপ্ত বিত্যাৎচমক তুই চোখে—ঝড়ের নাগিনী সে
ফুঁসছে এলোচ্লে ক্রুদ্ধ কালো মেঘ হৃদয়ে তৃন্দৃভি
সারাটা সংসার একটি মুখ সে-ই আমার ভালোবাসা

অরুণকুমার সরকার

(জ. ১৯২২)

১৮৫. जन्मिषिदन

(শ্রীযুক্তা প্রতিভা বহুকে)

নিন্দুক নেই; স্বৰ্ণ আনিনি, এনেছি ভিক্ষালন ধান্য। ও-ত্টি চোথের তাংক্ষণিকের পাবো কি পরশ যংসামান্য ?

ত্বাশা আমার সীমাহীন বটে
তব্ও কী জানি দৈবে কী ঘটে।
দিধাবিজড়িত লজ্জাপীড়িত
এ-হৃদয় ঝাউবৃক্ষের পাতা,—
যার জানালায় তু-বাহু বাড়ায়
নেই দেই জন ঘরে অবশ্য।

এই তো সেদিন সারা প্রাস্তরে
সময়ের সোনা দূরবিস্থৃত।
তার রে, কথন কেটেছে সকাল,
ছপুর ছুঁয়েছে বিকেলের লাল;
তারার আলোতে ভেসে গেছে শ্রোতে
গানের প্রাণের হিজিবিজি থাতা।

অরণকুমার সরকার

আৰু মাঝরাতে নেই বিছানাতে যুমের মাঠের সবুত্ত শস্ত ।

মাথা পেতে তবে মেনে নিতে হবে
শাদা আরশির নিরেট ব্যঙ্গ ?
বে-কুস্তমগুলি মেথেছিলো ধূলি
তা-ও কি পাবে না তোমার সঙ্গ ?
স্মৃতি থেকে তাই এনেছি ছ-মুঠো
গন্ধমদির আমন ধান্ত ।
ও-তৃটি চোথের তাংক্ষণিকের
পাবো কি পরশ ষংসামান্ত ?

১৮৬. জার্নাল থেকে

বৃষ্টিভেজা বাড়ির মতো রহস্থসয় তোমার হাতে আছে আমার একটু সময়। কত দিনের কত রাতের ঝাপদা তুলির রঙে রেথায় আঁকা আমার একটু সময়।

নরেশ গুহ

(琢.) බ 28)

১৮৭. শাস্তিনিকেতনে চুটি

দূরে এদে ভয়ে থাকি : দে হয়তো এদে ব'দে আছে।
হয়তো পায়নি ডেকে, একা ঘরে জানালার কাচে
বৃষ্টির বর্ণনা শুনে ভূলে গেছে এটা কোন সাল।
ভূলে গেছে জীবনের দরিদ্র ধীবর আর জাল
জোড়া দিতে পারবে না। যদি দেয় তব্ ক্ষীণ হাতে
দেই ধৃর্ত মাছটাকে পারবে না ডাঙায় ওঠাতে।

পারলেও অভিজ্ঞান সে-অঙ্গুরী হয়তো বা ফিরে পাবে না কখনো তার শীতল পিচ্ছিল পেট চিরে। যদি পায় ? যদি তার এতকাল পরে মনে হয়
——দেরি হোক, যায়নি সময় ?

শান্তিনিকেতনে বৃষ্টি: ছুটি শেষ। তিজে আলতা-লাল
শূক্ত পথ। ডাকঘরে বিমৃথ কাউন্টর চুপ। কাল
হয়তো রোদ্ধর হবে, শুকোবে থোয়াই, তিজে ঘাস।
লোহার গরাদ-ঘেরা আমুকুঞ্জে কবিতার ক্রাশ
কাল থেকে ফের। ঘুনে ফোলা চোখ, ভাঙা-ভাঙা গলা
কবে সে মন্থর পায়ে পাতা-ঝরা ছাতিম তলায়
একা এসে ঘুরে গেছে ? ঘণ্টা শুনে হঠাং কথন
অকারণে দিন গেলো। ছায়াক্তর শান্তিনিকেতন।

কলকাতার ফিরে যদি--যদি আজ বিকেলের ডাকে তার কোনো চিঠি পাই ? যদি সে নিজেই এনে থাকে ?

১৮৮. রুমির ইচ্ছা

আমি যদি হই ফুল, হই ঝুঁটি-বুলবুল
মৌমাছি হই একরাশ,
তবে আমি উড়ে ধাই, বাড়ি ছেড়ে দ্বে যাই,
ছেড়ে যাই ধারাপাত, তুপুরের ভূগোলের কাশ।
তবে আমি টুপটুপ নীল হ্রদে দিই ডুব রোজ
পায় না আমার কেউ খোঁজ।
তবে আমি উড়ে-উড়ে ফুলেদের পাড়া যুরে

ভোজ:

মধু এনে দিই এক

হোক আমার এলোচুল, তবু আমি হই ফুল লাল ভ'রে দিই ডালিমের ডাল। ঘড়িতে হুপুর বাজে, বাবা ডুবে যান কাজে, তবু আর ফুরোয় না আমার সকাল।

১৮৯. মাঘ শেষ হ'য়ে আসে

মাঘ্শেষ হ'য়ে আসে,
ভোর হ'লো হিমে নীল রাত।
আলোর আকাশগঙ্গা ঢালে কত উন্ধার প্রপাত
আনত ওঠের তাপ বসন্তের প্রথম হাওয়ায়।
তবু ক্লান্তি চোগের চাওয়ায়।
দিন ভ'রে ওঠে স্বাদে, ভরে রাত,
তৃমি কাছে নাই।
বসন্তের জানালায় মাঘের রাতের শীত
একলা পোহাই।

নীরেন্দ্রনাথ চক্রবর্তী

(每. 528)

১৯০. সহোদরা

না, সে নয়। অক্স কেউ এসেছিলো। ঘুমো, তুই ঘুমো।
এখনও রয়েছে রাত্রি, রোদ্ধুরের চুমো
লাগেনি শিশিরে। ওরে বোকা,
আকাশে ফোটেনি আলো, দরজায় এখনো তার টোকা
পড়েনি। টগর-বেল-গন্ধরাজ-জুঁই
সবাই ঘুমিয়ে আছে, তুই
জাগিসনে আর। তোর বরণভালার মালাগাছি
দে আমাকে, আমি জেগে আছি।

না রে মেয়ে, না রে বোকা মেয়ে,
আমি ঘুমোবো না। আমি নির্জন পথের দিকে চেয়ে
এমন জেগেছি কত রাত,
এমন অনেক ব্যথা-আকাজ্জার দাঁত
ছি ড়ৈছে আমাকে। তুই ঘুমো দেখি, শাস্ত হ'য়ে ঘুমো।
শিশিরে লাগেনি তার চুমো,
বাতাদে ওঠেনি তার গান।

ওরে বোকা, এখনও রয়েছে রাত্রি, দরজায় পড়েনি তার টোকা।

রাম বস্থ

(इ. ३२२१)

১৯১ আমার সেই পাখি

ার সেই পাখি শাখায় দোল খায় ড়ে ডেউ এঠে পাথর ভেঙে ছোটে গ বেগ তার পাতালে মাথা কোটে ায় মাটি তারা হৃদয় ভেঙে যায় শাখায় সেই পাখি যথন দোল খায়।

যখন সেই পাথি শাথায় দোল থায়
সতীকে কোলে তুলে মৃগ্ধ শিব আমি
পলাশে পারিজাতে মাতাল বনভূমি
মেহর ত্রিনয়ন জটায় মেঘ ভাঙে
মন্ত বান ডাকে চড়ায় মরা গাঙে
পৃথিবী ভালোবাসা একটা দেহ পায়
স্বপ্নে বাস্তবে অন্তহীনতায়
আমার সেই পাথি যথন দোল থায়।

স্থকান্ত ভট্টাচার্য

(1256-7284)

১৯২. একটি মোরগের কাহিনী

একটি মোরগ হঠাৎ আশ্রয় পেয়ে গেলো বিরাট প্রাসাদের ছোট এক কোণে ভাঙা প্যাকিং বাক্সের গাদায়— আরো ত্-তিনটি মূরগির সঙ্গে।

আশ্রম যদিও মিললো,
উপযুক্ত আহার মিললো না।
স্থতীক্ষ চিৎকারে প্রতিবাদ জানিয়ে
গলা ফাটালো দেই মোরগ,
ভোর থেকে সদ্ধে পর্যন্ত—
তবুও সহাত্মভূতি জানালো না সেই বড়ো শক্ত ইমারত।
তারপর শুক্ত হ'লো তার আঁশ্ডাকুড়ে আনাগোনা।

আশ্চর্য ! সেখানে প্রতিদিন মিলতে লাগলো
ফেলে-দেওয়া ভাত-ফটির চমৎকার প্রচুর খাবার।
তারপর এক সময় আঁস্তাকুড়েও এলো অংশীদার
ময়লা ছেড়া স্থাকড়া পরা ছ-তিনটে মামুষ ;
কাজেই তুর্বলতর মোরগের খাবার গেলো বন্ধ হ'য়ে।

থাবার ! থাবার ! থানিকটা থাবার !

অসহায় মোরগ থাবারের সন্ধানে

বার-বার চেষ্টা করলো প্রাসাদে ঢুকতে,

প্রত্যেকবারেই তাড়া থেলো প্রচণ্ড।

ছোট্ট মোরগ ঘাড় উচু ক'রে স্বপ্ন দেথে—
প্রাসাদের ভেতর রাশি-রাশি থাবারের ।

তারপর সত্যিই সে একদিন প্রাসাদে ঢুকতে পেলো, একেবারে সোজা চ'লে এলো ধপধপে শাদা দামি কাপড়ে ঢাকা থাবার টেবিলে, অবশ্য থাবার থেতে নয় থাবার হিসেবে।

১৯৩. ছে মহাজীবন

হে মহাজীবন, আর এ কাব্য নয়
এবার কঠিন কঠোর গত আনো,
পদ-লালিত্য-ঝংকার মূছে যাক
গতের কড়া হাতুড়িতে আজ হানো।
প্রয়োজন নেই কবিতার স্লিগ্ধতা—
কবিতা, তোমায় দিলাম আজকে ছুটি,
কুধার রাজ্যে পৃথিবী গতময়:
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো কটি।

১৯৪. কবিভার খসড়া

আকাশে-আকাশে ধ্রুবতারায়
কারা বিদ্রোহে পথ মাড়ায়
ভরে দিগন্ত ক্রুত সাড়ায়, জানে না কেউ।
উত্তমহীন মূঢ় কারায়
পুরোনো বুলির মাছি তাড়ায়
যারা, ভারা নিয়ে ফেরে পাড়ায়, শ্বুতির ফেউ।

লোকনাথ ভট্টাচার্য

(জ. ১৯২৭)

১৯৫. প্রস্তুতি

আকাশে-আকাশে সাজ, রঙিন প্রস্তৃতি: স্থান্তের মেঘ বলে, তোমাকে পাইনি ভাই গায়ে মেথে ধন্ত হই, অভাবের চেতনার সেই মহাচ্যতি। তোমাকে পাইনি তাই আমি গেয়ে উঠি, যেখানে অরণ্যপথ, রাত্রি স্নেহকান্তিহীন মায়ের সতিন : দেখি কি দেখি না তারা ঘনপত্রবনে— ভয় বাজে হৃদয়ের গভীর গুহায় গন্তীর কম্পনে। তোমাকে পাইনি তাই নিবিড় নিশীথে প্রণয়পয়োধিজলে কার অঙ্গ-স্করভিতে পদ্ম জাগে চিতে: মদালস আঁথি চায়, শৃত্য ছায় কাম, স্ষ্টির আনন্দে ওঠে তরঙ্গ উদ্দায়— 'তোমাকে পাইনি' এই নাম।

অরবিন্দ গুহ

(জ. ১৯২৮)

১৯৬. गूना

যৎসামান্ত সম্বল ছিলো
তা-ও তো উড়ালি থেলায়,
নিজেকে নিয়েই ভাসলি নিজের ভেলায়;
সে-ভেলা সইতে পারলো না তোর হৃংথের ভার,
দিঘি-পাহারায় সে-রাত্রে ছিলো যে-চৌকিদার,

দে-ও পারলো না, নাকি চাইলো না উঠিয়ে আনতে তোকে জল থেকে ডাঙার প্রাস্তে।

ঘটনা হিসেবে আত্মহত্যা অতীব মৃখ্য।
পরলোক ব'লে যদি কিছু থাকে
তুই যা হারালি পাবি না তো তাকে—
আর কার, বল, তোর হুংগের তুলা হুংখ।

সে-তৃঃথ কেউ মনে রাথলো না, সবাই ভুললো ;
বৃদ্ধি-বিচার-বিবেচনাহীন
লোকে বলে তোকে শুনি নিশিদিন—
কিন্তু কী ক'রে ভুলি তোর ভালোবাসার মূল্য।

প্রথম পংক্তির সূচী

অতাম্রণা, খুমোলান জ্ঞান	274
অদ্তুত আঁধার এক এসেচে এ পৃথিনীতে আন্ধ	৮৩
অনেক দিনের ভাঙা কোঠাবাড়ি	786
অম্বকার মণ্যদিনে বৃষ্টি ঝরে মনের মাটিতে	>00
অন্ধকারে নাহি মেলে দিশা	৮৯
আকাশে-আকাশে গ্রুবতারায়	२७०
আকাশে-আকাশে সাজ, রঙিন প্রস্তুতি	२७১
আজি এ-নিমেশ্থানি উতরিল এসে চুপে চূপে	৫ ৮
আবার আকাশে অন্ধকার ঘন হ'য়ে উঠছে	92
আবার জাগিন্থ আমি	৬
আমারই চেতনার রঙে পান্না হ'লো সবুজ	२¢
আমার কথা কি শুনতে পাও না ভূমি	৮৭
আমার দিনমান আপন মনে	२৫७
আমার দেই পাথি শাথায় দোল খায়	200
আমার হৃদয়দারে এসেছিলো যারা	262
আমরা হজনা ত্ই কাননের পাখি	780
আমাদের পরিবর্তনের	592
আমাদের স্তিমিত চোথের সামনে	২ ২৪
আমারে ফুটিতে হ'ল বসস্তের অস্তিম নিশ্বাদে	8 •
আমি অন্তঃপুরের মেয়ে	22
আমি কবি যত কামারের আর কাঁসারির আর ছুতোরের	202
আমি তো ছিলাম ঘূমে	200
আমি যদি হই ফুল, হই ঝুঁটি-বুলবুল	२৫७
আমি যেন বলি আর তুমি যেন শোনো	>>8
আর কেহ বুঝিবে না ; তোমাতে আমাতে	> <
খায় চ'লে এই জামতলায়	১৬১
আহা পিঁপড়ে, ছোটো পিঁপড়ে	>>

উজ্জ্বল এক ঝাঁক পায়রা	577
এই গাঁয়েতে একটি মেয়ে চ্লগুলি তার কালো কালো	257
এই বজ্রদগ্ধ গাছের শিরা বেয়ে	२७३
এক এক সময় অন্তভ্ব করি	38৮
এক ঝলক সোনালি রোদ	225
একটি কবিতা লেগা হবে। তার জন্মে	२ ०
একটি মোরগ হঠাৎ আশ্রয় পেয়ে গেলো	ج»۶
একদিন শ্লান হেগে আমি	৮২
একবার মনে হয়, দূরে—বহু দূরে—শাল, তাল	>6.9
এক-যে ছিলো গাছ	203
এখনও বৃষ্টির দিনে মনে পড়ে তাকে	৯৬
এখানে নামল সন্ধ্যা	>
এতদিন ধ'রে অঞ্চল ভ'রে যত গোধূলির আলো	২৩০
এপারে মৃত্যু ওপারে অন্ধকার	220
এসো, ভূলে যাও তোমার সব ভাবনা	১৭২
কচি লেবুপাতার মতো নরম সবুজ আলোয়	92
কঠিন মাটির মায়া কঙ্কাল-মুঠিতে	२১१
কত বৃষ্টি হ'য়ে গেছে	<i>; ৩</i> ০
কতদিন চেয়ে দেখি	>89
কলস্ক-কন্ধণ ভাঙো! ও কেবল ভূষণ তোমার	>60
কালাকে শরীরে নিয়ে যারা রাত জাগে	202
কিছুই সহজ নয়, কিছুই সহজ নয় আর	299
কিন্ত গোয়ালার গলি	ь
কী তবে আমার কাজ: অবিরল উত্থানপতনে	২৩৮
কী ভালো আমার লাগলো আজ এই সকালবেলায়	১৬৬
কেঁদেও পাবে না তাকে বর্ষার অজস্র জলগারে	222
কোন সংগোপন থেকে এলো	363
কোথায় একটি ছোটো পতঙ্গ বাসা বাঁধছে	\$8\$
কোপায় পিয়েছে মেই দিন। জার শ্রাক্তি	2 0 8

গ∤ৰ্যা রোদ, নিস্ত দ ত্পু র	ऽ ∘ १
গলির মোড়ে বেলা যে প'ড়ে এলো	> 3 6
গেল গুঞ্চরণ কামার	220
ওর মন্বর মেদের সঙ্গে লঘু চঞ্ল মে ঘের	১৪২
গড়ির গুইটি ছে⊧টে। কালো হাত ধীরে	৮৩
খুমে চোথ চায় না জড়াতে—বদস্তের রাতে	طيا.
ঘুমের ঘন গৃহন হ'তে যেমন আদে স্বপ্ন	ھ ج
চলছিলো এতকাল বেদাতি	≥ ₡ ०
চাই, চাই, আজো চাই তোমারে কেবলি	68
চোরাবাজারে দিনের পর দিন ঘুরি	२२७
ছিপথান তিন-দাড়— তিনজন মালা	৩৭
ছিটকিনি নড়ে উপরের জানালায়	ろっぴ
ছিলে। একদিন কস্তরীমূগ কৈশোরকের চিত্তে	२०७
< নেমুক্তে নেমেছে জোয়ার	226
জীবস্ত ফুলের দ্রাণে	\$25
জেনেছি ব্যর্থ ফুল-ফোটাবার গান	550
ঠাশ ঠাশ ক্রম ভ্রাম, শুনে লাগে থটকা	89
তার বদলে পেলে	>>8
তারই 'পরে তব কোপ গো বন্ধু	89
তালিকা প্রস্তুত	> 9
তিন দিন তিন রাত্রি রৃষ্টির পর	<i>২৩</i> ৩
তিৰ্থক দবি, পৃথিবী মান্ত্য	> @ 2
তুমি আমার মনের কথা জেনে ফেলেছো	>>@
তুমি কি আদবে আমাদের মধ্যবিত্ত রক্তে	258
তুমি যেখানেই যাও	२२७
তেলের শিশি ভাঙল ব'লে	788
তোমায় বলেছি পলাতক	>80
তোমার ক্লাস্ত উরুতে একদিন এসেছিলো	२२१

তোমার পোস্টকার্ড এলো	১৮৭
তোমারে বাদিয়া ভালো পূর্ণ আমি আঙ্গ	>00
তোরা সব জয়ধ্বনি কর	69
দিন মোর কর্মের প্রহারে পাংশু	১৬৮
দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে	२०२
তুর্গম গিরি, কান্তার, মক	৬৫
ত্রস্ত বায়ু প্রবইয়া	৬৬
দ্রে এসে ভয়ে থাকি : সে হয়তো এসে ব'সে আছে	२৫৫
দেখ তমস্বিনী মেলেছে চোখ	₹8€
দেখলাম ত্-চক্ষ্ ভ'রে, হে প্রভূ ঈশ্বরমহাশয়	229
দেখ সথি আঁথারের পানে	৩১
নানা মাহ্ব জ্মে, জ্যায় নানান কথার বেসাতি	२8०
না, দে নয়। অন্ত কেউ এদেছিলো	ર્ ૯ ૧
নির্জন প্রান্তরে ঘূরে হঠাৎ কখন	306
নিঃশত্ব, নিঃশব্দপদে একদিন এসেছিলে কাছে	254
নিঃসন্ধ সন্ধ্যার তারা	<i>५२७</i>
নীলনদীভট থেকে শিন্ধু উপত্যকা	200
নীলাঞ্জনছায় <u>া</u>	२৮
নেব্রঙা শাটপরা একটি মান্ন্য এসেছিলো	779
পউষের ঝরাপাতা গান শুনি	२२०
পদধ্বনি ! কার পদধ্বনি	५७५
পরে পরে নয়, একসঙ্গে	>>%
পশ্চিম দিগস্ত আমি জলস্ত রবির	256
পাশের ঘরে একটি মেয়ে ছেলে-ভূলানোর ছড়া গাইছে	૨૨ ૨
পিঙ্গল বিহ্বল ব্যথিত নভতল	82
প্যাচ কিছু জানা আছে কৃন্তির	>64
প্রকাণ্ড বন প্রকাণ্ড গাছ	>>6
প্রতিরাত্তে আমি হংসপদিকার গান শুনি	789
প্রথম দিনের সূর্য	•

প্রথম যথন দেখা হয়েছিলো কয়েছিলে মূত্ভাষে	254
প্রভূ, তোমার মাথায় পড়ে	۶۶۶
প্রভু, যদি বলো অমৃক রাজার সাথে লড়াই	289
পৃথিবীর শেষ সীমা যেইখানে, চারিদিকে খালি আকাশ কাঁকা	> <i>e</i> 8
ফান্তন অথবা চৈত্রে বাতাদেরা দিক বদলাবে	485
বধ্রে আমার দেখিনি এখনো শুনেছি তার	৫৬
বর্তমানে মুক্তকচ্ছ, ভবিশ্বং হোঁচটে ভরা	२२१
বর্ষাবিষ্ণ বেলা কাটালাম উন্মন আবেশে	26
বর্ষার দিনে গঙ্গার ভটরেথায় রেথায়	389
বর্গায় ব্যাদ্ধের ফুর্তি	১৬৭
'বরং নিজেই ভূমি লেখো নাকো একটি কবিতা'	90
বড়ো স্থন্দর এই পৃথিবী	589
বয়স হয়েছে ঢের, পেনসনই তে৷ পঁচিশ বছর	२०১
বার বার তিনবার	48
বাসনগুলো এক সময়ে জলতরক্ষের মতো	२०१
বাসনার বক্ষোমাঝে কেঁদে মরে ক্ষ্ণিত যৌবন	<i>১७</i> २
বিকেল-সূর্যের মূথে ঠিক যেন ভোরে-পাওয়া মন	२०७
বিদঘুটে রাত্তিরে ঘুটঘুটে ফাঁকা	88
বুকে প্রাণটা এমনিই রইলো	>>
বেয়নেট হোক যত গারালো	२७৮
বৃথাই জপিয়েছি তোমারে, মন	390
বৃষ্টি এলো, আবার বৃষ্টি	393
বৃষ্টিভেন্ধা বাড়ির মতো রহস্তময়	२৫৫
ভগবান, তুমি যুগে ঘূতে	৬
ভাঙলো ধর্থন তুপুরবেলার ঘুম	२०३
ভূটিয়া যুবতী চলে পথ	૭ ૯
'ভূলিবো না'—এত বড়ো স্পর্ধিত শপথে	১৬৯
ভূলে-যাওয়া গন্ধের মতো	રરર
মধাদিনে যবে গান	২ ৭

মনে ছিলো মানচিত্র	२ 8२
মনে থাকবে না	२०७
মনে পড়ছে সেই তুপুরবেলাটি	ર
মনে হয় যেন ছুটি পেয়েছি	786
মরকত-নীল আমি সমুদ্রের মতো	२०१
মশায়! দেশান্তরী করলে আমায়	:80
মাঘ শেষ হ'য়ে আসে, ভোর হ'লো হিমে নীল রাত	209
মাঝে-মাঝে সন্ধানি জলম্বোতে	228
মালতী, ভোমার মন	200
মৃণস্থে প্রথম কভূ হইনি কেলাসে	૭ર
মেঘ-ম্লুকে ঝাপদা রাতে	৪৬
মেলাবেন তিনি ঝোড়ো হাওয়া আর পোড়ো বাড়িটার	208
মোর ঘুমঘোরে এলে মনোহর	. 19 9
মৃত্যুরে দেখেছি আনি খাপদের রূপে	२८७
যখন কেবলি মানসকামনা	২৪৩
यिन এই श्रनस्त्रत तक्ष्टिक् निस्त्र क्लात्नानिन	2
ষৎসামাত্য সম্বল ছিলো তা-ও তো উড়ালি থেলায়	5.97
ষায় মহাকাল মূর্ছা যায়	৬২
যেখানে রূপালি ঢেউয়ে তুলিছে ময়্রপঙ্খী নাও	> 68
যেই সব শেয়ালেরা জন্ম জন্ম শিকারের তরে	60
ষে-বাণীবিহঙ্গে আমি আনন্দে করেছি অভ্যৰ্থনা	১৬৯
যে-স্বপ্ন হরণ তুমি করিবারে চাও, স্বপ্নহর	62
যে-শান্তি গৃহের কো ণে	>৫৩
বজনীগন্ধার আড়ালে কী যেন কাঁপে	२२১
রহুক আমার কাব্যে	285
রাঙা সন্ধ্যার ন্তন্ধ আকাশ	768
রাত কত হ'লো	2%
রাত্রিকে কোনোদিন মনে হ'তো সমুস্ত্রের মতো	२०৫
রাত্রিতে ক্ষেগে ওঠে যে-দাগর	२०৫

রামগরুড়ের ছানা, হাসতে তাদের মানা	80	
রপনারানের কৃলে জেগে উঠিলাম	زه	
রে অচেনা, মোর মৃষ্টি ছাড়াবি কী ক'রে	8	
শীত, গ্রীশ্ব, বদস্ত, বর্ধার দিন, আমি এতদিনে	760	
শুধু তা-ই পবিত্র, যা ব্যক্তিগত	396	
শুনেছ কি ব'লে গেল শীতানাথ বন্দ্যো	80	
শুনিস্ নিদার ঘোরে অযোগার নাম	>60	
শুয়েছে ভোরের রোদ ধানের উপরে মাথা পেতে	90	
শৃত্যমাঠে তক দিন	252	
শোনা গেল লাসকাটা ঘরে	99	
শ্রান্ত বরষা, অবেলার অবসরে	be	
সমূথে প্রাচীরে ফাটলের বৃকে আঁকা	22¢	
সমূত্ৰ শেষ হ'লো	254	
শারাদিন একটা বিড়ালের দঙ্গে	98	
দারা তৃপুর ব'দে ছিলুম বকুল গাছের তলায়	२ऽ२	
সারাদিন ভর পদে পদে ব্যর্থতা	285	
সাক্ষাৎ সন্ধান এই পেয়েছো কি ৩টে ২৫-শে	>>9	
শি ন্দুক নেই ; স্বৰ্ণ আনিনি	₹€8	
স্থরজনা, এপানে যেয়ো নাকো তুমি	৭৬	
দেদিন ছুলনে ছুলেভিজু বনে	२२	
<u>সোনা বানাই</u>	704	
সোনালি আপেল, তুমি কেন আছে৷	292	
সোনালিয়া, প্রায় সবই তো শুনলে	80	
স্তব্ধরাতে একদিন	2	
স্বপ্ন আমার কবিতা	797	
হাইড্যান্ট খুলে দিয়ে কুষ্ঠরোগী চেটে নেয় জল	۶2	
হাওয়াই দ্বীপে যাইনি	202	
হাজার বছর ধ'রে আমি পথ হাঁটিতেছি	98	
হায়, চিল, সোনালি ডানার চিল	98	

হিংস্র পশুর মতো অন্ধকার এলো	२२७
হে পদ্মা, ভোমার	\$58
হে বিধাতা	३ २
হে মহাজীবন, আর এ কাব্য নয়	२७०
হে রাজকুমার! উজ্জল থর নভে	25¢
হে রাজপুত্র, তোমার ঘোড়ার পায়ের নিচে	202
হে ললিতা, ফেরা ও নয়ন	২৩৭